(ইমাম মাহদীর দোস্ত-দুশমন)
দেশ বড় না দীন বড়?
মাও. আছেম ওমর
United Nations
ভাষান্তর
ছানা উল্লাহ সিরাজী

(ইমাম মাহদীর দোস্ত-দুশমন)

দীন বড় না দেশ বড়?

মাওলানা আছেম ওমর

কোথায় কী?

তুহফা

ইমামে ওয়াক্ত
গাজী আব্দুর রশীদ শহীদ রহ.
ও
(লাল মসজিদের)
সেসব আত্মসম্মান বোধসম্পন্ন ছাত্রীর নামে
যারা
পুরুষদের পক্ষ থেকে কুরবানী দিয়ে
দীনি স্বকীয়তার মান রেখেছে
এবং
হকপন্থীদের ইতিহাসকে
লজ্জিত হওয়ার হাত থেকে
বাঁচিয়েছে।

-মাও. আছেম ওমর

অনুবাদকের কলম

দিন বদলের মিছিলের সাথে ক্রমেই বাড়ছে আযাদীপ্রিয় জাতির মশালবাহীদের ভীড়। যামানার বুক চিড়ে বিশ্বের খিত্তায় খিত্তায় জেগে উঠছে শতবছর ধরে নির্যাতিত মুসলমানদের জিহাদী স্পৃহা। মজলুম জাতির নওজোয়ানেরা খুঁজে ফিরছে নিজেদের হারানো ঐতিহ্য। দুনিয়া জুড়ে বাতিলের সামনে সীনা টান করে দাঁড়াচ্ছে মুহাম্মদী সিংহ শাবকেরা। ইসলামী বিশ্বে বয়ে যাচ্ছে বিপ্লবের ঝড়ো সমীরণ। গরম হচ্ছে জিহাদের ময়দান। নওজোয়ানেরা সেজেগুজে দৌড়ে যাচ্ছে হুরদের দিকে। মায়েরা জোয়ান ছেলেদেরকে কুরবানী দিচ্ছে আল্লাহর নামে। লেখা হচ্ছে বাহাদূরী আর বীরত্বের নতুন ইতিহাস। দিক-দিগন্ত থেকে পঙ্গপালের মতো বদলা নিতে ছুটে চলছে জিহাদের স্বর্গরাজ্য আফগান, সিরিয়া আর ইরাকসহ মজলুম খিত্তাগুলোতে।

কিন্তু আমরা বাংলা ও হিন্দুস্তানের মুসলিম জাতি দাজ্জালী গণতন্ত্রের নেকাব লাগানো দুনিয়ার সেরা ধোকাবাজদের সামনে দণ্ডায়মান। গোলামীর শৃঙ্খল আর পৈতা ওয়ালা ব্রাক্ষনদের প্রতারণা আমাদের স্মরণশক্তির উপর বিছিয়ে দিয়েছে অচেতনতার চাদর। দিল্লির জামে মসজিদ, লাল কেল্লা, কুতুব মিনার আর সোমনাথ মন্দীরের ইতিহাসও আজ আমাদের ঐতিহ্য মনে করাতে পারছে না। বাবরী মসজিদ, গুজরাট আর শাপলা চত্তরের রক্ত আমাদের বুকে শেল হয়ে বিঁধছে না। যে জাতির নারীদেরকে আমরা ইযযত দিয়েছি, সেই জাতি আজ ভরা বাজারে আমাদের ইযযতের নিলাম করে ফিরছে। অথচ আমরা দুই সেজদা আর গরু কুরবানীর অনুমতির জন্য কেঁদে মরেও ধর্মীয় স্বাধীনতা ভোগ করছি বলেই তৃপ্তির ঢেকুর তুলছি। ভুলে গেছি দারুল হারব আর দারুল ইসলামের মাসআলা। অথচ শাহ আব্দুল আযীয মুহাদ্দেসে দেহলভী রহ. হিন্দুস্তানকে সেই সময় দারুল হারব ফতোয়া দিয়েছিলেন, যখন দিল্লির মসনদে মুসলিম বসা ছিলো। আদালতের আইন কানুন কাজীদের হাতেই ছিলো। বাহ্যিক দৃষ্টিতে সব ধরণের ধর্মীয় স্বাধীনতা ছিলো। দুই ঈদ, জুমা এবং আযানের ব্যাপারেও কোনো আপত্তি ছিলো না। সেদিন তাঁর ডাকে সাড়া দিয়ে সায়্যিদ আহমদ

শহীদ রহ., শাহ ইসমাঈল শহীদ রহ. এবং মাও. আব্দুল হাই রহ.সহ সকল খোদাপ্রেমিকরা ছুটে গিয়েছিলেন বালাকোটের প্রান্তরে। বিশ্ববাসী দেখেছে, চাটাইয়ের উপর উপবিষ্ট জীর্ণশীর্ণ দেহ আর সম্বলহীন মোল্লা মৌলভীরা তোপ-কামান উঠিয়েছেন। নিজেদের ইলমের মান রাখতে ঘর-বাড়ী, বিবি-বাচ্চা, বড় বড় দীনি মজলিস সবকিছুকে আল বিদা বলে দিয়েছেন। কুরআন ও হাদীসের দরস ছেড়ে কুরআন ও হাদীসের বিধি-বিধান হেফাজত করতে দাঁড়িয়ে গেছেন। ভুলে গেছেন কে শায়খুল হাদীস, কে শায়খুত তাফসীর, কে কুতুব আর কে আবদাল? নির্বিশেষে সকলেই আল্লাহ তা'আলার মানশা পূর্ণ করতে ধূলি মলিন হয়েছেন। কাদায় লুটোপুটো খেয়েছেন। শুকনো বাসি রুটির উপর দিন কাটিয়েছেন। ক্ষুদা সহ্য করেছেন। ভর্ৎসনাকারীদের ভর্ৎসনা সহ্য করেছেন। কুরআন হাদীস থেকে 'হেকমতে আমলী' আর 'মাসলাহাতপছন্দী'র সবকদাতাদের জবাব দিয়েছেন। গাদ্দারী, অকৃতজ্ঞতা আর ঘর-বাড়ীর বিচ্ছেদ সহ্য করে অবশেষে এই মহান ব্যক্তিদের কাফেলা বালাকোটের ময়দানে নিজের শেষ সম্বল জানটুকুও রব্বে কায়েনাতের সন্তুষ্টির জন্য কুরবানী দিয়েছেন। আজ আমরা দীনের খেদমত আঞ্জাম দেয়ার বাহানা করছি। অথচ ইসলামের শেয়ারগুলো (ধর্মীয় নিদর্শন) হেফাজত করা-ই দীনের সবচেয়ে বড় খেদমত। তার জন্য নিজের ঘর, নিজের মাদরাসা এমনকি নিজের মাতৃভূমিও ছাড়তে হলেও।

বিবেককে প্রশ্ন করুন, শাহ আব্দুল আযীয মুহাদ্দেসে দেহলভী রহ. এর মতো মুহাদ্দিসের কি এতটুকু অনুভূতি ছিলো না, ইংরেজদের বিরুদ্ধে তাঁর ফতোয়া কতটুকু মসিবত বয়ে আনবে? তাঁর কি জানা ছিলো না, এই পদক্ষেপে হিন্দুস্থানের মাদরাসাগুলোর প্রত্যেকটা ইট ইংরেজরা খুলে নিবে? কিন্তু তারপরও কোন ব্যাথায় দিল্লিতে দীনের মহা খেদমত আঞ্জামদাতা মাদরাসাগুলোকে দুশমনের তোপের নীচে রাখলেন? উম্মতের হীরাগুলোকে একত্রিত করে কেনো শহীদ করালেন? আমার মতো স্বল্পজ্ঞানী লোক যখন আকাবেরের ইতিহাস অধ্যয়ন করি এবং বর্তমানের অবস্থা পর্যবেক্ষন করি, তখন অন্তর সামনে সফরের পরিবর্তে অতীতের দিকে ছুটে যেতে চায়। আজ নিজেদেরকে কাসেম নানুতবী আর মাহমুদ গজনবী রহ. এর

মাপকাঠিতে পরখ করার সময় এসেছে। মুহাম্মদী কষ্টি পাথরে যাচায় করতে হবে, আমাদের এবং সলফে সালেহীনদের পথ ও কর্মপদ্ধতীতে কতটা দূরত্ব সৃষ্টি হয়েছে? এই পার্থক্য কেবলই শাখাগত? নাকি বুনিয়াদী ভাবেই দূরে সরে গেছি? কেবল কর্মপদ্ধতীতেই মতানৈক্য, নাকি উদ্দেশ্য মিশন সবই উলট পালট হয়ে গেছে? উদ্দেশ্য এবং মিশন বাস্তবায়নের জন্য নিজেদেরকে কুরবানী করছি, নাকি নিজেদের জন্য উদ্দেশ্য এবং মিশন কুরবানী করা হচ্ছে? নিজেকে বিলিয়ে দেয়ার আগ্রহ বাকী আছে, নাকি বেঁচে যাওয়ার তামান্না দীলে বাসা করে নিয়েছে? বালাকোটের প্রেরণা আর শামেলীর স্পৃহা দীলকে উত্তপ্ত করে, নাকি লণ্ডন ওয়াশিংটনের নিমন্ত্রণ দীনের খেদমতের নতুন তাকাযা শিখিয়ে দিয়েছে? অন্যায়ের বিরুদ্ধে বিদ্রোহী মনোভাবের পরিবর্তে মাসলাহাত আর কল্যাণ তো জায়গা করে নেয়নি?

বাংলা ও হিন্দুস্তানী মুসলিম ভাইদেরকে একটা প্রশ্ন করতে মন চাচ্ছে, প্রত্যেক মুসলমানের মতো আপনিও কি ইমাম মাহদীর অপেক্ষায় আছেন? যদি ইমাম মাহদী এসে পড়ে, তাহলে আপনি কী করবেন? দেশের সঙ্গ দিবেন, নাকি ইসলামের সঙ্গ দিবেন? ইমাম মাহদীর সাথে মিলে বাংলা ও ভারতী সেনাবাহিনীর মুকাবেলা করবেন, নাকি হেকমত আর মাসলাহাত সামনে নিয়ে ফায়সালা করবেন? ইমাম মাহদীর সাথে মিলেই যদি জিহাদ করেন, তাহলে সেই জিহাদের হুকুম এখনও আছে। বাংলা ও হিন্দুস্তানের মুসলমানদের জন্য নিজেদের আগামী প্রজন্মকে মুসলমান করে রাখার জন্য হিন্দুদের থেকে স্বাধীনতা অর্জন করতেই হবে। অন্যথায় ধীরে ধীরে হিন্দুদের বিষ শিরায় শিরায় রক্ত হয়ে দৌড়তে থাকবে। আপনি নিজের মুখে যতই দাবী করতে থাকুন যে, বাংলা ও হিন্দুস্তানে আপনার সব রকমের ধর্মীয় স্বাধীনতা আছে, আপনাকে সমান অধিকার দেয়া হয়েছে, কিন্তু হিন্দুস্তানের বাহিরে আপনার অপদস্ততা দেখে গোটা বিশ্ব আফসোস করছে। আপনার অধঃপতনের উপর ছাঁপা রিপোর্টগুলো পড়ে তো এমন মনে হয় যে, আপনাকে শূদ্র খাসী বানিয়ে দেয়া হয়েছে। সময় খুবই সংক্ষিপ্ত। আসুন অতীতকেই ফিরিয়ে আনি। আলোচনা-পর্যালোচনা রাখুন। শাহ আব্দুল আযীয রহ. যেসব কারণে এই উপমহাদেশকে দারুল হারব

ঘোষণা করেছিলেন, সেগুলো অধ্যয়ন করুন। বাংলা ও হিন্দুস্তানের মুসলমানদের উপর জুলুম নির্যাতনের চিত্র দেখুন। জেগে উঠুন, জাগিয়ে তুলুন। বিশ্ব কাঁপানোর মিছিলে শরীক হয়ে যান। মজলুম হওয়ার দিন শেষ। এবার বদলা নেবার পালা।.....

মাওলানা আছেম উমর সাহেবের বাচনভঙ্গির এই সাবলীল ধারা বজায় রাখতে আমি আপ্রাণ চেষ্টা করেছি গোটা গ্রন্থের পাতায় পাতায়। কিন্তু যোগ্যতার দৈন্যতা বরাবরই বাঁধা হয়ে দাঁড়িয়েছে সামনে। তবুও জখমী দীলের তড়পানো প্রয়াস যদি কোনো একটা হৃদয়কে কালো পতাকার মিছিলে শামিল করতে পারে, সেটাই হবে চরম ও পরম পাওয়া। মাওলানা আছেম উমর সাহেবের প্রতি শুকরিয়া জ্ঞাপন করি, তার হৃদয় নিংড়ানো আবেগ আর চেতনায়ে তাওহীদের ভিত্তিতে উম্মতে মুহাম্মদীকে জাগরণী লেখা উপহার দেয়ার জন্য। কৃতজ্ঞতা জ্ঞাপন করি আমার প্রিয় এবং শ্রদ্ধাভাজন উস্তাদ, মুফতী মোহাম্মাদ মোসাদ্দেক সাহেব দা.বা. এর প্রতি, যার প্রেরণা আর ঘুমিয়ে যাওয়া বিবেককে বারবার জাগ্রত করার ফলে গ্রন্থটি আপনাদের হাতে।

অবশেষে সবার কাছে দু'আ চাই রব্বে কায়েনাত যেনো এই অধমকে জিহাদ ফী সাবিলিল্লাহ'র জন্য কবুল করেন। দুনিয়া জুড়ে লাড়াইরত মুজাহিদীনকে বিজয় দান করেন। মুসলিম জাতির ঐক্য আর ঐতিহ্য ফিরিয়ে দেন। সেই সাথে শাপলা চত্ত্বরের শহীদদের স্মরণে এই ক্ষুদ্র নজরানাকেও কবুল করেন। আমীন।

-ছানা উল্লাহ সিরাজী

ভূমিকা

সমস্ত প্রশংসা আল্লাহ তা'আলার। যিনি তার বান্দার উপর কিতাব নাযিল করেছেন এবং তাতে কোনো বক্রতা রাখেননি। দরুদ ও সালাম বর্ষিত হোক নাবিয়্যুনা, হাবিবুনা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর।

এক হিন্দুস্তানি মুসলমানের সাথে দীর্ঘ কথোপকথনের পর এ বিষয়ে লেখার আগ্রহ জাগলো। কথোপকথনের বিষয়বস্তুটা ছিলো, 'বার্মোডা ট্রায়েঙ্গেল এবং দাজ্জাল' নামক পুস্তকে লিখিত হিন্দুস্তানের ব্যাপারে কিছু কথা। সেই পুস্তকে লিখাছিলো, কোন পাকিস্তানি ভারতে গেলে ফিরে এসে ভারতের প্রশংসায় পঞ্চমুখ হয়ে যায়, অথচ কয়েকদিনের সংক্ষিপ্ত সময়ে হিন্দুয়ানী মন-মানসিকতার কিছুই সে বুঝতে পারে না। সেই পুস্তকে গযওয়ায়ে হিন্দ এবং ভারত জয়ের ব্যাপারে লিখিত কথাগুলোও তার পছন্দ হয়নি। মূলত তার অসন্তুষ্টির কারণ ছিলো দেশপ্রেম। তাই আমি তাকে 'দেশপ্রেম এবং ইসলাম' এই বিষয়ের ব্যাপারে ইসলামের দৃষ্টিভঙ্গি বুঝাতে চেষ্টা করলাম। কিন্তু বাস্তবতা হলো এ বিষয়ের প্রাথমিক ধারণাও তার ছিলো না। যার ফলে সে আমার কথাগুলো বুঝলো না। তাই আমি তাকে প্রাথমিক ভাবে এই কথা বুঝাতে চেষ্টা করলাম যে, ইসলামে মহব্বত-ঘৃণা এবং দোস্তি-দুশমনির মাপকাঠি কী? ইসলামে এর গুরুত্ব কতটুকু? এটি ছাড়া একজন মুসলমানের ঈমানের অবস্থান কোথায়? যদি দুটি মাপকাঠি একটি অপরটির মুকাবেলায় এসে যায়; একদিকে ইসলাম অপর দিকে যে কোনো বিষয়, যেমন মাতা-পিতা, সন্তান, গোত্র, জাতি অথবা জন্মভূমির মহব্বত, তাহলে ইসলামের মুকাবেলায় যে কোনো একটিকে গ্রহণ করা ঈমানকে সঙ্কায় ফেলে দিবে। ইসলামের এই বুনিয়াদি চিন্তা-চেতনায় ব্যাপক ভাবে এবং সবখানে গাফলতি পরিলক্ষিত হয়। এমনকি অনেক দীনদার! লোকেরাও ইসলামের মুকাবেলায় বংশ, গোত্র এবং জন্মভূমিকে প্রাধান্য দেয়। উপরন্তু এটিকে তারা গুনাহ মনে করে না। অথচ এটি আহলে সুন্নাত ওয়াল জামাতের আকীদাগত মাসআলা। যেটি ইমামগণ আকীদার কিতাবসমূহে উল্লেখ করেছেন। যেই আকীদার কারণে

আমাদের সলফে সালেহীন দোররার আঘাত সহ্য করেছেন, জেল খেটেছেন এবং জীবন দিয়েছেন। যেই অন্তরে আল্লাহ তা'আলার মহব্বত থাকবে তার অন্তরে আল্লাহর বন্ধুদের মহব্বত থাকবে এবং আল্লাহর দুশমনদের ঘৃণা থাকবে। যেমন ভাবে একটি অন্তরে ঈমান এবং কুফর একত্রিত হতে পারে না, ঠিক তেমনি একটি অন্তরে আল্লাহর মহব্বত এবং আল্লাহর দুশমনের মহব্বত একত্রিত হতে পারে না। একই বিষয় কার্যকর হবে আল্লাহর বন্ধুদের ব্যাপারেও। জন্মভূমির উপর যদি ইসলামকে প্রাধান্য দেয়া না হয়, তাহলে ইমাম মাহদী আ. এর সাথে কিভাবে শামিল হবে? মুসলিম ভুখন্ডগুলোর শাষকবৃন্দ অথবা ভারত যদি ইমাম মাহদী আ. এর বিরোধী বিশ্ব ঐক্যে শামিল হয়, তাহলে এমতাবস্থায় মুসলমান কী করবে? দেশপ্রেমের মূর্তীকে ভেঙ্গে দিবে, নাকি ইসলাম ছেড়ে দিবে? এ দুটির মধ্যে কেবল একটিকেই বেছে নেয়ার সুযোগ থাকবে। এই অবস্থাকে সামনে রেখে আল্লাহ তা'আলার মদদ চেয়ে এই বিষয়ে লেখার ইচ্ছে করি। যেহেতু ফেতনা এবং ইমাম মাহদী আ. এর ব্যাপারে দলিল প্রমাণগুলো আগেই মওজুদ ছিলো, তাই সামঞ্জস্যতা বজায় রেখে সেসব দলিল প্রমাণ এই পুস্তকেও উল্লেখ করা হয়েছে।

'ইমাম মাহদীর দোস্ত দুশমন' এখন আপনার হাতে। প্রমাণাদি উল্লেখ করার ক্ষেত্রে আমি আধিক্যতা থেকে বেঁচে থাকার চেষ্টা করেছি। তাই ফেতনার ক্ষেত্রে সেসব হাদীস উল্লেখ করেছি যেগুলো ইসলামী চালচলনে সামনে আসে। পুস্তকটি তিনটি অধ্যায়ে বিভক্ত।

এক. ফেতনার বর্ণনা

এতে বিভিন্ন ইহুদী জাদুকর ব্যক্তিত্বের ব্যাপারে আলোচনা করা হয়েছে। কিন্তু যে কথাটি বুঝানো উদ্দেশ্য সেটির জন্য এতটুকুই যথেষ্ট হবে ইনশাআল্লাহ। এই অধ্যায়ে ফেতনার ব্যাপারে একটি আলোচনা রয়েছে। যদি অলসতার দৃষ্টিতে দেখা হয়, তাহলে হাদীসগুলোকে বাহ্যিক দৃষ্টিতে সাংঘর্ষিক মনে হবে। তাই বিভিন্ন হাদীস সামনে রাখলে কথাগুলো বুঝতে সহজ হবে।

দুই. হক পথের মুসাফির

এই বিষয়টি অনেক বিস্তৃত। ইসলামের ইতিহাস সেসব আল্লাহ ওয়ালাগণের নামে ভরপুর, যাদের আলোচনা ঈমানদারদের জন্য অন্তরের প্রশান্তি ও দৃঢ়তায় শক্তি যোগায়। এই অধ্যায়ে সলফে সালেহীনের আলোচনা করতে গিয়ে কোথাও কোথাও কলম তার আপনগতিতে কালি ঢেলেছে। যদি শব্দ চয়নে কোনো ভুল হয়ে থাকে, তালেবে ইলম মনে করে ক্ষমা করবেন। তবে এটাও আপনাদের মহব্বত যে, কলম জযবায় এসে কালি ঢেলেছে। তাদেরকে টার্গেট বোর্ডে এমন ভাবে নিশানা বানানো হচ্ছে যেমন ভাবে শিকারী তার শিকারকে বাছায় করে করে নিশানা বানায়।

তিন. ইমাম মাহদী আ. এর ব্যাপারে

এই অধ্যায়ে সংক্ষিপ্ত আকারে কয়েকটি আলোচনা রয়েছে। পুস্তকে যেসব হাদীস উল্লেখ করা হয়েছে, সেসবের পর্যালোচনাও লেখা হয়েছে। আর যেগুলো উলামায়ে কেরামের রায়, সেগুলোকে রায় আকারেই লেখা হয়েছে। সুতরাং পাঠকগণ কেবল সেসব হাদীসকেই প্রমাণ মনে করবেন, যেগুলো প্রমাণ হওয়ার যোগ্য। আর যেগুলো রায়, সেগুলোকে রায় হিসেবেই বর্ণনা করবেন। আমার জ্ঞানস্বল্পতার ব্যাপারে আমার কোনো ভুল ধারণা নেই। সুতরাং পুস্তকে যে ভুলই হোক তা আমার জিম্মায় দিয়ে দিবেন। আর যদি আমাকে অবগত করেন তাহলে আল্লাহ তা'আলা প্রতিদান দিবেন। এই পুস্তকটি সম্পূর্ণ আল্লাহ তা'আলার দয়ায় আপনাদের হাতে এসেছে। অন্যথায় আমার অবস্থা হলো, তাঁর সাহায্য ছাড়া একটি শব্দও লিখতে সক্ষম নই। যেসব বন্ধু-বান্ধব এ ব্যাপারে সহযোগীতা করেছেন আল্লাহ তা'আলা তাদেরকে সকল ফেতনা থেকে বাঁচিয়ে রেখে তাঁর নৈকট্যপ্রাপ্তদের অন্তর্ভূক্ত করে নিন। আর ঈমান পিপাসার এই যুগে শাহাদাতের পেয়ালা পান করান। আল্লাহ তা'আলার নিকট আকুতি, এই পুস্তককে ঈমানদারদের জন্য উপকারী করুন এবং হকের জন্য অন্তর খুলে দিন। আমীন।

সবশেষে আমি মুহতারাম মুফতী আবু লুবাবা শাহ মানসূর সাহেবের অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি এজন্য যে, তিনি অত্যন্ত মূল্যবান উপদেশ

দিয়েছেন। যা আমার খুবই উপকারে এসেছে। আমার চেষ্টা এটাই যে, আমার কলম যেনো সলফে সালেহীনের হক পথ থেকে বিচ্যুত না হয়। সেজন্য সম্মানিত উস্তাদগণের নিকট দরখাস্ত, লেখককে তালেবে ইলম মনে করে ভুলগুলো সংশোধন করে দিবেন। আল্লাহ তা'আলা উত্তম প্রতিদান দিবেন। এই গুনাহগারের জন্য এখন আপনাদের দু'আর যতটুকু প্রয়োজন, সম্ভবত ইতিপূর্বে কখনো ছিলো না। সুতরাং আল্লাহর সন্তুষ্টির জন্য আপনাদের দু'আতে আমাকে শামিল করবেন। বিশেষত সেসব আল্লাহ ওয়ালাগণ, যারা রণাঙ্গনে আছেন এবং তাহাজ্জুদে হাত উঠান। আল্লাহ তা'আলা যেনো হক ওয়ালাদের সাথে শামিল করেন, তাঁদের সাথেই শাহাদাত দেন এবং তাঁদের সাথেই কেয়ামতের দিন উঠান। আমীন।

আপনাদের দু'আর মুহতাজ
আছেম ওমর

বর্তমান থেকে ভবিষ্যত

মুফতী আবু লুবাবাহ শাহ মানসূর দা.বা.

মাহদিয়াত একটি স্পর্শকাতর বিষয়বস্তু। এর উপর কাজ করনেওয়ালা ব্যক্তি আকাবেরগণের মধ্যমপন্থা এবং আহলে সুন্নাত ওয়াল জামাতের তাকলীদ থেকে বিচ্যুত হলে বিপদজনক ভুল এবং গোমরাহীর শিকার হতে পারেন। আমি নীচে এমনই কিছু ভুলের আলোচনার প্রয়াস চালাবো। তারপর কিতাবের বিষয়ে ফিরে আসবো এবং কিছু কথা পেশ করবো।

অধিকাংশ লোকই এ বিষয়টির সাথে সম্পৃক্ত নয়। তারা এর স্পর্শকাতরতা এবং পুলসিরাতসাদৃশ পরীক্ষাক্ষেত্র মনে করে আলোচনার বিষয়বস্তুই বানান না। তারা এ ব্যাপারে কখনো কিছু বলেনও না লিখেনও না। তারা এতেই নিরাপত্তা মনে করে যে, 'দরিয়াতে অনেক উপকার রয়েছে, যদি নিরাপত্তা প্রার্থী তীরে থাকে।' এ কথা স্পষ্ট যে, এতে হক ওই ধূলোর নীচে ঢাকা পড়ে, যা মূর্খতার পতাকাবাহীর আড়াল থেকে দৃশ্যমান হয়। এর ক্ষতি তখনই প্রকাশ পায়, যখন আকস্মিক কোনো মিথ্যা দাবীদারের দাবি এবং দাওয়াতের কামিয়াবীর খবর আসে। মানুষ বিষয়বস্তুর সত্যতা সম্পর্কে অবগত না থাকার কারণে, সহজেই মিথ্যাবাদীদের ধোঁকায় পড়ে যায়। ফলাফল এই দাঁড়ায়, ইতিহাসে আরো একটি দুর্ঘটনার সংযোজন হয়। আর কেউ কেউ এই বিষয়ে আলোচনা করেন, লেখালেখি করেন এবং কথাও বলেন, তবে তা গা ছাড়া ভাবে। কিন্তু এ বিষয়টিকে নিছক দৃষ্টিভঙ্গির ব্যাপার হিসেবে পেশ করেন। অর্থাৎ এটিকে আসমান যমীনের মাঝখানে ঝুলন্ত রেখে শুধু ধারণাপ্রসূত বর্ণনা করেন। যমীনের বাস্তবতা অর্থাৎ যুগের সামঞ্জস্যতা থেকে এতো দূরে রাখেন যে, পাঠক বা শ্রোতা এটিকে কয়েক শতাব্দি দূরের কোনো কাল্পনিক ঘটনা মনে করেন। তাদের ধারণা, তার অথবা তার পরবর্তী বংশধরের সাথেও এর কোনো সম্পর্ক নেই। সুতরাং না সে নিজের সংশোধনের প্রয়োজন মনে করে, না তার সাথে সম্পৃক্ত সেসব লোককে ফেতনা থেকে বাঁচানো প্রয়োজন মনে করে, যাদের ঈমানে ঘুণ ধরেছে এবং আমল ছেড়ে দেয়াকে অভ্যাসে পরিনত করেছে। আল কাদেরীজাতীয় কিছু টাইটেলদারী

লোক এই বিষয়ের গবেষণার ঘোষণা দিয়ে দেয়। যখন দুনিয়াবাসী তার প্রতি আকৃষ্ট হয়, তখন নিজের গবেষণার ফলাফলে এই কথা বলে যে, হযরত মাহদী আ. এর যুগ আরো কমপক্ষে ছয়শত বছর দূরে। প্রথম প্রশ্ন তো হলো, যেহেতু হাদীস শরীফে সময় নির্ধারণ করা হয়নি, সুতরাং অন্যরা কিভাবে তা নির্ধারণ করবে? দ্বিতীয় কথা হলো, মুসলমানদের উপর যে প্রাণনাশা যুগ এসেছে এবং কাফেরদের যে সার্বিক উন্নতি সাধিত হচ্ছে, এর সমাপ্তি মনে হয় না কোনো বড় এবং বিশ্ব নেতা ছাড়া সম্ভব। বাহ্যিক দৃষ্টিতে সেটা ইমাম মাহদীই হবেন। তাঁর আগে কারো হাতে এতো বড় সফলতার সম্ভাবনা দেখা যায় না। খেলাফতের পতনের ১৯২৪ সালের একশত বছর আগে থেকে মুসলমান জুলুম এবং নির্যাতনের শিকার। খেলাফতের পতনের একশত বছর পর তো তাদের পশ্চাদগামী আর পতনের কোনো সীমানাই থাকলো না। খেলাফতের অধঃপতন থেকে পতন পর্যন্ত এবং পতন থেকে আজ পর্যন্ত দু'শত বছর হয়ে গেলো। এরপর আমরা কি এ কথা মেনে নেবো যে, কঠিন থেকে কঠিনতর কুরবানী সত্ত্বেও আরো ছয়শত বছর কষ্ট ও লাঞ্চনার শিকার হতে থাকবো আর কাফেরদের কর্তৃত্ব আটশত বছর বাকী থাকবে? দুনিয়া জুড়ে মুসলমানদের অবস্থা প্রত্যেক ভূখন্ডে, প্রত্যেক ময়দানে এমন হওয়া সত্ত্বেও কিছুই হবে না? না। কখনোই নয়। খোদার কসম কখনোই হতে পারে না। ইসলামের ইতিহাস এবং ফেতনার হাদীসের উপর নজর রাখনেওয়ালা ব্যক্তি, যিনি যুগ পরিবর্তনের খোদায়ী নিয়ম সম্পর্কে অবগত, অর্থাৎ যিনি আল্লাহর দীন এবং আল্লাহর নেয়ামতসমূহ অধ্যয়ন করেন, রাসূলগণের সংবাদের সাথে সামান্যতম সম্পর্ক রাখেন, সে তা মেনে নিতে পারেন না। এটা তো দুশমনের যবান এবং দুশমনের সৈন্যদলকে উৎসাহী করে। কিছু লোক এই বিষয়টিকে যদি আলোচ্য বিষয় হিসেবে নিয়েও ফেলে, তাহলে তার প্রত্যেক শাখার ব্যাখ্যা-বিশ্লেষণ, আলোচনা-পর্যালোচনা এবং তাফসীর করাকে নিজের উপর বাধ্য করে নেন। তারা এই কথা দেখেন না যে, 'যা আল্লাহ তা'আলা অস্পষ্ট রেখেছেন, তোমরাও অস্পষ্ট রাখ' এই নিয়মের ভিত্তিতে এর যতগুলো ব্যাখ্যাই করেন না কেনো, তার মধ্যেও কোনো না কোনো অস্পষ্টতা থেকে যাবে। এমনকি মাও. বদরে আলম মিরাঠী রহ.

এর বিশ্লেষণ অনুযায়ী তো খোদ মাহদী আ.ও একটা সময় পর্যন্ত জানবেন না যে, তিনিই শেষ যামানার মাহদী আ.। আর যখন কোনো না কোনো অস্পষ্টতা থেকেই যাবে, তখন প্রত্যেক জিনিসের বাধ্যতামূলক বিশ্লেষণ করা কিভাবে জরুরী হতে পারে? এটিতো সঠিকও হতে পারে না। এসব অসাবধান এবং অতিচালাক লোকেরা যেখানে একদিকে সীমাবদ্ধ তবীয়তের আলেমদেরকে এই বিষয় থেকে দূরে থাকতে এবং যবান ও কলম চালাতে সতর্ক থাকতে বাধ্য করেছে, সেখানে এই প্রভাব পড়েছে যে, সাধারণ মানুষের মধ্যে নৈরাশ, কাপুরুষতা এবং অনির্ভরতা জন্মেছে। এখন সাধারণ লোক হককেও সন্দেহেরে দৃষ্টিতে দেখে।

মাও. আছেম ওমর সাহেব দা.বা. (আল্লাহ তা'আলা তার ইলম এবং হায়াতের মধ্যে বরকত দান করুন) কাটা থেকে আঁচল বাঁচিয়ে এই কাটাঘেরা পথে চলার চেষ্টা করেছেন। এই অক্ষম এবং স্বল্প জ্ঞানের জানা অনুযায়ী ফেতনার হাদীসের উপর আরব এবং আযমে যারাই কাজ করেছেন, তাদের মধ্যে এই মাওলানার কাজ ব্যতিক্রম এবং প্রশংসাযোগ্য। তিনি হাদীসের ব্যাখ্যাগ্রন্থের প্রজ্জ্বলিত আলোর মাধ্যমে বর্তমান থেকে ভবিষ্যতে যাওয়ার রাস্তা সাবধানী দৃষ্টিতে দূর পর্যন্ত দেখা, যাচায় করা, পরখ করা, পাঠকদেরকে অবগত এবং সতর্ক করার চেষ্টা করেছেন। কোথাও প্রকাশ্য শব্দ চয়ন এবং কোথাও চাপা শব্দের মাধ্যমে, বর্তমান যামানার ফেতনা এবং ফেতনার অবস্থা অনুধাবনের পরিপ্রেক্ষিতে আগত ফেতনা সম্পর্কে সতর্ক করেছেন। বর্তমান লেখকগণের মধ্যে দাজ্জালের ফেতনাকে ইহুদী এবং ইহুদী নিয়ন্ত্রিত আমেরিকার সাথে সম্পৃক্ত করার মতো বর্ণনাকারী তো কিছু না কিছু আছেন, কিন্তু কথা যখন আফগানিস্তান, পাকিস্তান অথবা হিন্দুস্তানের ব্যাপারে আসে, তখন জ্ঞানস্বল্পতা, দূরদৃষ্টির অভাব অথবা সাহসিকতার অভাবে যবান বন্ধ হয়ে আসে। মাওলানা সাহেবের প্রথম পুস্তক 'তৃতীয় বিশ্বযুদ্ধ এবং দাজ্জাল' এই নিরবতার পর্দা ছিড়ে ফেলেছে এবং এরপর থেকে এই বিষয়ের উপর তিনি ধারাবাহিক প্রয়োজনানুপাতে কাজ করে যাচ্ছেন। তাঁর কাজের মধ্যে পুরাতন কিতাবাদি থেকে গবেষণা এবং প্রমাণাদি উল্লেখ রয়েছে। তেমনি নিত্য নতুন অজানা বিষয়গুলোর বিশ্লেষণ এবং সেসব থেকে পূর্ণ ফায়দা

উঠানোর ব্যবস্থাও রয়েছে। এটি বিরল, স্বয়ংসম্পূর্ণ এবং আভিজাত্যের প্রমাণ। এই অক্ষম দীল থেকে দু'আ করছি আল্লাহ তা'আলা তাঁর সাস্থ্য, মেজায, স্বাদ, যবান এবং কলমের নিরাপত্তাকে বিজয়ী করুন। তাঁকে সুস্থতা, সুন্দর মন এবং সত্য যবান দান করুন। তার ঘাম ঝরানো অণুসন্ধান এবং হৃদয় নিংড়ানো ব্যাখ্যার মাধ্যমে উম্মতে মুসলিমাকে উপকৃত করুন। ফেতনার এই যুগে কাটাঘেরা উপত্যাকা পেরিয়ে মুসলিম উম্মাহকে যুগের ফেতনা থেকে সতর্ক করার যে বোঝা কাঁধে নিয়েছেন, তাতে আল্লাহ তা'আলা কামিয়াব করুন।

সবশেষে লেখকের নিকট একটি দরখাস্ত এবং পাঠকের নিকট একটি। লেখকের নিকট দরখাস্ত হলো, মধ্যমপন্থা, সতর্কতা, বুযুর্গানে দীনের সাথে সম্পৃক্ততা এবং সলফে সালেহীনের তাকলীদের আঁচল ছাড়বেন না। এর মধ্যেই নিরাপত্তা, গ্রহণযোগ্যতা, বরকত এবং উপকারিতা নিহিত। আলেম এবং পাঠকদের নিকট দরখাস্ত, মানুষ যখন কোনো অজানা বিষয়ে কাজ করে, সেটি আবার এমনিতেই স্পর্শকাতর বিষয় হয়, তখন তাতে দু'একটা ভুল হওয়ার সম্ভাবনা সাধারণতই থাকে। যখন কারো দৃষ্টিভঙ্গি সঠিক থাকে, অবগত করার পর সংশোধন হওয়ার ওয়াদা করে, তখন সকল আলেমের উচিত তার ভালো দিকগুলো গ্রহণ করা এবং অন্তরকে প্রশস্ত করা। তার ভুলগুলো সম্পর্কে তাকে অবগত করা। যতক্ষন পর্যন্ত কারো কাজে ভালো দিকটাই বেশি হয়, ততক্ষন পর্যন্ত তার বিরোধীতা, ত্রুটি অন্বেষণ এবং ভরা মজলিশে সমালোচনা থেকে বিরত থাকা। সেই সাথে তার কাজ সংশোধন করে স্বয়ংসম্পূর্ণ এবং ব্যাপক গ্রহণযোগ্য আকৃতি দেয়ার চেষ্টা করা। তাহলে ফেতনার এই যুগে সেটাই হবে উম্মতের সর্বোত্তম খেদমত। ইনশাআল্লাহ। হেদায়াত দেয়ার মালিক আল্লাহ তা'আলাই। আমরা সকলেই আল্লাহ তা'আলার হেদায়াতের মুহতাজ। দোষ-ত্রুটি থেকে মুক্ত স্বত্ত্বা একমাত্র তিনিই। আমরা সকলেই তাঁর কাছে প্রত্যাবর্তনশীল।

প্রথম অধ্যায়
ফেতনার বর্ণনা

ফেতনাসমূহের ব্যাপারে কেনো গাফেল?

বহুকাল থেকে ইসলামী বিশ্ব নানা রকম ফেতনার শিকার হয়ে আসছে। যারমধ্যে অভ্যন্তরীণ এবং বহির্গত সবধরণের ফেতনাই রয়েছে। এসবের মধ্যে এমন কিছু ফেতনা ছিলো, যেগুলোর প্রতিক্রিয়া মুসলমানদের আকিদা-বিশ্বাসে হয়েছে। আবার এমন কিছু ফেতনাও ছিলো যেগুলোর প্রতিক্রিয়া আমলের মধ্যে হয়েছে। কিছু ফেতনা মুসলমানদের দেহে প্রতিক্রিয়া করেছে, আবার কিছু ফেতনা মুসলমানদের অন্তরকে আক্রান্ত করেছে এবং কাপুরুষতা, কৃপণতা ও হিংসা-বিদ্বেষ ছড়িয়েছে। আবার কিছু ফেতনা এমন ছিলো, যেগুলো আমাদের পারিবারিক চাল-চলনকে উলট-পালট করে দিতে চেয়েছে। কিছু ফেতনা ঘরের খায়ের-বরকত উঠিয়ে নিয়েছে এবং কিছু ফেতনা পরিবারের মধ্যে ফাটল সৃষ্টি করেছে। বাবা ও ছেলে অপরিচিত হয়ে গেছে। মা ও মেয়ের মধ্যে মায়া-মমতা বাকি থাকেনি। কিছু ফেতনা উলামায়ে কেরামের উপর এসেছে আর কিছু মুসলমান ব্যবসায়ীদের উপর এসেছে। এসব ফেতনা ইবলিশ এবং তার জিন ও মানবরূপী চেলারা জানতোড় মেহনত করে মুসলমানদের মধ্যে ছড়িয়েছে। সেসবের প্রতিক্রিয়া মুসলমানদের প্রতিরক্ষা শক্তি অনুযায়ী হয়েছে। আমরা এসব ফেতনাকে চক্রান্ত নামে জানি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এগুলোকে বিভিন্ন ফেতনা নামে বর্ণনা করেছেন। মুসলিম বিরোধী চক্রান্তে ইতিহাস ভরপুর। এসবের কারণে মুসলমানদের যে ক্ষতি হয়েছে, তার আঘাতে আজও উম্মতে মুহাম্মাদিয়ার দেহ থেকে ব্যাথার গোঙ্গানি উঠে। এসব ফেতনা এবং চক্রান্ত উম্মতের পশমে পশমে, জোড়ায় জোড়ায় এমন আঘাত হেনেছে যে, দেহের প্রত্যেক অঙ্গে ফোড়ার মতো ব্যাথা অনুভব হচ্ছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সকল ফেতনার আলোচনা করেছেন এবং খুলে খুলে বর্ণনা করেছেন। ফেতনার নাম বলেছেন। ফেতনা সৃষ্টিকারীর নাম বলেছেন। এমনকি তার বাবার নাম বলেও উম্মতকে সতর্ক করেছেন। কোন্ ফেতনার মধ্যে কী প্রস্তুতি নিতে হবে সেগুলোও বিস্তারিত বর্ণনা করেছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণ করতে গিয়ে সলফে সালেহীন

সেসব ফেতনার ব্যাপারে স্বতন্ত্র কিতাব লেখেছেন। ইমাম বুখারী রহ. সহীহ বুখারীতে, ইমাম মুসলিম রহ. সহীহ মুসলিম শরীফে এবং অন্যান্য সকল মুহাদ্দিসীনে কেরাম কিতাবুল ফিতান পৃথক ভাবে বর্ণনা করেছেন। উম্মতের উলামায়ে কেরাম প্রত্যেক যুগে মুসলমানদেরকে বিপদ ও হুমকি সম্পর্কে হাদীসের আলোকে সতর্ক করেছেন। যাতে মুসলমানগণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ফরমান অনুযায়ী প্রস্তুতি নিতে পারে।

প্রখ্যাত মুহাদ্দিস আল্লামা আইনি রহ. বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফেতনা সম্পর্কে সতর্ক করতেন। সেগুলো আসার আগেই তিনি জানতেন। আর এটা ছিলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নবুওয়াতের প্রমাণসমূহের একটি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর উম্মতকে সেসব পেরেশানকারী ফেতনা আসার আগেই নেক আমলে প্রতিযোগিতা করতে উৎসাহিত করেছেন, যেগুলো অধিক পরিমাণে দল বেঁধে আগত। তিনি বলেন, তোমরা ফেতনার মুকাবেলায় নেক আমলে প্রতিযোগিতা কর।

বর্তমান যামানায় ফেতনা এমন ভাবে আসছে, যেমন ভাবে আসমান থেকে বৃষ্টি বর্ষিত হয়। ফেতনার অন্ধকার এতই প্রবল যে, অমাবস্যার আঁধার রাতের মতো হাতও দেখা যায় না। ফেতনাই ফেতনা। যেমন মালের ফেতনার কথা-ই ভাবা যাক, এই ফেতনা মানুষকে এমন ভাবে বেষ্টন করে নিয়েছে যে, মানুষ আল্লাহকে ছেড়ে মালকেই মাবুদ বানিয়ে নিয়েছে। সাধারণ মানুষের কথা বাদই দিলাম, বহু দীনদারেরও ধারণা হলো, অধিক মাল যিন্দেগীর জন্য এমনই জরুরী, যেমন বেঁচে থাকার জন্য শ্বাস-প্রশ্বাস জরুরী। তাছাড়া মিথ্যার ফেতনা আছে। আল্লাহর পানাহ, মানুষ মিথ্যার জালে এমন ভাবে আবদ্ধ যে, তারা বাতিলকে হক এবং হককে বাতিল মনে করে বসে আছে। নারীর ফেতনা আছে। যার ঠকঠকানি বন্ধ দুয়ারকেও প্রকম্পিত করে রেখেছে। ধীরে ধীরে অন্তরসমূহ থেকে অশ্লীলতার প্রতি ঘৃণা উঠে যাচ্ছে। মুসলমান নিজের চোখে অশ্লীললতা হতে দেখছে, কিন্তু তার ঈমান তাকে এই অশ্লীলতা ও নির্লজ্জতার হোতাকে দেখে নিতে উত্তেজিত করছে না। এসব ফেতনা থেকেও বড় ফেতনা দাজ্জালের ফেতনা। সলফে সালেহীনের তুলনায়

আমরা মানব ইতিহাসের এই ভয়ানক ফেতনার নিকটবর্তী এসে গেছি। এতদসত্ত্বেও যদি এখন এই ফেতনার আলোচনার সময় না আসে, তাহলে আর কবে আসবে? নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীসগুলোকে মানুষের নিকট পৌছানোর সময় যদি এটি না হয়, তাহলে সেটা কখন? উম্মত যখন গর্দান পর্যন্ত ফেতনায় ডুবে গেছে তখনও যদি তাদেরকে নূরে নবুওয়াতের কিশতিতে আরোহণ করানো না হয়, তাহলে কিয়ামতের দিন কোন ব্যাপারে প্রশ্ন করা হবে? আঁধার রাতে বিজলী চমকাচ্ছে, বজ্র গর্জন করছে। পেরেশান এবং পথহারা এই উম্মতকে এখনও যদি উলামায়ে হক আঙ্গুল না ধরেন, তাহলে কে তাদেরকে পথ দেখাবে? যেসব পশ্চিমপন্থী আলেমের রূপ ধরে ধোকার মঞ্চে বসে আছে তারা? নাকি তারা, যাদের মজলিসে শয়তান হাজির হয়? নাকি সেসব লোক, যাদের যবানে যাদু আছে? অথচ তাদের সবার উদ্দেশ্য এই উম্মতকে হক পথ থেকে সরিয়ে নেয়া। উম্মতকে সঠিক পথ দেখানো এবং কাফেলায়ে মুহাম্মাদীকে ডাকাত দল থেকে হেফাজত করা উলামায়ে হকের উপর ফরজ। তারাই এর উপযুক্ত যে, এই বিষয়ে কলম উঠাবে এবং উপত্যাকার নিরবতা ভাঙ্গবে। মানুষদেরকে এ কথা বলা অবস্থার দাবি যে, ভয়ে ভয়ে, চুপচাপ, নীরবে শ্বাস নিয়ে বাঁচতে চাইলে যিন্দেগীর শ্বাস বেড়ে যায় না। হক কথা বললে, দাজ্জালকে দাজ্জাল বললে নির্ধারিত শ্বাস দুনিয়ার কোনো শক্তি কমাতে পারে না। যতটুকু আরাম আয়েশ এবং পেরেশানি ভাগ্যে আছে, তাতো লেখা হয়ে গেছে। তা ঐক্যবদ্ধ সামরিক শক্তি মিলেও বদলাতে পারবে না। বান্দার সবকিছু তার মাওলার জন্য হয়ে যাবে, তাতেই তো কামিয়াবি। চাই তা মহব্বত হোক অথবা ঘৃণা হোক। সুযোগ হোক অথবা পরীক্ষা হোক। সবকিছুই আল্লাহর জন্যই হবে। মনে রাখতে হবে, এই নতুন টেকনোলজির যুগেও সকল বিষয় কেবলই সেই প্রতিপালকের ইচ্ছাধীন, যার বাদশাহীতে আমেরিকাও শরীক নয় এমনকি কানা দাজ্জালও শরীক হতে পারবে না। জীবন মরণের শক্তি সি.আইকে দেয়া হয়নি। ব্লাক ওয়াটারও তা উভয় জাহানের প্রতিপালকের কাছ থেকে ছিনিয়ে নিতে পারবে না। দুনিয়ার বিপদ-আপদ এবং পরীক্ষা সবই সাময়িক। আল্লাহ তা'আলা তাঁর প্রিয় বান্দাদের কুরবানী সম্পর্কে গাফেল

নন। জালেমদের রশি লম্বা হতে দেখে কেউ যেনো এ কথা মনে না করে যে, সে আরশ কুরছির বাদশাকেও অক্ষম করতে পারবে। আল্লাহ তা'আলাই সর্বশক্তিমান এবং সকল হেকমতের আঁধার। দুনিয়া পরীক্ষার জায়গা। ফেতনার জায়গা। এখানে সে-ই বাঁচতে পারে যে ফেতনাগুলো থেকে দূরে দূরে চলে। যেমন, কোনো ব্যক্তি কাটাঘেরা জঙ্গল দিয়ে হেটে যাচ্ছে। যার দুই পাশে কাটার ঝোঁপ। বাকে বাকে বিপদ ঘাপটি মেরে বসে আছে। সৌভাগ্যবান সেই লোক, যে নিজে কাটার ঝোঁপ থেকে বেঁচে থাকে এবং অন্যকেও বাঁচিয়ে মঞ্জিলের দিকে পথ চলে। সফরও চালু রাখতে হবে এবং কাটা থেকেও বাঁচতে হবে। সাবধান থাকতে হবে, যেনো কাটার ঝোঁপে পড়ে না যায়। আবার এই ভয়ে বসেও থাকা যাবে না যে, যদি কাটা লেগে যায়। কারণ, মঞ্জিলে পৌছাও জরুরী। তাই পথ চলতে হবে। তবে তা ঘাপটি মেরে বসে থাকা ফেতনা সম্পর্কে সচেতন হয়ে।

এখানে সেসব ফেতনা বর্ণনা করতে চেষ্টা করছি, বর্তমান ইসলামী বিশ্ব যেগুলোর মুকাবেলা করছে। আল্লাহ তা'আলার কাছে দু'আ করা উচিত যেনো তিনি তার রহমতে আমাদের সবাইকে ঢেকে নেন। সবধরণের ফেতনা এবং তার কারণ থেকে আমাদেরকে হেফাজত করেন। হাত ধরে আমাদেরকে মঞ্জিলে পৌছে দেন। আমীন।

দুনিয়ার ফেতনা

দুনিয়ার ফেতনা মানুষের শিরা উপশিরায় এমন ভাবে ঢুকে গেছে যে, কবরস্থানে গিয়েও আখেরাতের কথা মনে আসে না। যে দুনিয়াকে আল্লাহ তা'আলা বারবার ধোঁকা বলেছেন, তাকেই অবিচল হাকীকত মনে করছে। দুনিয়া হাসিল করার আশায় বছর কি বছর মেহনত করে যাচ্ছে, কিন্তু পলক পড়ার সাথে সাথে শুরু হওয়া আখেরাতের যিন্দেগীর জন্য কোনো প্রস্তুতি নেই। দুনিয়ার মহব্বতের পরিমাপ করুন। যদি কাউকে বলা হয়, আমি তোমাকে এমন একটি আমলের কথা বলবো, যা করলে পলক পড়ার সাথে সাথেই তুমি জান্নাতের নেয়ামতসমূহে পৌছে যাবে। তোমার হাকীকি মাহবুবের দিদার লাভে ধন্য হবে। তাহলে কতজন মুসলমান পাওয়া যাবে

যারা হাকীকি মাহবুবের সাথে দেখা করতে আগ্রহী হবে? আমাদের তো নিজেকেই নিজে প্রশ্ন করা উচিত। চোখ বন্ধ করে মনে মনে হিসেব করা উচিত, যেই স্বত্ত্বার সাথে সবচেয়ে বেশি মহব্বতের দাবী করি, তার সাথে মুলাকাত করতে কোন জিনিস বাধা হয়ে দাঁড়ায়? অন্তরে তার সাথে দেখা করার কতটুকু আগ্রহ আছে? কতটি নামাজের মধ্যে তার সাথে মুলাকাতের দু'আ করেছি? অথচ যদি দুনিয়ার উন্নতির জন্য, দুনিয়ার দৌলত হাসিলের পন্থা বলে দেয়া হয়, তাহলে তার অস্থিরতা দেখো, এর জন্য সে কী না করে। তাহলে এটি দুনিয়ার মহব্বত এবং তার প্রতি ঈমান নয় তো কী?

আবু মূসা আশআরী রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, যে নিজের দুনিয়াকে মহব্বত করল সে নিজের আখেরাতের ক্ষতি করলো। আর যে নিজের আখেরাতকে ভালোবাসলো সে নিজের দুনিয়ার ক্ষতি করলো। সুতরাং তোমরা লয়শীল বিষয়ের উপর চিরস্থায়ী বিষয়কে প্রাধান্য দাও।

-এই হাদিসটি হাকিম রহ. মুসতাদরাকের মধ্যে বর্ণনা করেছেন এবং সহীহ বলেছেন। হাফেজ যাহাবী রহ.ও এ ব্যাপারে একমত পোষণ করেছেন।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, আল্লাহ তা'আলা যখন কোনো বান্দাকে মহব্বত করেন, তখন তাকে দুনিয়া থেকে এমন ভাবে বাঁচিয়ে রাখেন, যেমন তোমরা রুগীকে পানি থেকে বাঁচিয়ে রাখ।

-হাকিম রহ. এটি বর্ণনা করেছেন এবং ইমাম বুখারী ও ইমাম মুসলিম রহ. এর শর্ত অনুযায়ী সহীহ বলেছেন। হাফেজ যাহাবী রহ. এটিকে সত্যায়ন করেছেন।

আমর ইবনুল আস রা. বলেন, তোমাদের চাল-চলন তোমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চাল-চলন থেকে কতো আলাদা। নিশ্চয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মানুষের মধ্যে সবচেয়ে বেশি দুনিয়া থেকে বেঁচে থাকতেন। অথচ তোমরা এই দুনিয়া নিয়েই সবচেয়ে বেশি আন্তরিক প্রশান্তি অনুভব কর।

আব্দুল্লাহ ইবনে মাসঊদ রা. তাঁর সাথীবর্গকে বলেন, তোমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীগণ থেকে বেশি নামায-রোযা এবং জিহাদ কর। অথচ তাঁরা তোমাদের থেকে উত্তম ছিলো। তাঁরা

জিজ্ঞেস করলো সেটা কিভাবে? তিনি বললেন, তাঁরা তোমাদের তুলনায় দুনিয়া থেকে অধিক বেঁচে থাকতেন এবং আখেরাতের প্রতি বেশি আগ্রহী ছিলেন।

-জামেউল উলূম ওয়াল হিকাম, ইবনে রজব হাম্বলী রহ.।

মালেক বিন দিনার রহ. বলেন, তোমরা যাদুকরনী থেকে বেঁচে থাক। কেননা এটি উলামায়ে কেরামের অন্তরে যাদু করে দেয়।

এই যাদুকরনী দ্বারা তাঁর উদ্দেশ্য হলো, দুনিয়া। মালেক বিন দিনার রহ. বলেন, আব্দুল্লাহ রাজি আমাকে বলেন, যদি আপনি এই কথার উপর আনন্দ অনুভব করেন যে, আপনি ইবাদাতের স্বাদ পেয়েছেন এবং স্বাদের চূড়ায় পৌছে গেছেন, তাহলে আপনার এবং আপনার নফসের মাঝখানে লোহার এক দেয়াল বানিয়ে নিন।

-যম্মুদ দুনিয়া লি-ইবনে আবিদ দুনিয়া।

সুফিয়ান সাওরী রহ. থেকে বর্ণিত, ঈসা বিন মারইয়াম আ. বলেন, যেমন ভাবে আগুন এবং পানি এক পাত্রে একত্রিত হতে পারে না, তেমনি মুমিনের অন্তরে আখেরাতের মহব্বত এবং দুনিয়া এক সাথে থাকতে পারে না।

-যম্মুদ দুনিয়া লি-ইবনে আবিদ দুনিয়া।

সাহল আবু আসাদ রহ. বলেন, এ কথা প্রশিদ্ধ যে, যে ব্যক্তি আখেরাত এবং দুনিয়াকে এক করতে চায়, তার উদাহরণ ওই গোলামের মতো, যার দু'জন মনিব রয়েছে। অথচ তার এ কথা জানা নেই কোন মালিক সন্তুষ্ট হয়েছে।

-যম্মুদ দুনিয়া লি-ইবনে আবিদ দুনিয়া।

হাসান বসরী রহ. বলতেন, যে দুনিয়ার প্রতি মহব্বত রাখবে এবং দুনিয়া পেয়ে খুশী হবে, তার অন্তর থেকে আখেরাতের ভয় চলে যাবে। যে ব্যক্তি ইলমের মধ্যে উন্নতি করলো এবং দুনিয়ার লোভও বৃদ্ধি পেলো, ওই ব্যক্তি আল্লাহর নিকট সবচেয়ে বেশি ঘৃণিত। সে আল্লাহ তা'আলা থেকে অরো দূরে চলে গেলো।

-যম্মুদ দুনিয়া লি-ইবনে আবিদ দুনিয়া।

ওহাব রহ. বলেন, দুনিয়া এবং আখেরাতের উদাহরণ হলো, যেমন একজনের দু'জন স্ত্রী রয়েছে। একজনকে সন্তুষ্ট করলে অপরজন অসন্তুষ্ট হয়ে যায়।

-জামেউল উলূম ওয়াল হিকাম, ইবনে রজব হাম্বলী রহ.।

ইবনে রজব হাম্বলী রহ. বলেন, সলফে সালেহীনের মধ্যে কোনো একজন দুনিয়া এবং দুনিয়াদার সম্পর্কে কতইনা সুন্দর কথা বলেছেন, এই দুনিয়া কী? একটি পঁচা গলা দূর্গন্ধযুক্ত লাশ। যার উপর কুকুর ঝাঁপিয়ে পড়ছে। যদি আপনি তা থেকে দূরে থাকেন, তাহলে আপনি নিরাপদ। আর যদি আপনি এই কামড়া কামড়িতে শরীক হন, তাহলে এর উপর লাফানেওয়ালা কুকুর আপনার সাথে লড়াই করবে।

সাহাবায়ে কেরামের দুনিয়ার ফেতনার ভয়

যায়েদ বিন আরকাম রা. বলেন, আমরা আবু বকর সিদ্দিক রা. এর নিকট বসা ছিলাম। তিনি পানি পান করতে চাইলেন। কোনো একজন তাঁকে পানি এবং মধু এনে দিলেন। যখন তিনি তা মুখের কাছে নিলেন, তখন তিনি এতো কান্না করলেন যে, তাঁকে দেখে তাঁর সাথীরাও কান্না করলো। অতঃপর সাথীরা তো থেমে গেলেন কিন্তু তিনি থামলেন না। দ্বিতীয়বার তিনি পানি মুখের কাছে নিলেন এবং আবারো কাঁদতে শুরু করলেন। এমন ভাবে কাঁদলেন যে, তাঁর সাথীরা মনে করলেন তাঁকে আমরা থামাতে পারবো না। পুনরায় তাঁরা নিজেদের চোখ মুছলেন। তাঁরা বললেন, হে আল্লাহর রাসূলের খলিফা! কোন কথা আপনাকে কাঁদালো? তিনি বললেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ছিলাম। আমি দেখলাম তিনি নিজের কাছ থেকে কোনো জিনিসকে দূরে সরালেন। অথচ তার কাছে আমি কোনো জিনিস দেখলাম না। সুতরাং আমি জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রাসূল! আপনি নিজের কাছ থেকে কী দূরে সরালেন? তিনি বললেন, এটি দুনিয়া ছিলো। যা আমার সামনে এসেছিলো। আমি তাকে বললাম, যাও আমার থেকে দূরে সরে যাও। সে পুনরায় ফিরে আসলো এবং বললো, নিশ্চয় আপনি আমার থেকে বেঁচে

গেলেন। কিন্তু আপনার পরবর্তীরা কখনোই আমার থেকে বাঁচতে পারবে না।

-যম্মুদ দুনিয়া লি-ইবনে আবিদ দুনিয়া।

আব্দুর রহমান বিন আউফ রা. ইফতারির জন্য দস্তরখানে আসছিলেন। দস্তরখানে নানা রকম খাবার রাখা ছিলো। তিনি বসে বসে কাঁদতে লাগলেন। তারপর দস্তরখান থেকে উঠে চলে গেলেন।

দুনিয়া বিমুখী এবং দুনিয়ার খারাবী সম্পর্কে অনেক হাদীস ও বাণী বর্ণনা করা হয়েছে। সাহাবায়ে কেরামের পর সলফে সালেহীনের নিকট দুনিয়া বিমুখীতা কতো গুরুত্বপূর্ণ ছিলো, তা এই বিষয়ের উপর লিখিত কিতাবসমূহ থেকে অনুমান করা যেতে পারে। দুনিয়া বিমুখীতা সম্পর্কে প্রশিদ্ধ কিতাবগুলো হলো,

১. আয যুহুদ-ইবনে আবিদ দুনিয়া রহ.।

২. আয যুহদুল কাবির-বায়হাকি রহ.।

৩. আয যুহুদ-ইবনে আবি আছেম রহ.।

৪. আয যুহুদ-ইবনে সিররি রহ.।

৫. আয যুহুদ-ইবনে মুবারক রহ.।

৬. আয যুহুদ-আবু হাতেম রাযি রহ.।

৭. আয যুহুদ-আহমদ বিন হাম্বল রহ.।

৮. আয যুহুদ-আবু দাউদ রহ.।

৯. আয যুহুদ-আসাদ বিন মূসা রহ.।

১০. আয যুহুদ-হান্নাদ রহ.।

১১. আয যুহুদ-ওকী‘অ রহ.।

১২. আয যুহদু ওয়ার রকায়িক-খতীবে বাগদাদী রহ.।

১৩. আয যুহদু ওয়াল অরঊ ওয়াল ইবাদাহ-ইবনে তাইমিয়া রহ.।

১৪. আয যুহদু ওয়া ছিফাতুয যাহিদীন-ইবনে আরাবী রহ.।

১৫. আল ফাওয়ায়িদু ওয়ায যুহদু ওয়ার রকায়েকু ওয়াল মারাছি-জাফর খালদী রহ.।

১৬. যম্মুদ দুনিয়া-ইবনে আবিদ দুনিয়া রহ.

যা মানুষকে আখেরাত থেকে গাফেল করে দেয় তা দুনিয়ার মহব্বতই। আর এজন্যই কুরআন ও হাদীসে এই দুনিয়া থেকে বেঁচে থাকার গুরুত্বের উপর অনেক জোর দিয়েছে। বস্তুত: আজ দুনিয়ার মহব্বতই আমাদের অন্তরে বাসা বেধেঁ বসে আছে। যার কারণে দেড়শত কোটি মুসলমানের অবস্থা সমুদ্রের ফেনার মতো হয়ে আছে। আমাদের জন্য উচিত হলো, আমাদের অন্তরে এই দুনিয়ার প্রতি অনিহা জন্মানো। তার স্বাদে বিভোর হওয়ার পরিবর্তে তার স্বাদ থেকে দূরুত্ব বজায় রাখা। লয়শীল, যে কোনো সময় সঙ্গ ত্যাগকারিনী, অকৃতজ্ঞ দুনিয়ার প্রতি দীল লাগানোর পরিবর্তে চিরস্থায়ী, অনন্ত এবং কৃতজ্ঞ আখেরাতের চিন্তায় অন্তরকে আবাদ করা। এ ব্যাপারে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং সাহাবায়ে কেরাম রা. এর জীবনী অধ্যয়ন করা যেতে পারে। যদি আল্লাহ তা'আলা আপনাকে হালাল রিযিক পর্যাপ্ত পরিমাণে দিয়ে থাকেন, তাহলে সেসব সাহাবাগণকে দেখুন, যাদেরকে আল্লাহ তা'আলা খুব মাল দৌলত দিয়েছেন, কিন্তু তা সত্ত্বেও তাদের আমলের অবস্থা কেমন ছিলো? বর্তমানে মানুষ সেসব সাহাবায়ে কেরামের উদাহরণ দিয়ে থাকেন। তারা বলেন, সাহাবায়ে কেরামের নিকটও তো অনেক টাকা পয়সা ছিলো। কিন্তু তারা সেসব সাহাবাগণের সাধারণ যিন্দেগী ভুলে যান। আমাদের মালদার এবং সাহাবায়ে কেরামের মধ্যে পার্থক্য হলো ওই দুই ব্যক্তির মতো, যাদের নিকট টাকা পয়সা রয়েছে। উভয়ের ঘরে খানা পিনার সব আসবাব রয়েছে। দামী দামী কাপড় রয়েছে। কিন্তু একজনের ঘরে কোনো প্রিয়জনের মৃত্যু হয়েছে। অথবা এমন কোনো পেরেশান এসেছে, যা তার অন্তরকে ভিতর থেকে দংশন করছে। অথচ দ্বিতীয়জনের ঘরে কোনো পেরেশানী নেই। এখন বলুন, প্রথম ব্যক্তির ঘরে পেরেশানী থাকা অবস্থায় দুনিয়ার সরঞ্জাম নিয়ে কিভাবে সন্তুষ্ট হতে পারেন? আপনি তার জন্য দুনিয়ার খাবার একত্র করে দিলেও এই পেরেশানী থাকাবস্থায় এক লোকমাও তার গলার নিচে যাবে না। সাহাবায়ে কেরামের নিকট অবশ্যই সবকিছু ছিলো, কিন্তু তাদের অন্তরে আখেরাতের চিন্তা এতো বেশি ছিলো যে, অন্তরে ক্ষত সৃষ্টি হয়ে গিয়েছিলো। আর আমাদের উদাহরণ হলো, দ্বিতীয় ব্যক্তির মতো। দুনিয়াও আছে আবার অন্তর আখেরাতের চিন্তা

থেকে খালি। তাই নিজের নফসের চাহিদা পূরণ করতে মালদার সাহাবায়ে কেরামের সাথে তুলনা করা নিতান্তই বাড়াবাড়ি। উসমান বিন আফফান রা. ও আব্দুর রহমান বিন আউফ রা. এর মতো মালদার সাহাবাগণের জীবনী উল্টিয়ে দেখুন। সবকিছু থাকা সত্ত্বেও কোন চিন্তায় যিন্দেগী কাটিয়েছেন। উম্মুল মুমিনীন আয়েশা সিদ্দিকা রা. হাজারো দেরহাম দিনের বেলা দান করে দিতেন আর সন্ধায় ইফতারের জন্য কিছুই রাখতেন না। উমর বিন খাত্তাব রা. ছেলের দাওয়াত এ জন্য ফেলে চলে যেতেন যে, দস্তরখানে দু'ধরনের খাবার রাখা ছিলো।

দীনের বিনিময়ে দুনিয়া কামানো

আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, শেষ যামানায় এমন কিছু লোক আসবে, যারা দীনের বিনিময়ে দুনিয়া কামাবে। তারা মানুষকে দেখানোর জন্য দুনিয়া বিমূখীতার ঝাণ্ডা উড়াবে। তাদের যবান চিনির চেয়ে মিষ্টি এবং অন্তর থাকবে ভেড়ার অন্তরের মতো। আল্লাহ তা'আলা বলেন, কী ব্যাপার আমাকেই ধোকা দিচ্ছ? নাকি আমার উপর দুঃসাহস দেখাও? আমার মর্যাদার কসম, সেসব লোকের উপর তাদের থেকেই এমন ফেতনা চাপিয়ে দিবো যে, তাদের চিন্তাশীল বুদ্ধিজীবিরাও হয়রান হয়ে যাবে।

ফায়দাঃ উলামায়ে কেরাম এর উদ্দেশ্য এভাবে বর্ণনা করেন যে, যারা দীনকে দুনিয়া, সম্পদ উপার্জন এবং মান সম্মান হাসিল করার মাধ্যম বানায়, তাদের জন্য এই হুমকি। এছাড়াও আরো কিছু হাদিস রয়েছে, যাতে এই বিষয়টি বর্ণনা করা হয়েছে। কিছু কিছু জায়গায়, বিশেষত সেসব ইলমেদীন হাসীল করনেওয়ালাদের ব্যাপারে হুমকি এসেছে, যারা তা দুনিয়া কামানোর জন্য শিক্ষা করবে।

হালাল মাল কমে যাওয়ার ভবিষ্যতবাণী

হুযায়ফা বিন ইয়ামান রা. নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

তোমাদের উপর এমন এক যুগ আসবে, যখন তিন জিনিসের চেয়ে প্রিয় তোমাদের নিকট কোনো জিনিস থাকবে না। হালাল উপার্জনের মাধ্যমে অর্জিত অর্থ। এমন ভাই যার সাথে সে সম্পর্ক রাখে। কোনো সুন্নত যার উপর সে আমল করবে।

-তিবরানী রহ. 'আল আউসাথ' গ্রন্থে এবং আবু নুআইম রহ. 'আল হুলিয়াতু' গ্রন্থে বর্ণনা করেন।

গান বাদ্যের ফেতনা

গান বাদ্য করনেওয়ালারা শুকর এবং বানর হয়ে যাবে

অবশ্যই আমার উম্মতের কিছু লোক মদ পান করবে। তারা সেটিকে মদ ছাড়া অন্য কোনো নাম দিবে। তাদের মাথায় পানপাত্র থাকবে। গায়িকারা গায়বে, বাজাবে। আল্লাহ তা'আলা তাদেরকে যমীনে ধ্বসিয়ে দিবেন। তাদেরকে বানর এবং শুকরে পরিণত করবেন।

-মুসনাদে আহমদ, ইবনে আবি শায়বা, সহীহ ইবনে হিব্বান, তারিখে কাবীর-ইমাম বুখারী রহ.।

আবু উমামা আল বাহেলী রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, আমার উম্মতের কিছু লোক খাওয়া-দাওয়া এবং খেল তামাশার মধ্যে রাত কাটিয়ে দিবে। অতঃপর সকালে বানর এবং শুকর হয়ে যাবে। তারা যমীনে ধ্বসে যাবে এবং নিক্ষিপ্ত হবে। অতঃপর তাদের জীবিতদের মধ্যে বাতাস পাঠানো হবে। যা তাদেরকে এমন ভাবে উপড়ে ফেলবে, যেমন ভাবে পূর্ববর্তীদের ফেলা হয়েছিলো। আর এই আযাব তাদের মদকে হালাল মনে করা, ঢোল তবলা এবং গান বাদ্যের যন্ত্র বানানোর কারণেই হবে।

নারীর ফেতনা

উসামা বিন যায়েদ রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, আমি আমার পর নারীর ফেতনা থেকে ক্ষতিকর কোনো ফেতনা ছেড়ে আসিনি।

ফায়দাঃ ইবনে বাত্তাল রহ. এই হাদীসের ব্যাখ্যায় বলেন, নিশ্চয় নারীর ফেতনা সকল ফেতনা থেকে বড়। এই হাদীস সহীহ হওয়ার ব্যাপারে কুরআনে কারীমের আয়াতও সাক্ষী। 'নারী এবং সন্তানাদির আকর্ষণ মানুষের জন্য সুসজ্জিত করা হয়েছে।' (আয়াত) আল্লাহ তা'আলা এই আয়াতে নারীকে সব আকর্ষণের আগে এনেছেন। সুতরাং মুসলমানদের উচিত আল্লাহ তা'আলার সাথে সম্পর্ক মজবুত করা এবং নারীদের ফেতনা থেকে বাঁচার জন্য আল্লাহ তা'আলার প্রতি ধাবিত থাকা। -শরহে ইবনে বাত্তাল।

সাঈদ বিন মুসায়্যিব রহ. বলেন, যখনই শয়তান কাউকে পথভ্রষ্ট করতে ব্যর্থ হয়েছে, তখনই নারীর দিক থেকে তার কাছে এসেছে। অতঃপর তিনি বলেন, আমার এক চোখের দৃষ্টিশক্তি নষ্ট হয়ে গেছে। দ্বিতীয়টিও নষ্ট হওয়ার পথে। কিন্তু তারপরও নিজের ব্যাপারে নারীর চেয়ে বেশি অন্য কিছুকে ভয় করি না। আর তখন তার বয়স ছিলো ৮৪ বছর।

বর্তমান যামানায় শয়তানী শক্তি এই কথার উপর জোর দিয়েছে যে, নারী-পুরুষের মেলা মেশাকে ব্যাপক করা হোক। মুসলমান নারীদেরকে ইহুদী-নাসারা নারীদের মতো চালানোর জন্য শয়তান অগণিত জাল বিছিয়ে রেখেছে। সেসব জালের আকর্ষণীয় শ্লোগান, বিজ্ঞাপন, চক্রান্ত এবং ধোকা এমন ভাবে সুসজ্জিত করে উপস্থাপন করা হয়েছে যে, মা বোনকে সেদিকে যেতে বাধা দানকারীকে নিজের, সমাজের, উন্নয়নের এবং প্রতিষ্ঠিত হওয়ার পথে দুশমন মনে করা হয়। স্বাধীনতা, সমানাধিকার এমনকি ইসলাম এবং দীনেরও দুশমন মনে হয়। যেসব হায়েনা তাদের নাকে লাগাম লাগিয়ে বসে আছে, তাদেরকে তারা নিজেদের নিরাপত্তার দূত, অধিকারের ধারক-বাহক এবং নারী জাতির মুক্তিদাতা মনে করছে। শরম-লজ্জা, সতত্বি ও পবিত্রতা, আদিকালের কথা হয়ে গেছে। বর্তমান কাল তো এই নষ্ট দুনিয়া থেকে যে যতো বেশি ভোগ করতে পারবে সে-ই সম্মানিত, সে-ই বুদ্ধিমান, সে-ই নেতা। আর তাই কওমের যুবতীরাও সেই লাশের পিছনেই ছুটছে। আর ছুটাছুটিতে পিতার উড়ানো লজ্জার দুপাট্টা কোথায় উড়ে গেছে, কতো পুরুষের পায়ের নীচে দলিত হয়েছে, তার কোনো ইয়ত্তা নেই। দৌড় একটাই। পুরুষের আগে

যাওয়ার দৌড়। অথচ এই অজ্ঞ মূর্খ জানে না, এটা কেবল শ্লোগান বৈ কিছুই না। যা পুরুষেরা নারী জাতীকে ভোগ করার জন্য আবিস্কার করেছে। বাস্তবতার সাথে এর কোনোই সম্পর্ক নেই। তারা নারী জাতিকে ইযযতের যিন্দেগী থেকে বের করে রাস্তায়, ফুটপাতে এবং দফতরে মজদুর বানিয়ে লাঞ্চিত করেছে। ওরা মূর্খ কার্লচারের হায়েনা। যারা নিজেদের শিকারকে একই দৃষ্টিতে দেখে। ইউরোপ আমেরিকাকে দেখ। হর্তকর্তা কে? ফায়সালা কার হাতে? পুরুষের হাতে নাকি নারীর হাতে? নারীদের দিয়ে দফতর এবং রাস্তায় মজদুরি করিয়ে কোনো জাতি উন্নতি করতে পারেনি। মজদুর হিসেবে ভর্তি হয়ে মজদুর হিসেবেই বের হয়ে গেছে। ইউরোপের শিল্প বিপ্লব থেকে আজ পর্যন্ত ইতিহাস খুলে দেখুন। মুসলমান বোনদের চিন্তা করা উচিত, সফলতা সেটি নয় যেটি ইবলিশ এবং তার লোকেরা দেখাচ্ছে। সফলতা তাতেই, যা আল্লাহ এবং তার সত্য রাসূল বর্ণনা করেছেন। তাদের জন্য নির্লজ্জ ইহুদী-খ্রিস্টান নারী মডেল হওয়া উচিত নয়, বরং নবীজির পবিত্রা স্ত্রীগণই তার উপযুক্ত। নারী জাতি তাদেরকেই নিজেদের মডেল মনে করবে। তাতেই ইযযত, তাতেই সফলতা। তাতেই পুরুষের সমানাধিকার, তাতেই সামাজিকতার উন্নতি এবং উন্নয়ন নিহিত।

নারীদের অবাধ্য হওয়া এবং যুবকদের ফাসেক হওয়ার বর্ণনা

আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, হে লোকসকল! তখন তোমাদের কী অবস্থা হবে, যখন তোমাদের নারীরা অবাধ্য হয়ে যাবে এবং তোমাদের যুবকরা ফাসেক হয়ে যাবে? তারা জিজ্ঞেস করলো, হে আল্লাহর রাসূল! এমনটিও হবে? তিনি বললেন, জি হ্যাঁ। বরং তার চেয়ে বেশি হবে।

একজন সাহাবী থেকে বর্ণিত, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলছিলেন, হায় যদি আমার পর আমার উম্মতের অবস্থা জানা থাকতো, যখন তাদের পুরুষেরা অহংকারী চালচলন করবে, তাদের নারীরা সাজ সজ্জা করে চলবে। হায় যদি তাদের অবস্থা

জানা থাকতো, যখন তারা দু'ধরণের হয়ে যাবে; এক. যারা নিজেদের গর্দান জিহাদে বিছিয়ে দিবে, দুই. সেসব লোক যারা গায়রুল্লাহ'র জন্য আমল করবে।

-ইবনে কাছীর রহ. তার তারীখ নামক গ্রন্থে বর্ণনা করেন।

আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, দুই প্রকারের জাহান্নামীকে আমি দেখিনি। এক. সেসব লোক, যাদের হাতে গরুর লেজের মতো দুররা থাকবে এবং তা দিয়ে লোকদেরকে প্রহার করবে। দুই. সেসব নারী যারা কাপড় পরিহিতা থাকবে। কিন্তু তবুও উলঙ্গ থাকবে। পুরুষদেরকে নিজের দিকে আকৃষ্ট করবে এবং নিজেও আকৃষ্ট হবে। তাদের মাথা ঝুকে থাকা উটের কুহানের মতো থাকবে। তারা জান্নাতে প্রবেশ করতে পারবে না। জান্নাতের ঘ্রাণও পাবে না। অথচ জান্নাতের ঘ্রাণ এতটুকু দূর থেকে নেয়া সম্ভব।

-সহীহ মুসলিম, মুসনাদে আহমদ।

এই হাদীস নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মুজেযাসমূহের একটি। যাতে তিনি তারপর আগত অবস্থার সংবাদ দিয়েছেন। এই হাদীসে নারীদের ফ্যাশনের সংবাদ দেয়া হয়েছে। নারীরা এমন পোষাক পরিধান করবে, যার দ্বারা সতর ঢাকবে না। তাদের সাজসজ্জা, বেশ-ভূষণ, ফ্যাশন সবকিছু পর পুরুষকে তার দিকে আকৃষ্ট করার জন্য হবে। নারীরা মাথার চুলকে উপর দিকে উল্টিয়ে খোপা বাঁধবে। যা উটের কুহানের মতো উঁচু হয়ে থাকবে। শুনেছি আজকাল নতুন বধুকে বিউটি পার্লারের লোকেরা এভাবে সাজিয়ে দেয় যে, তার মাথা উটের কুহানের মতো দেখা যায়। কবি বলেন,

মুখের প্রসাধনী আস্তরের উপর আস্তর
অবাক, কুহানের মতো মাথা বেঁধেছে,
আম্মিজানও অবাক হলো
দুলহান বিউটি পার্লার থেকে এসেছে।

যেহেতু আমাদের শিক্ষিত সমাজ নিজেদের বিবেক-বুদ্ধিকে হলিউড এবং বলিউড ওয়ালাদের নিকট বন্ধক রেখেছে। যেমনটি ভারতী ফিল্মে দেখেছে তেমনটি-ই নকল করতে শুরু করেছে এবং তার উপর ফ্যাশনের

লেভেল লাগিয়ে জায়েয করে নিয়েছে। নতুবা কতজন শিক্ষিত লোকের এ কথা জানা আছে যে, হলিউড তথা মুম্বাই এবং দিল্লিবাসীরা ফ্যাশনে কোন ডিজাইন করে? এগুলোর সবকিছুই ইহুদী ধর্মের পোকা। যারা এই উম্মতকে দিয়ে প্রত্যেক ওই কাজ করাতে চায়, যা আমাদের প্রিয় নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিষেধ করেছেন। তাই তারা এমন ফ্যাশনই আবিস্কার করে, যা করলে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতিপালক নারাজ হবেন আর তাদের রব ইবলিশ খুশি হবে। মূলত এই জাহেলী ফ্যাশনের আবিস্কারক ইহুদিরাই। যারা অক্সফোর্ড, ক্যামব্রিজ এবং হারোর্ড এর মতো বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা।

নারীদের বড় অপারেশনের ভবিষ্যত বাণী

আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয় নারীদের ধরা হবে। তারপর তাদের পেট ফাড়া হবে। তারপর যা কিছু গর্ভে থাকবে তা নেয়া হবে। ছেলে সন্তান হওয়ার ভয়ে তাকে বের করে ছুড়ে ফেলা হবে।

ফায়দাঃ বাচ্চা জন্মের সময় নারীদের বড় অপারেশন করা বিশ্ব ব্যাপী চিকিৎসা কেন্দ্রগুলোর বিশেষ উপদেশের অংশ বিশেষ। দেশব্যাপী বিস্তৃত এনজিও গুলোর উদ্দেশ্যই হলো যে কোনো ভাবে উম্মতে মুহাম্মদীয়াকে শেষ করে দেয়া। এনজিওদের পক্ষ থেকে পরিচালিত হসপিটালগুলোর ঘটনা অবাক হওয়ার মতো। বাতিল শক্তিগুলো চেষ্টা করছে যেনো মুসলমানদের বাচ্চা কম হয়। তার মধ্যে পৃথক চেষ্টা হলো যেনো ছেলে জন্ম না হয়। আর এজন্য তারা খাবার এবং পানীয়ের মধ্যে বিভিন্ন কেমিক্যাল মিশিয়েছে। যেমন মিনারেল ওয়াটারের ব্যাপারে মুহতারাম মুফতী আবু লুবাবাহ শাহ সাহেব (আল্লাহ তাকে হেফাজত করুন, আমীন) তার 'দাজ্জাল কোন, কব, কাহাঁ' নামক গ্রন্থে লিখেছেন, মিনারেল ওয়াটারের মধ্যে এমন সব কেমিক্যাল মিশানো হয়, যার কারণে বাচ্চা বেশি বড় হয়। যে কেউ মিনারেল ওয়াটারের কারখানা দিলে তার জন্য সেই কেমিক্যাল পানির মধ্যে মিশানো আবশ্যক। এছাড়া তাকে কারখানা করার অনুমতি দেয়া হবে না। ইউরোপ এবং আমেরিকাতে সফলতার

সাথে উদ্দেশ্য হাসিল করার পর ইহুদীরা জোর দিয়েছে ইসলামী বিশ্বের আবাদিগুলো কন্ট্রল করার দিকে। আর এর জন্য অগণিত পদ্ধতি অবলম্বন করা হচ্ছে। প্রাথমিক চেষ্টার মধ্যে একটি হলো, সাধারণ মানুষকে মিডিয়ার মাধ্যমে প্যাকেটজাত খাবার এবং পানীয়ের দিকে ধাবিত করা। সেসবের মধ্যে পেপসি, কোকা কোলা এবং মিনারেল ওয়াটার শীর্ষ স্থানে আছে। প্রাকৃতিক খাবারের অঢেল মজুদ থেকে মানুষকে হটিয়ে বার্গার, পিৎজা এবং অন্যান্য ফাষ্টফুডে অভ্যস্থ করা। এসব জিনিস ব্যবহার করলে পেট তো অবশ্যই ভরা মনে হবে, কিন্তু মানুষের প্রজনন ক্ষমতা দূর্বল হয়ে যায়। বর্তমানে যেখানে ইচ্ছা আপনি জরিপ চালাতে পারেন। আপনি একজন ফাষ্টফুড খানেওয়ালাকে দেখুন, আর একজন কুদরতী খাবার খানেওয়ালাকে দেখুন। ফাষ্টফুড খানেওয়ালাকে দেখতে মোটা সোটা মনে হবে। কিন্তু উভয়ের ভিতরের শক্তি বরাবর হবে না। প্রাথমিক এই কাজ করার পর বিশ্ব শয়তানী প্রতিষ্ঠানগুলো মিডিয়ার মাধ্যমে এই কথার উপর মেহনত করে, যেনো নারীদের মনে বিবাহের প্রতি ঘৃণা জন্মে। দেরিতে বিবাহ করা, এতো আগেই বিবাহের ঝামেলায় না জড়ানো, স্বাধীন জীবন উপভোগ করা ইত্যাদি। এই সব কথার উদ্দেশ্য একটাই, মুসলমানদেরকে স্বাভাবিক রীতি নীতি থেকে সরিয়ে অস্বাভাবিক জীবন যাপনে অভ্যস্থ করা। আর যখন একবার পা পিছলে যায়, তখন গোটা যিন্দেগী-ই পরিবর্তন এবং উল্টো হয়ে যায়। দেরিতে বিয়ে করার অনেক ক্ষতি রয়েছে। যা আপনি সামাজিক জীবনের প্রতি লক্ষ্য করলেই বুঝতে পারবেন। নির্বংশ করার পূর্বে প্রাথমিক স্তর হলো, বিয়ে করার পর শয়তানী মিডিয়া প্রথম থেকেই মানুষের ব্রেন ওয়াস করতে থাকে যে, বেশি সন্তান নিলে রিযিক কমে যাবে। দুটি সন্তানই যথেষ্ট, এই শ্লোগান এমন ভাবে মস্তিস্কে বসিয়ে দেয়া হয়েছে যে, শিক্ষিত সমাজ তাকে এখন গ্রহণ করে নিয়েছে। যদি কেউ না মানে, তাহলে তার জন্য রক ফেলার্জ বিশ্ব চিকিৎসা প্রতিষ্ঠানের মধ্যে কয়েকটি পদ্ধতি রেখেছে। বিভিন্ন এনজিও ডাক্তারদেরকে পরামর্শ দেয়, বাচ্চার প্রসব বড় অপারেশনের মাধ্যমে করবেন। যেমনটি আজ দেখছেন, কেমন ব্যাথাহীন বড় অপারেশন করছে। এসব প্রচেষ্টার মধ্যে সবচেয়ে ক্ষতিকর প্রচেষ্টা হচ্ছে, পোলিও টিকা খাওয়ানোর মাধ্যমে।

যে বাচ্চাকে পোলিও টিকা খাওয়ানো হচ্ছে, তাকে আল্লাহ তা'আলা হেফাজত করুন।

(পোলিও টিকার ব্যাপারে লেখক 'বার্মোডা ট্রায়েঙ্গেল এবং দাজ্জাল' নামক গ্রন্থে বিস্তারিত লেখেছেন।)

কলম ব্যাপক হওয়া

আব্দুল্লাহ বিন মাসউদ রা. থেকে বর্ণিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, কেয়ামতের আগে পরিচিত লোকদের সালাম করবে, ব্যবসা বেড়ে যাবে, এমনকি স্ত্রী তার স্বামীকে ব্যবসার কাজে সহযোগিতা করবে, আত্মীয়তা ছিন্ন হবে, কলম ব্যাপক হয়ে যাবে, মিথ্যা সাক্ষী বেড়ে যাবে এবং সত্য সাক্ষি চেপে যাবে।

-মুসনাদে আহমদ, মুসতাদরাকে হাকিম রহ. এর সনদকে সহীহ বলেছেন এবং হাফেজ যাহাবী রহ. নির্ভরযোগ্য বলেছেন।

প্রাচীন নিদর্শনসমূহ দেখতে নিষেধাজ্ঞা

আব্দুল্লাহ বিন ওমর রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, তোমরা সেসব লোকদের এলাকায় যাবে না, যাদের উপর আযাব নাযিল করা হয়েছে, তবে ক্রন্দনরত অবস্থায় যেতে পার। যদি কান্না না আসে তাহলে যেয়ো না। যাতে করে তোমাদের উপর তা এসে না যায়, যা তাদের উপর এসেছে।

আবদুল্লাহ বিন ওমর রা. বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এক সফরসঙ্গী কওমে সামুদের এলাকায় আসলো এবং তাদের কুপ থেকে পানি নিলো। সেই পানি দিয়ে আটার খামিরা তৈরি করলো। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে পানি কুপ থেকে নেয়া হয়েছিলো, তা ঢেলে দিতে আদেশ করলেন এবং আটার খামিরা উটকে খাওয়াতে বললেন। অতঃপর তিনি সাহাবাগণকে আদেশ করলেন, সালেহ আলাইহি ওয়া সাল্লামের উটনী যে কুপ থেকে পানি পান করতো তা থেকে পানি নিতে।

-বুখারী ও মুসলিম শরীফ।

আবু কাবশা আনমারী রা. বলেন, গযওয়ায়ে তাবুকে লোকেরা কওমে সামূদের জায়গা দেখতে দৌড়ে যাচ্ছিলো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই সংবাদ পেলেন। সবাইকে আওয়াজ দেয়া হলো, আস্ সালাতো জামিয়া। আবু কাবশা আনমারী রা. বলেন, আমিও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের খেদমতে হাজির হলাম। তিনি তখন নিজের উটনী ধরে দাঁড়িয়ে ছিলেন। তিনি বলছিলেন, তোমরা সেসব লোকদের কাছে যাচ্ছ যাদের উপর আল্লাহর গযব নাযিল হয়েছিলো? এ কথা শুনে একজন আওয়াজ দিলো, হে আল্লাহর রাসূল! আমরা কওমে সামুদের উপর খুব আশ্চর্য বোধ করছি? তখন তিনি বললেন, আমি কি তোমাদেরকে এরচেয়ে বেশি আশ্চর্যের সংবাদ দিবো না? তোমাদেরই একজন লোক তোমাদের আগের লোকদের সংবাদ দিচ্ছে এবং তোমাদের পর আগতদের সাংবাদও। সুতরাং ইসলামের উপর অটল থাক এবং সরল পথে চল। নিশ্চয় আল্লাহ তা'আলা তোমাদের শাস্তির ব্যাপারে কোনো পরোয়া করেন না। আগামীতে এমন লোক হবে যারা কোনো জিনিস দিয়েই নিজেদের প্রতিরোধ করবে না।

-মুসনাদে আহমদ; হাদীস নং ১৮৫১৬।

ফায়দাঃ লোকদেরকে মূর্খতার কার্লচারের প্রতি আকৃষ্ট করার জন্য পুরাতন নিদর্শনের নামে তোলপাড় শুরু হয়েছে। এ থেকে প্রত্যেক মুসলমানকে বেঁচে থাকা উচিত। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীনের উপর সন্তুষ্ট হওয়ার পর ফারায়েনা, মঞ্জুদার, হাড়পা, রাজা দাহির ও রঞ্জিত সিংকে মহব্বত করা এবং তাদের নিয়ে গর্ব করা, ইসলাম গ্রহণের পর মূর্খতার দিকে ফিরে যাওয়া। এসব কাজের জন্য ইসলামের দুশমনেরা কোটি ডলারের ফাণ্ড এমনিতে জারি করেনি। তারা এর পরিণাম জানে। মুসলমানদেরকে সেদিকে ধাবিত করার পর ইসলামের সাথে তাদের সম্পর্ক কতটুকু বাকি থাকবে। মিউজিয়ামে আর্টের নামেও শয়তানি কার্লচার মস্তিস্কে বসানো হয়।

কাফের এবং আল্লাহর নাফরমানদের সাথে থাকতে নিষেধাজ্ঞা

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, আমি প্রত্যেক ওই মুসলমান থেকে মুক্ত, যে মুশরিকদের মধ্যে অবস্থান করে। সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করেন, হে আল্লাহর রাসূল! সেটা কেনো? তিনি বলেন, মুসলমান এবং মুশরিক একে অন্যের আগুনও দেখবে না।

-আবু দাউদ ও তিরমিযী শরীফ।

ফায়দাঃ আগুন দেখার দ্বারা উদ্দেশ্য হলো ঘর দূরে দূরে হওয়া। এই হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কাফেরদের রাষ্ট্রে বসবাসকারী মুসলমানদেরকে হিজরতের প্রতি উৎসাহিত করেছেন। সুতরাং তাদেরকে কাফেরদের রাষ্ট্রে বসবাস না করা উচিৎ।

জারীর বিন আব্দুল্লাহ আল বাজালী রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, যে মুশরিকদের সাথে বাসস্থান গ্রহণ করলো সে আমার জিম্মাহ থেকে মুক্ত।

-তিবরানী; হাদীস নং ২২৬১, বায়হাকী; হাদীস নং ১৭৫২৮।

সামুরাহ বিন জুন্দুব রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, যে ব্যক্তি কাফেরদের সাথে মেলা মেশা করলো এবং কাফেরদের দেশে বসবাস করলো সে তাদের মতোই।

-আবু দাউদ শরীফ; হাদীস নং ২৭৮৭, তিবরানী শরীফ; হাদীস নং ৭০২৩, দায়লামী শরীফ; হাদীস নং ৫৭৫৬।

ফায়দাঃ আল্লামা শামসুল হক আযীমাবাদী রহ. আউনুল মাবউদ নামক গ্রন্থে এই হাদীসের ব্যাখ্যায় বলেন, এসব লোক কয়েকটি কারণে কাফেরদের মতো। কেননা আল্লাহর দুশমনের প্রতি গুরুত্ব দেয়া এবং তাদেরকে বন্ধু বানানো আবশ্যকীয় ভাবে তাকে আল্লাহ তা'আলা থেকে দূরে সরিয়ে দিবে। আর যে ব্যক্তি আল্লাহ তা'আলা থেকে দূরে সরে যায়, শয়তান তাকে বন্ধু বানিয়ে নেয় এবং তাকে কুফরের দিকে নিয়ে যায়। আল্লামা যমখশরী রহ. বলেন, এটা তো সহজেই বুঝে আসার কথা যে, বন্ধুর বন্ধুত্ব এবং দুশমনের বন্ধুত্ব একটি অন্যটির বিপরীত। এই হাদীসে অন্তরকে আল্লাহর দুশমন থেকে দূরে রাখা এবং তাদের সাথে মেলা মেশা ও বসবাস করতে নিষেধাজ্ঞা এসেছে।

-আউনুল মাবউদ।

সামুরাহ বিন জুন্দুব রা. থেকে বর্ণিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, তোমরা কাফেরদের সাথে বসবাস করো না। তাদের সাথে মেলামেশাও করো না। সুতরাং যে তাদের সাথে বসবাস করলো এবং তাদের সাথে মেলা মেশা করলো সে আমাদের দলভূক্ত নয়।
-ইমাম হাকিম রহ. মুসতাদরাকে হাকিমের মধ্যে এটি বর্ণনা করেছেন এবং বুখারীর শর্ত অনুযায়ী সহীহ বলেছেন, হাফেয যাহাবী রহ. বলেন, এটি বুখারী এবং মুসলিমের শর্ত অনুযায়ী সহীহ। তাছাড়া এটি তিবরানী রহ., বায়হাকী রহ. এবং ইমাম তিরমিযী রহ.ও বর্ণনা করেন।

ليس منا এর অর্থ-

শায়খুল ইসলাম হুসাইন আহমদ মাদানী রহ. 'মাআরিফে মাদানী' এর মধ্যে ليس منا এর এই অর্থ লিখেছেন যে, তারা মুসলমানের অন্তর্ভূক্ত নয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কথার ধরন এবং খেতাবের প্রতি লক্ষ্য করলে এ কথা বুঝায় যায়, এটি হুঁশিয়ারীর এমন একটি বাক্য ছিলো, যা এমন ক্ষেত্রে তিনি ব্যবহার করতেন, যেখানে স্পষ্ট ও অকাট্য কুফরী আছে অথবা কুফুরীর খুবই নিকটবর্তী অথবা ইসলামী যিন্দেগী থেকে খুবই দূরের অবস্থা বুঝানো হতো। সাধারণ গুনাহ এবং অন্যায় থেকে এটি অধিক কঠোর এবং অকাট্য কুফুরীর নীচের স্তরের। সুতরাং এই বাক্যের এমন অর্থ বর্ণনা করার কোনো প্রয়োজন নেই যে, সে আমাদের হেদায়াতের উপর নয় অথবা বাহ্যিক অর্থ বাদ দিয়ে অন্য কোনো ব্যাখ্যা অথবা পরিপূর্ণ মুসলিম নয়। শরীয়ত প্রবক্তা যেসব কাজের জন্য যেসব হুকুম বর্ণনা করেছেন এবং যেসব শব্দ ব্যবহার করেছেন, সে ক্ষেত্রে সেসব শব্দের অভিধানিক অর্থ নিয়ে, ব্যাখ্যা বিশ্লেষণ করে পরিস্থিতি ঘোলাটে করা উচিত নয়। যারা এই হীন চেষ্টায় লিপ্ত, তারা মুসলমানদেরকে ইসলাম এবং ঈমানের আমলী যিন্দেগী থেকে বঞ্চিত করছে। যার ফলে গোটা ইসলামী বিশ্বে দুই তৃতিয়াংশ মুসলমান একই ভূখন্ডে আমলের দিক থেকে মনচাহি এবং পথভ্রষ্ট যিন্দেগী যাপন করছে। যদিও বিশ্বাসের দিক থেকে তারা আহলে সুন্নাত হওয়ার দাবি করে।

-মাআরেফে হযরত মাদানী রহ./৪০৫।

মাদানী রহ. একটু পরে বলেন, এটা কেমন কথা যে, একজন লোক যত বড় ফাসেক ও গোনাহগার হোক যদি দু'একটি এখতেলাফী মাসআলায় আমাদের সহযোগী হয়, তাহলে আমরা তাকে দুনিয়ার সবচেয়ে উত্তম সৃষ্টি মনে করি? আরেকজন ব্যক্তি কত আমলদার এবং সৎ ব্যক্তি, কিন্তু কিছু আখলাকী বিষয়ে আমাদের সমমনা না হলে আমাদের দৃষ্টিতে তার চেয়ে খারাপ লোক আর কেউ নেই?

তিনি শেষের দিকে বলেন, ليس منا এর স্পষ্ট অর্থ হলো, সে মুসলমানের অন্তর্ভূক্ত নয়। এ থেকে প্রমাণিত হয় মুসালমানদের কোনো দলের উপর যুদ্ধের জন্য হাতিয়ার উঠানো এমন এক কাজ, যা করার পর মানুষ মুসলমান হওয়ার উপযুক্ত থাকে না।

বি.দ্র. কাফেরদের দেশে থাকার ব্যাপারে ফকীহগণ ফেকার কিতাবসমূহে বিস্তারিত আলোচনা করেছেন। কিন্তু আজ মুসলমান এ ব্যাপারেও সতর্কতা অবলম্বন করে না।

আল্লাহ তা'আলা এরশাদ করেন, সৎকাজ এবং তাকওয়ার ব্যাপারে তোমরা একে অপরকে সহযোগীতা কর। গুনাহ এবং অবাধ্যতার কাজে সহযোগীতা করো না।

ওমর রা. থেকে বর্ণিত, এক ব্যক্তি আব্দুল্লাহ বিন মাসউদ রা.কে ওলীমার দাওয়াত দিলো। যখন তিনি তার বাড়িতে গেলেন, তখন গানের আওয়াজ শুনলেন। তিনি ঘরে প্রবেশ করলেন না। মেজবান বললেন, কী হলো? তিনি বললেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, যে ব্যক্তি যেমন লোকদের সাথে থাকবে সে তাদেরই অন্তর্ভূক্ত হবে। আর যে ব্যক্তি যেমন লোকের কাজের উপর সন্তুষ্টি প্রকাশ করবে, সে তাদের সাথে শরীক হলো।

-মুসনাদে আবু ইয়ালা।

কতলের হুকুম দাতার ব্যাপারে

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এক সাহাবী বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, জাহান্নামের আগুনকে

সত্তর ভাগে ভাগ করা হয়েছে। উনসত্তর ভাগ কতলের হুকুম দাতার জন্য এবং এক ভাগ হত্যাকারীর জন্য।

-মুসনাদে আহমদ; হাদীস নং ২৩৭৬৮।

মুসলিম হত্যায় মদদ দাতা

আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, যে ব্যক্তি বাক্যের একটি অংশ দ্বারাও মুসলিম হত্যায় সহযোগিতা করলো, সে কিয়ামতের দিন আল্লাহর সাথে এমন ভাবে সাক্ষাত করবে যে, তার দুই চোখের মাঝখানে লেখা থাকবে 'আল্লাহ রহমত থেকে নৈরাশ'।

-সুনানে ইবনে মাজাহ; হাদীস নং ২৭১৮, সুনানে কুবরা লিল বায়হাকী; হাদীস নং ১৬২৯১।

ফায়দাঃ এই অবস্থা হলো ওই ব্যক্তির জন্য, যে বাক্যের একটি অংশ দ্বারা হত্যাকারীকে সহযোগিতা করলো। অর্থাৎ পুরো বাক্য 'তাকে হত্যা কর' বলেনি, বরং শুধু 'তাকে হত' এতটুকু বলেছে তার ব্যাপারেই এই হুকুম। সুতরাং মোশাররফ, হামিদ কারজাই, নূরী মালিকী, জালাল তালেবানীর মতো লোকদের কী অবস্থা হবে? যারা লাখো মুসলমান হত্যায় আমেরিকাকে সহযোগীতা করেছে। বোম্বিং করার জন্য বিমান ঘাটি করতে দিয়েছে। ক্রুজ মিজাইল নিক্ষেপের জন্য তাদেরকে নিজেদের সমূদ্রঘাটি দিয়েছে। কালেমা ওয়ালা মুসলমানদেরকে কতল করার জন্য আটান্ন হাজার উড্ডয়ন পাকিস্তানের যমীন থেকে করা হয়েছে। কতো যবান সেসব খুনীদের পক্ষে বলেছে, কতো কলম নিহত মুসলমানদের বিরুদ্ধে বিষ বর্ষণ করেছে। হায়! এমন একজনও তো থাকা উচিত ছিলো, যিনি নিহতদের কতল হওয়ার ফতোয়া দিতো। এমন একজনও তো থাকা উচিত ছিলো, যিনি আমেরিকা এবং তাদের সহযোগীদের থেকে হত্যার বদলা চাইতো। মনে হচ্ছে সবাই খুনীদের সাথে। ভাষনবিদদের কথা বলে কী আর হবে, তা তো মোশাররফ এবং তার ঠোলা বাহিনীও করছে। মুসলমানদের হত্যাকারী কাফেরদের ব্যাপারে কুরআন কী বলে? সেসব কাফেরদের সহযোগীদের ব্যাপারে কুরআন-হাদীসের বিধান কী? কারো কোনো পরোয়া নেই। মনে হচ্ছে ঘরের লোকেরা আমার কওমের হত্যাকারীদের সাথে আছে। কারণ, সরকার তো সেসব হত্যাকারীদের ইশারায় গঠিত হয় এবং

ভেঙ্গে যায়। তাদেরই ঠোটের হেলনেই চুক্তি সম্পাদিত হয়। বাহ্যিক বিরোধীতা কেবল লোক দেখানো এবং শ্লোগান মাত্র। চেহারা ভিন্ন, কিন্তু দাবী সকলেরই এক। আর সেটা খুনী যা ইচ্ছা করবে কিন্তু নিহতদের কোনো প্রকার বিরোধী পদক্ষেপ গ্রহণ জায়েয নেই। এতে ইসলামের বদনাম হয়ে যাবে। ইউরোপ আমেরিকাতে ইসলামের জোয়ার, যা অচিরেই হোয়াইট হাউজ এবং টেন ডাউন স্ট্রীটকেও নিজের আয়ত্বে নিয়ে যাবে, তা বন্ধ হয়ে যাবে। পশ্চিমারা ইসলাম থেকে বিমুখ হয়ে যাবে। আমাদের জন্য লন্ডন এবং ওয়াশিংটনে যাতায়াত মুশকিল হয়ে যাবে। সুতরাং খুনী খুন করতে থাকুক। মুখে তাকে ভালো মন্দ বল, নতুবা অন্তরে খারাপ মনে কর। তাহলেও উম্মতে মুহাম্মদী থেকে বের হবে না। কিন্তু নিহতদের পক্ষ থেকে প্রতিশোধের উদ্যোগ নেয়া হেকমত এবং মাসলাহাতের খেলাফ। হে আল্লাহ! হে আমাদের প্রতিপালক! আমরা আমাদের দূর্বলতা, ব্যবস্থাপনার স্বল্পতা এবং ভীরুতার জন্য তোমারই কাছে শেকায়াত করছি। হে আরশের প্রতিপালক! আমরা অসহায়, তুমি ছাড়া আমাদের কেউ নেই। আমাদের সাহায্য কর, সাহায্য কর, সাহায্য কর, হে সাহায্যকারী!

মুসলমানদের কতল করতে সহযোগীতা করা তো অনেক দূরের কথা রাসূলে মাদানী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তো সেখানে দাঁড়াতেও নিষেধ করেছেন, যেখানে অন্যায় ভাবে কোনো মুসলমানকে হত্যা করা হয়। এই ভয়ে যে, যদি আল্লাহর অসন্তুষ্টি পতিত হয়, তাহলে তাকেও বেষ্টন না করে নেয়।

খরসা বিন হারেসাহ রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, তোমাদের কেউ নিহত ব্যক্তির পাশে যেয়ো না। হতে পারে তাকে অন্যায় ভাবে হত্যা করা হয়েছে। যার ফলে আল্লাহর অসন্তুষ্টি নাযিল হতে পারে, যা তোমাদেরকেও বেষ্টন করে নিতে পারে।

-তিবরানী।

গরম পাথরের মতো ফেতনা

হুযায়ফা বিন ইয়ামান রা. বলেন, তোমাদের উপর ফেতনা আসবে। যা তোমাদের উপর হালকা কালো পাথর নিক্ষেপ করবে। তারপর

তোমাদের উপর ফেতনা আসবে। যা গরম পাথর নিক্ষেপ করবে। তারপর তোমাদের উপর এমন ফেতনা আসবে যা কালো আঁধার হবে।

-আবু নুআইম হিলিয়াতে বর্ণনা করেন, হাদীসটি হাসান।

ফায়দাঃ এর উদ্দেশ্য হলো, ফেতনা প্রথমে হালকা প্রকৃতির হবে। যা দেহ এবং দীনের উপর স্বল্প পরিসরে প্রতিক্রিয়া করবে। তারপর আগত ফেতনা প্রথম ফেতনা থেকে কঠোর হবে এবং দেহ ও দীনের উপর অধিক প্রতিক্রিয়া করবে। তারপর কালো আঁধারীর ফেতনা আসবে। যাতে হক বাতিল চেনা খুবই কঠিন হবে। মানুষ বাহ্যিক অবস্থা দেখে, লোক মুখে শুনে হককে বাতিল থেকে চিনে নিবে।

আমের বিন ওয়াসেলা হুযায়ফা বিন ইয়ামান রা. থেকে বর্ণনা করেন, তিনটি ফেতনা আসবে। তৃতীয় ফেতনা তাদেরকে দাজ্জাল পর্যন্ত নিয়ে যাবে। আর তিনটি ফেতনা হলো, এক. যা হালকা পাথর নিক্ষেপ করবে। দুই. যা গরম পাথর নিক্ষেপ করবে। তিন. কালো আঁধারির ফেতনা, যা সমুদ্রের ঢেউয়ের মতো উত্তাল।

-মুসান্নাফে ইবনে আবি শায়বা, হাদীসটি হাসান।

ফায়দাঃ এই বর্ণনার দ্বারাও আমাদের দূরত্ব অনুমান করতে পারি যে, আমরা কত দূরে অবস্থান করছি। এই তিন ফেতনার পর চতুর্থ যে ফেতনা আসবে, তা দাজ্জালের আগমন পর্যন্ত থাকবে। আর সেই চতুর্থ ফেতনা কী হবে? অন্য এক হাদীসে এই চতুর্থ ফেতনার বর্ণনাও এসেছে। যা মুসনাদে আহমদ, সুনানে আবু দাউদ এবং মুসতাদরাকে হাকীমে আছে।

উমায়ের বিন হানি রহ. আব্দুল্লাহ বিন উমর রা. কে বলতে শুনেছেন, তিনি বলেন, আমরা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের খেদমতে উপস্থিত ছিলাম। তিনি ফেতনার বর্ণনা করলেন এবং সেগুলোর বিস্তারিত আলোচনা করলেন। এমনকি আহলাসের ফেতনাও বর্ণনা করলেন। কেউ একজন জিজ্ঞেস করলেন, আহলাসের ফেতনা কী? তিনি বললেন, এই ফেতনা পালায়নের এবং ঘর বাড়ি লুটের ফেতনা হবে। তারপর আনন্দ এবং পরিতৃপ্তির ফেতনা হবে। যার ধোঁয়া এমন ব্যক্তির পায়ের নিচ দিয়ে বাহির হবে, যে ব্যক্তি ধারণা করবে, সে আমাদের অন্তর্ভূক্ত। অথচ সে আমাদের দলভূক্ত নয়। নিঃসন্দেহে আমার বন্ধুগণ তো

মুত্তাকী। তারপর মানুষ এক অনুপযুক্ত ব্যক্তির ব্যাপারে ঐক্যমত হবে। তারপর অন্ধকারের ফেতনা আসবে। আর সেই ফেতনা এমন হবে যে, উম্মতের এমন কোনো লোক থাকবে না, যে তার থাপ্পড় না খাবে। যখনই বলা হবে ফেতনা শেষ হয়ে গেছে, ফেতনা আরো প্রলম্বিত হবে। এসব ফেতনার মধ্যে মানুষ সকালে মুমিন থাকবে এবং বিকেলে কাফের হয়ে যাবে। মানুষ এই অবস্থার মধ্যেই থাকবে এই পর্যন্ত যে, দুই তাবুর মধ্যে উপনীত হবে। যার একটি ঈমানদারদের তাবু। যাতে মোটেও কোনো নেফাক নেই। অপরটি মুনফিকদের তাবু। যাতে মোটেও কোনো ঈমান নেই। যখন তোমরা এভাবে পৃথক হয়ে যাবে, তখন দাজ্জালের অপেক্ষা করবে যে, আজ আসবে নাকি কাল আসবে।

-আবু দাউদ, মুসতাদরাকে হাকিম এবং মুসনাদে আহমদ।

ফায়দাঃ এই হাদীস থেকে বুঝা গেলো, চতুর্থ ফেতনা অন্ধকারের ফেতনা হবে। সেই ফেতনার মধ্যে দাজ্জালের দাজ্জালিয়াতের প্রভাব থাকবে। সত্যকে মিথ্যা এবং মিথ্যাকে সত্য বানিয়ে দেয়া হবে। হককে বাতিল এবং বাতিলকে হক হিসেবে দেখানো হবে। মুক্তিদাতাকে দাজ্জাল এবং দাজ্জালকে মুক্তিদাতা দেখানো হবে। মুজাহিদকে সন্ত্রাসী এবং সন্ত্রাসীকে শান্তিরক্ষী হিসেবে দেখানো হবে। যাদের অন্তরে দুনিয়ার মহব্বত এবং মৃত্যুর ভয় থাকবে, সে সেই পথই অবলম্বন করবে যেখানে তার জান মাল আক্রান্ত হবে না, নফসের চাহিদায় বেঘাত ঘটবে না। সুতরাং দাজ্জালী সেই শক্তি দেখানো হলে সে তাকেই হক হিসেবে মেনে নিবে। পক্ষান্তরে সেসব লোক; যারা যে কোনো মূল্যে রবকে সন্তুষ্ট করার ফায়সালা করে ফেলবে, দুনিয়ার সব দৌলত লুটিয়ে দিয়ে আখেরাতের খাজানার সওদা অন্তরে গেঁথে নিবে, হকের পথে আগত বিপদ আপদ; বোমা, মিজাইল, ড্রোন তাদের অন্তরে এমন ভাবে বর্ষিত হবে যে, তাদের অন্তরের প্রতিটি কোনা থেকে নেফাকের টুকরোগুলো বের হয়ে থাকবে এবং অন্তরে কেবল ঈমানই চমকাতে থাকবে, এসব লোকের অন্তরকে আল্লাহ তা'আলা নিজের নূর দিয়ে ভরে দিবেন। যার মাধ্যমে তাঁরা এই ঘোর অন্ধকারেও বাতিলকে এমন ভাবে চিনতে পারবেন, যেমন দ্বীপ্রহরের সূর্যের আলোতে কোনো জিনিস চেনা যায়। ধীরে ধীরে মানুষ পৃথক হতে

থাকবে। যারা খালেছ ঈমানদার, অন্তরে বিন্দু মাত্র নেফাক নেই তারা। আর যারা মুনাফিক, যার অন্তরে বিন্দু মাত্র ঈমান নেই তারাও। বাতিল শক্তির ভয়, লোভ, ব্যবসায়ীক কল্যাণ, চাকরী চলে যাওয়ার ভয়, গ্রেফতার হওয়ার খতরা, দুনিয়ার লম্বা লম্বা আশা এসব বিষয় মানুষের অন্তর থেকে ঈমানকে এমন ভাবে নিংড়িয়ে বের করে নিবে যে, এক বিন্দু ঈমানও অন্তরে বাকি থাকবে না।

জাতীয়তা এবং দেশত্মবোধের ফেতনা

এই ফেতনা উম্মতে মুহাম্মদিয়ার অস্তিত্বের উপর চূড়ান্ত আঘাত হেনেছে। যার উপমা, হুবহু একজন জীবিত মানুষকে কেটে টুকরো টুকরো করে দেয়ার সাথেই করা যেতে পারে। যার হাত, পা, বাহু, মাথা, সীনা বিক্ষিপ্ত ভাবে ছড়িয়ে ছিটিয়ে আছে। জাতীয়তা এবং দেশত্মবোধের ফেতনা উম্মতের ঐক্যের এমনি অবস্থা করেছে।

জাতীয়তা এবং ইসলাম

জাহেলিয়াতের যুগে বন্ধুত্ব এবং শত্রুতার মাপকাঠি ছিলো গোত্রের প্রতি অতিরিক্ত মহব্বত। বিভিন্ন গোত্রের মধ্যে ঐক্য এবং বিরোধীতার ভিত্তিতে সামাজিক সম্পর্ক নির্ধারিত হতো। গোত্রের যে কোনো লোকের সাথে কারো লড়াই হলে, সেটাকে গোটা গোত্রের লড়াই মনে করা হতো। ঐক্যে আবদ্ধ গোত্রগুলোকেও তাদের সাহায্যে এগিয়ে আসতে হতো। এই কথার উপর কেউ কোনো ভ্রুক্ষেপই করতো না যে, কে জালেম এবং কে মাজলুম। রহমতুল্লিল আলামিন সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আগমনের পর, সকল মূর্তীকে না বলে দিলেন। আরবের মুশরিকরা যতগুলো মূর্তী তৈরি করে রেখেছিলো ‘লা ইলাহা’ এর এক যুদ্ধে সব মিসমার করে দিলেন। দু‘জাহানের সরদার, মানবতার ইমাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসব চিন্তা চেতনাকে বাতিল করে দিলেন। সম্পর্কের ভিত্তি স্থাপন করলেন ‘লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ’ এর উপর। গোত্র, জাতি এবং দেশত্মবোধের মূর্তীগুলোকে

টুকরো টুকরো করে দিলেন। যে একবার কালেমা পড়ে নিলো, সে ভাই হয়ে গেলো। তার দুঃখ বেদনায় শরীক হওয়া, তার প্রতি খেয়াল রাখা, এমনকি তার জন্য জীবন দিয়ে দেয়ারও ঘোষণা করা হলো। অথচ রক্ত সম্পর্কীয় বড় ভাই, যে কালেমাকে অস্বীকার করলো তাকে দুশমন ঘোষণা করা হলো। কালেমায়ে তাওহীদ তাদের অন্তরে এমন ভাবে জায়গা করে নেয় যে, প্রত্যেকের জীবন-মরণ কালেমার ভিত্তিতেই হবে। যে এই কালেমার হয়ে গেলো, সে তার হয়ে গেলো। যে এই কালেমাকে অস্বীকার করলো, সে তার দুশমন হয়ে গেলো। তার মহব্বত এই কালেমার জন্য ছিলো এবং ঘৃণাও এই কালেমার জন্যই। বন্ধুত্ব তার জন্য এবং দুশমনিও তারই উপর প্রতিষ্ঠিত। কেউ রোম থেকে এসেছিলো, কেউ পারস্য থেকে। কিন্তু কালেমা পড়ে নেয়ার পর সবাই একটি দেহ হয়ে গেলো। আর সেই আরব; যারা জাতি এবং গোত্রের নামে যুদ্ধে লিপ্ত হতো, আজ এই কালেমা তাদের শ্লোগান হয়ে গেলো। এখন এই কালেমার জন্যই যুদ্ধ আর এই কালেমার জন্যই সন্ধি। যারা এই কালেমার উপর জান দিলো, নবুওয়াতের যবানে তাদের জন্য সুসংবাদ শুনানো হলো। আর যারা এই কালেমা ছাড়া অন্য কোনো চেতনার জন্য জীবন দিয়েছে, তাদেরকে ব্যর্থ ঘোষণা করা হলো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবনীতে এমনই এক ঘটনা রয়েছে। কিছু লোক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে আরব্য জাতীয়তাবাদের চেতনায় যুদ্ধে লিপ্ত হয়েছিলো এবং নিহত হয়েছিলো। কিন্তু তাদেরকে তিনি জাহান্নামী ঘোষণা করলেন। আল্লাহ তা'আলা কেবল সেসব লোকদেরকেই পছন্দ করেন, যাদের সবকিছু এই কালেমা। এছাড়া সকল সম্পর্ক গোড়ামী এবং মূর্খতা। লড়াই-হত্যা মন্দ জিনিস। কিন্তু তা যদি এই কালেমার বিজয় এবং দীন বাস্তবায়নের জন্য হয়, তাহলে এই কাজের জন্য ফেরেস্তারাও সালাম করে। আল্লাহ তা'আলা তা আদায়ের কসম করেন। তাদের মর্যাদা বৃদ্ধির বিভিন্ন ঘোষণা করা হয়। কিন্তু যদি কেউ নিজের জাতি, গোত্র অথবা দেশত্মবোধের জন্য যুদ্ধ করে, তাহলে তা গোড়ামী এবং মূর্খতা। আর তার জন্য জীবন দাতারাও জাহেলিয়াতের মৃত্যুবরণ করলো।

ইসলামের মুকাবেলায় দেশত্মবোধ

ইসলামের দুশমনেরা উম্মতে মুসলিমাকে খেলাফত থেকে মাহরুম করে পঞ্চাশেরও অধিক টুকরোতে বিক্ষিপ্ত করেছে এবং প্রত্যেক ভূখন্ডে নিজেদের সেবাদাসকে ক্ষমতায় বসিয়ে দিয়েছে। এই রাষ্ট্রপ্রধানরা ইহুদী মায়েদের কোলে পালিত হয়েছে। তাদের কোলেই বড় হয়েছে। ইসলামের প্রতি ঘৃণা অন্তরে নিয়ে যুবক হয়েছে। সারা জীবন ইহুদীদের সেবাদাস হয়েই থাকবে। তারা জনগণকে সেই সবকই দিচ্ছে, যা তাদেরকে তাদের ইহুদী মায়েরা পান করিয়েছে। সুতরাং তারা তাদের নিজেদের রাজ্যে ইসলামী চেতনার পরিবর্তে দেশত্মবোধ এবং জাতীয়তার চেতনা দিয়েছে। দেশত্মবোধের ভূত নিজের যাদু দিয়ে মুসলমানদেরকে এমন ভাবে কাবু করেছে যে, দারুল হরবে (যে দেশের সাথে মুসলমানদের যুদ্ধ ঘোষণা করা হয়েছে) বসবাসরত মুসলমানরাও কাফেরদের দেশের সাথে কৃতজ্ঞতার শপথ নিচ্ছে। এমনকি মুসলমানদের মুকাবেলায় তারা কাফেরদের পক্ষ নিয়ে লড়াই করছে এবং এটাকে তারা কোনো গুনাহ মনে করছে না। অথচ শরয়ী কোনো প্রয়োজন ছাড়া তাদের জন্য দারুল হরবে থাকাও জায়েয নেই। এভাবেই ইসলামের দুশমনরা দেশত্মবোধের মূর্তী বানিয়ে তাওহীদের উম্মতকে বিক্ষিপ্ত করে রেখেছে। যারা পূর্ব থেকে পশ্চিম দিগন্ত পর্যন্ত একটি ইসলামী মালার মধ্যে গাঁথা ছিলো। যেখানে শরয়ী মাসায়েলের ভিত্তি ইসলাম ও কুফরের উপর ছিলো, সেখানে আজ তা দেশত্মবোধের উপর হচ্ছে। সেসব মাসআলাকে বিলকুলই ভুলিয়ে দেয়া হয়েছে, যেগুলো দুনিয়ার যে কোনো প্রান্তে বসবাসরত মুসলমানকে উম্মতে মুহাম্মাদিয়ার অংশ করতো। বরং আজ তো তাদেরকে উম্মতের অংশ বানানোর পরিবর্তে অন্য কোনো দেশের বাসিন্দা বলে কাফেরদের দয়া দক্ষিণার উপর ছেড়ে দেয়া হয়েছে। ফলাফল এই দাঁড়িয়েছে, এক দেশের মুসলমানের উপর যদি কোনো কষ্ট আসে, তাহলে পরশী দেশের মুসলমানেরা নিজেদের জঞ্জাল নিয়েই ব্যাস্ত থাকে। কোনো মুসলমান দেশের উপর কাফেররা আক্রমণ করলে, বাকি মুসলমানেরা ঘুমিয়ে থাকে। অথচ কুরআন হাদীস অনুযায়ী তা সমস্ত মুসলমানের উপর হামলা ছিলো।

কিন্তু সেসব রাষ্ট্র প্রধানরা নতুন যে শরীয়ত জনগণের জন্য চালু করেছে, তা অনুযায়ী সেটি অন্য দেশের মুসলমানের ব্যাপার। তার দেশের বাস্তবতা এই অনুমতি দেয় না যে, সে নিজের ভাইদের সাহায্যের ব্যাপারে চিন্তা করবে।

এভাবেই ইহুদি নাসারারা একের পর এক মুসলিম দেশের উপর প্রাধান্য বিস্তার করছে। মুসলমানদের আসবাবপত্র, শিক্ষা প্রতিষ্ঠান এবং সেরা মস্তিস্কগুলো হস্তগত করছে। সবশেষে সেই দিনও এসে গেছে, যখন আল্লাহর দুশমন ইহুদীরা পঞ্চাশের অধিক মুসলিম দেশ থাকা সত্ত্বেও ১৯৬৭ সালে প্রথম কেবলা দখল করে নেয়। প্রথম কেবলা দখলের পরও ইসলামী বিশ্ব জাগ্রত হয়নি। এই সুযোগে যদিও কিছু আরব দেশ আরব্য জাতীয়তাবাদের ধোঁয়া তুলে ইসরাইলের সাথে যুদ্ধ করেছে কিন্তু তাদের জাতীয়তার মূর্তী তাদের কোনো উপকারই করতে পারলো না। ব্যাপারটা প্রথম কেবলা পর্যন্তই সীমাবদ্ধ থাকলো না। ইহুদী নাসারারা মক্কা মদীনার আশেপাশেও পৌছে গেছে। যেই ভূখন্ড থেকে আমাদের প্রিয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে বহিস্কার করতে আদেশ দিয়েছেন, ১৪০০ বছর পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুশমনরা পুনরায় সেখানে এসেছিলো এবং সব সৈন্য সামন্ত নিয়েই এসেছিলো। এটাকে ইসলামের দুশমনদের শক্তির মেহনত বলব, নাকি আমাদের অলসতা বলবো? দেশত্মবোধের শ্লোগান দিয়ে মুসলমান নিজেদেরকে মুসলমান মনে করে। অথচ ইসলাম এবং দেশত্মবোধের সম্পর্ক ঠিক তেমনি, যেমন ইসলাম এবং লাত মানাতের মূর্তীর সম্পর্ক। দেশত্মবোধ একটি মূর্তী, যা বিশ্ব ফেতনাবাজরা উস্কে দিয়েছে। দীন মানেই হলো ইসলাম। শুরু থেকে শেষ পর্যন্ত কেবলই ইসলাম। দীনে হানীফের মেযায এতই অনুভূতিশীল যে, তার অনুসারীদের কাছে শতভাগ একনিষ্ঠ আনুগত্য চায়। শিরকের সামান্যতম আশঙ্কাও তার মেযায সহ্য করে না। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতিপালক ঘোষণা করেন, হে ঈমানদারগণ! পরিপূর্ণ ইসলামে প্রবেশ কর। আর শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না।

সুতরাং ইসলাম যদি এই হুকুম দেয়, তোমরা যে ভূমিতে বসবাস করছো তার বিরুদ্ধে মুসলমানদের সহযোগীতা কর, তাহলে মাতৃভূমি ছেড়ে মুসলমানদের সহযোগীতা করতে হবে। ইসলাম যদি হুকুম দেয়, তোমরা যে দেশে বসবাস করছ তা ছেড়ে চলে যাও, তাহলে তাই বাস্তবায়ন করতে হবে। এমনটি হতে পারে না যে, ইসলামকেও মানবে আবার অন্তরে মাতৃভূমির মূর্তীও লালন করবে। ইসলাম কোনো হিন্দুবাদ, খ্রিস্টবাদ কিংবা ইহুদীয়াত নয়। এটি দীনে হানীফ। যা কেবল নিজের অনুসারীদেরকেই আপন মনে করতে চায়। যেসব অন্তরে তার মহব্বত ছাড়া অন্য কোনো মূর্তীর মহব্বত থাকবে, সেসব অন্তর সে গ্রহণ করে না। নবীদের ইতিহাস সাক্ষি, যখন তাদের কওম তাদেরকে প্রত্যাখ্যান করেছে, তাদেরকে হিজরত করতে হুকুম দেয়া হয়েছে। তখন নবীগণ দেশপ্রেমের শ্লোগান দেননি। বরং দীনকে প্রাধান্য দিয়েছেন এবং মাতৃভূমি ছেড়ে চলে গেছেন। জন্মভূমি ত্যাগ কোনো চাট্টিখানি কথা নয়। মানুষ যেখানে লালিত পালিত হয়েছে, যার অলিতে গলিতে খেলা ধূলা করেছে, অন্তরে তার মহব্বত থাকা স্বভাবগত বিষয়। তাকে ছেড়ে অন্য কোথাও গিয়ে আবাদ হওয়া খুবই কষ্টসাধ্য ব্যাপার। তবে এই মহব্বতের পরিমাণটা মাল-দৌলত, মান-সম্মান এবং আত্মীয়স্বজনের মহব্বতের মতো। সুতরাং এ ক্ষেত্রে যেমন ভাবে এই শ্লোগান দেয়া যাবে না যে, প্রথমে মাল-দৌলত তার পর ইসলাম, ঠিক তেমনি ভাবে মাতৃভূমির শ্লোগানও লাগানো যাবে না।

সায়্যিদুনা ঈসা আ. কে জন্মভূমি ছেড়ে কিশতিতে আরোহন করতে বললেন এবং এই দু'আ শিখিয়ে দিলেন, আপনি বলুন, সকল প্রশংসা আল্লাহ তা'আলার জন্য। যিনি যালেম কওম থেকে মুক্তি দিয়েছেন। আপনি আরো বলুন, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে বরকতময় স্থানে অবতরণ করান। আপনি-ই সবচেয়ে উত্তম অবতরণ করানে ওয়ালা।

সায়্যিদুনা ইবরাহিম আ. মূর্তীগুলো ভাঙ্গার পর ঘোষণা করেন, নিশ্চয় আমি আমার প্রতিপালকের নিকট যাচ্ছি। তিনি আমাকে পথ প্রদর্শন করবেন।

এছাড়াও লুত আ., মুসা আ., ইউসুফ আ. এবং আসহাবে কাহাফ নিজেদের দীন বাঁচাতে মাতৃভূমি ছেড়ে হিজরত করেছেন। সর্বশেষ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকেও মক্কা ছেড়ে চলে যাওয়ার নির্দেশ দেয়া হয়েছে। ঘোষণা করা হলো, যারা জন্মভূমির মুকাবেলায় ইসলামকে গ্রহণ করবে, তারাই মুসলিম বলে গন্য হবে। এছাড়া ঈমান গ্রহণযোগ্য হবে না। পক্ষান্তরে আল্লাহর দুশমনরা সবসময় আল্লাহ ওয়ালাদের বিরুদ্ধে দেশপ্রেমকে গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে ব্যবহার করেছে। কখনো দেশত্মবোধকে উস্কে দিয়ে হকপন্থীদের বিরোধীতা করেছে, কখনো আল্লাহ ওয়ালাদেরকে দেশান্তরীণ করার হুমকি দিয়েছে। আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে এরশাদ করেন, কাফেররা তাদের রাসূলদেরকে বলে, হয়তো তোমরা আমাদের ধর্মে ফিরে আসবে নতুবা অবশ্য আমরা তোমাদেরকে আমাদের দেশ থেকে বের করে দিবো।

শুআইব আ. কে তাঁর কওমের অহংকারী সরদাররা বললো, হে শুআইব! তোমরা অবশ্যই আমাদের ধর্মে ফিরে আস, নতুবা নিশ্চয় আমরা তোমাকে এবং তোমার সাথের ঈমানদারগুলোকে আমাদের আবাদী থেকে বের করে দিবো।

লুত আ. এর উপদেশের জবাবে তাঁর কওম তাকে বললো, আর তাঁর কওমের জবাব এটাই ছিলো, তাকে আমাদের আবাদী থেকে বের করে দাও। এরা নিজেদেরকে খুব পুত-পবিত্র মনে করে।

সর্বশেষ নবী মুহাম্মাদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিরুদ্ধেও কাফেররা একই অস্ত্র ব্যবহার করতে চেয়েছে। আল্লাহ তা'আলা এরশাদ করেন, আর যখন আপনার বিরুদ্ধে কাফেররা চক্রান্ত করছিলো, যাতে তারা আপনাকে গ্রেফতার করে ফেলে এবং কতল করে ফেলে অথবা আপনাকে দেশান্তর করে দেয়। তারা চক্রান্ত করছিলো আল্লাহ তা'আলাও জবাব দিচ্ছিলেন, আর আল্লাহ তা'আলাই সর্বোত্তম জবাব দাতা।

জ্ঞানীদের জন্য এতে বড় উপদেশ রয়েছে। মক্কার মতো পবিত্র নগরী, যেখানে আল্লাহর ঘর আছে। যেটি গোটা মুসলিম বিশ্বের মারকায। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কতো মহব্বত ছিলো এই শহরের সাথে। যার বহিঃপ্রকাশও তিনি করেছেন। কিন্তু এতদসত্ত্বেও তা ছেড়ে

চলে যাওয়ার হুকুম করা হলো। এমনকি মক্কা বিজয়ের পরও কোনো মুহাজিরকে সেখানো স্থায়ী বসবাসের অনুমতি দেয়া হয়নি। কোনো একজন মুসলমানও মক্কার ফযীলত, তার ভৌগোলিক অবস্থান এবং ঐতিহাসিক গুরুত্ব বর্ণনা করেননি। বরং সকলেই নিজের রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হুকুমে সকল মহব্বত, বিশ্বাস এবং স্বপ্ন কুরবানী করেছেন।

মূলকথা এটাই যে, আল্লাহ তা'আলা আমাদের জন্য সংবিধান এবং নিয়ম নীতি তৈরি করে দিয়েছেন। তারই ভিত্তিতে আমাদের চেতনা, আচার-আচরণ, লেনদেন এবং সম্পর্ক ঠিক করতে হবে। সেসব নিয়ম নীতি থেকে সরে গেলে, না কোনো চেতনা গ্রহণযোগ্য হবে, না কোনো মহব্বত। তারপরও যদি কেউ ইসলামের মুকাবেলায় সেসব বস্তুর মহব্বত অন্তরে পোষণ করে, তাহলে সে তাগুতের পূজা করলো। যদি কেউ সেই তাগুতের পক্ষে যুদ্ধ করে, তাহলে তা হবে মূর্খতা এবং জাহেলিয়াত। সেটাই কেবল জিহাদ হবে যা আল্লাহর দীনকে উচু করার জন্য হবে।

দেশপ্রেম কি ঈমানের অংশ?

মাতৃভূমির ব্যাপারে মানুষের মধ্যে এ কথা প্রশিদ্ধ আছে যে, হাদীস শরীফে এসেছে, দেশপ্রেম ঈমানের অঙ্গ। এটি জাল হাদীস। মোল্লা আলী কারী রহ. 'আল মাসনু'অ ফি মা'রেফাতি হাদীসীল মাওজু' গ্রন্থে বলেন, হাদীসের হাফেজদের নিকট এই হাদীসের কোনো ভিত্তি নেই। ইমাম সাগানী রহ. 'আলা মাউজুআত লিস সাগানী' গ্রন্থে এটিকে মাউজু বলেছেন।

জানা সত্ত্বেও এটিকে হাদীস হিসেবে বর্ণনা করা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর অপবাদ দেয়া। আর যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর অপবাদ দিবে, তার ঠিকানা জাহান্নাম।

জিহাদ কী?

এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এসে জিজ্ঞেস করলো, আল্লাহর রাস্তায় জিহাদ কাকে বলে? কারণ আমাদের মধ্যে অনেকেই ব্যক্তিগত জিদের জন্য যুদ্ধ করে, আবার অনেকেই কোনো চেতনার (ভাষা, জাতীয়তা এবং দেশপ্রেম) জন্যে যুদ্ধ করে। এ কথা শুনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রশ্নকারীর দিকে মাথা উঠালেন এবং বললেন, যে ব্যক্তি আল্লাহর কালেমার বিজয়ের জন্য যুদ্ধ করলো, সে আল্লাহ রাস্তার যোদ্ধা।

-বুখারী ও মুসলিম শরীফ।

দ্বিতীয় হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, যে ব্যক্তি এমন পতাকার নীচে যুদ্ধ করলো, যার উদ্দেশ্য জানা নেই অথবা কোনো চেতনার (ভাষা, জাতীয়তা, খান্দান) ভিত্তিতে রাগ করলো অথবা কোনো চেতনার দিকে মানুষকে আহ্বান করলো, অথবা কোনো চেতনার ভিত্তিতে সহযোগীতা করলো এবং মরে গেলো, সে জাহেলিয়াতের উপর মৃত্যুবরণ করলো।

-মুসলিম শরীফ।

এই হাদীস থেকে নীচের কথাগুলো জানা যায়; যেগুলো থেকে বেঁচে থাকা জরুরী।

১. যে ব্যক্তি এমন লড়াইয়ে যুদ্ধ করবে যার উদ্দেশ্য জানা নেই অথবা তার এই কথা জানা না থাকে যে, সে কেনো এবং কার জন্য যুদ্ধ করছে।

২. যেকোনো ধরনের চেতনা যেমন জাতীয়তা, ভাষা, দেশাত্মবোধ, খান্দানী ইত্যাদির কারণে উত্তেজিত হওয়া।

৩. এগুলোর কোনো একটির দিকে কাউকে দাওয়াত দেয়া অথবা দল বানানো।

৪. এসব চেতনার ভিত্তিতে কাউকে সহযোগীতা করা।

যদি কোনো মুসলমান উল্লেখিত অবস্থাগুলোর কোনো একটিতে মারা যায়, তাহলে তার মৃত্যু আল্লাহর অবাধ্যতায় হবে। বর্তমানে মানুষ বিভিন্ন চেতনার উপর যুদ্ধ করে এবং তাকে জিহাদ নাম দেয়। এটা সম্পূর্ণ ভুল। জিহাদ তাকেই বলে, যাতে আল্লাহর দীনের বিজয়ের জন্য যুদ্ধ করে। আর

এ জন্য জীবন দাতাকে শহীদ বলা হবে। অন্যথায় হিন্দুরাও তো কাশ্মিরের মুজাহিদীনের বিরুদ্ধে লড়াইয়ে মারা যাওয়া সৈন্যদেরকে শহীদ বলে।

ঈমান এবং নেফাক

আলী রা. বলেন, নিশ্চয় অন্তরে ঈমান সামান্য সাদা বস্তুর মতো দৃশ্যমান হয়। অতঃপর যখনই ঈমান মজবুত হয়, সেই সাদা অংশ বাড়তে থাকে। এমনি ভাবে যখন ঈমান পূর্ণ হয়ে যায়, অন্তর পরিপূর্ণ সাদা হয়ে যায়। আর নিশ্চয় অন্তরে নেফাকী সামান্য কালো বস্তুর মতো দৃশ্যমান হয়। অতঃপর যখন নেফাকী বাড়তে থাকে, অন্তরের কালো অংশও বাড়তে থাকে। সুতরাং যখন নেফাক পূর্ণ আকার ধারণ করে, তখন পুরো অন্তর কালো আকার ধারণ করে। আল্লাহর কসম, যদি তোমরা মুমিনের অন্তর ফেড়ে দেখো, তাহলে তা সাদা পাবে। আর মুনাফিকের অন্তর চিড়ে দেখো, তা কালো পাবে।

-বায়হাকী-শুআবুল ঈমান; হাদীস নং ৩৮, ইবনে মুবারক রহ.-যুহুদ; হাদীস নং ১৪৪০, ইবনে আবী শায়বা র.;হাদীস নং ৩০৩২১।

নেফাকের নিদর্শনসমূহ

আব্দুল্লাহ ইবনে উমর রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, চারটি বস্তু যার মধ্যে থাকবে সে খালেস মুনাফিক। যার মধ্যে এই বস্তুগুলোর একটি থাকবে, তার মধ্যে মুনাফেকির একটি নিদর্শন থাকবে, যতক্ষন না সে তা ত্যাগ করবে। যখন আমানত রাখা হবে তাতে খেয়ানত করবে। যখন কথা বলবে মিথ্যা বলবে। যখন ওয়াদা করবে তা ভঙ্গ করবে। যখন ঝগড়া করবে গালি গুলুজ করবে।

-বুখারী ও মুসলিম শরীফ।

ফায়দাঃ আল্লাহর সাথে যদি বান্দার এমন আচরণ হয়, তাহলে কী হবে? আল্লাহ তা'আলার সাথে লা ইলাহা ইল্লাল্লাহ মুহাম্মাদার রসূলুল্লাহ'র ওয়াদা করা হয়েছে। যদি কোনো মুসলমান এই ওয়াদার খেলাফ করে, তাহলে তাকে কী বলা হবে? আল্লাহ তা'আলা মানব জাতি থেকে ওয়াদা নিয়েছেন, আমি কি তোমাদের রব নই? আল্লাহ ছাড়া আমেরিকা এবং

আই.এম.এফ'কে রব মানতে শুরু করলে তাকে শরীয়ত কী বলবে? আল্লাহকে ছাড়া অন্য কাউকে বিচারক মানলে, অন্য কাউকে ভয় করলে, তা সেসব কথার অন্তর্ভূক্ত, বান্দা আপন রবের সাথে যেসবের ওয়াদা করেছে।

জিহাদ না করা এবং জিহাদের প্রস্তুতি না নেয়া নেফাকের একটি আলামত

আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, যে ব্যক্তি এমতাবস্থায় মারা গেলো যে, জিহাদ করেনি, নিজেকে জিহাদের জন্য প্রস্তুতও করেনি, সে নেফাকের একটি অংশের উপর মৃত্যুবরণ করলো।

-মুসলিম শরীফ; হাদীস নং ১৯১০, মুসনাদে আহমদ; হাদীস নং ৮৮৫২, আবু দাউদ শরীফ; হাদীস নং ২৫০২, তারীখে কাবীরে ইমাম বুখারী রহ, নাসায়ী শরীফ; হাদীস নং ৩০৯৭, মুসতাদরাকে হাকিম; হাদীস নং ২৪১৮, বায়হাকী হাদীস; নং ১৭৭২০।

ফায়দাঃ মুসলিম শরীফের ব্যাখ্যাকার ইমাম নববী রহ. এই হাদীসের ব্যাখ্যায় বলেন, এর দ্বারা উদ্দেশ্য হলো, যে ব্যক্তি এমন অবস্থায় মৃত্যুবরণ করলো, সে সেসব মুনাফিকদের মতো হয়ে গেলো যারা জিহাদ থেকে পিছনে থাকতো। কারণ, জিহাদ ছেড়ে দেয়া নেফাকীর একটি অংশ।

আল্লামা সিন্দি রহ. 'হাশিয়াতুস সিন্দি আলা সুনানিন নাসাঈ' গ্রন্থে এই হাদীসের ব্যাখায় বলেন, নিজেকে জিহাদের জন্য প্রস্তুতও করলো না, এই কথার অর্থ হলো, সে অন্তর থেকে এই কথা বলবে, হায়! যদি আমি গাজী হতাম। অথবা এর দ্বারা উদ্দেশ্য হলো, সে জিহাদের নিয়তও করলো না। আর জিহাদের নিয়তের নিদর্শন হলো জিহাদের সরঞ্জাম তৈরি করা। আল্লাহ তা'আলা এরশাদ করেন, যদি বের হওয়ার ইচ্ছে থাকতো তাহলে অবশ্যই এর কিছু সরঞ্জাম তৈরি করতো।

মোল্লা আলী কারী রহ. মেরকাত গ্রন্থে বলেন, এর অর্থ হলো, জিহাদের ইচ্ছা করেনি এবং এ কথাও বলেনি, হায়! যদি আমি মুজাহিদ হতাম। এর অর্থের ব্যাপারে এটিও বলা হয়েছে যে, জিহাদে যাওয়ার ইচ্ছা করেনি। আর এই ইচ্ছার বাহ্যিক নিদর্শন হলো, জিহাদের সরঞ্জাম তৈরি

করা। আল্লাহ তা'আলা এরশাদ করেন, যদি তারা জিহাদে যাওয়ার ইচ্ছা করতো, তাহলে অবশ্যই এর জন্য সরঞ্জাম তৈরি করতো। এই কথার সত্যায়নে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, সে নেফাকীর একটি নিদর্শনের উপর মৃত্যুবরণ করলো। অর্থাৎ যে এই অবস্থার উপর মৃত্যুবরণ করলো, সে সেসব মুনাফিকদের মতো হয়ে গেলো, যারা জিহাদ থেকে পিছনে থাকতো। আর যে ব্যক্তি কোনো জাতির অনুসরণ করলো সে তাদেরই অন্তর্ভূক্ত। এ কথাও বলা হয়েছে যে, এই হুকুম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানার সাথে নির্দিষ্ট। অথচ এটাই অধিক স্পষ্ট যে, এটি ব্যাপক হুকুম।

কোনো মুসলমানকে মুনাফিক বলা

আব্দুল্লাহ বিন উমর রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, কোনো মুসলমান অপর মুসলমানকে কাফের বললে তাদের দু'জনের একজন কাফের। যাকে কাফের বলা হয়েছে, যদি সে সত্যিই কাফের হয়, তাহলে বলনে ওয়ালা সত্যবাদি। আর যদি সে কাফের না হয়, তাহলে বলনে ওয়ালার উপর কুফুরী প্রত্যাবর্তণ করবে।
-আদাবুল মুফরাদ; ইমাম বুখারী রহ.। আল্লামা আলবানী রহ. এটিকে সহীহ বলেছেন।

ফায়দাঃ এর উদ্দেশ্য হলো, যাকে কাফের বলা হয়েছে, যদি তার মধ্যে এমন কোনো বস্তু পাওয়া যায়, যার কারণে যে কোনো মুসলমান ইসলাম থেকে বের হয়ে যায়, যাকে ঈমান ভঙ্গকারী বলা হয়, তাহলে তো বলনে ওয়ালার কোনো গুনাহ হবে না। কিন্তু যদি সেই ব্যক্তি থেকে এমন কোনো কথা বা কাজ না পাওয়া যায়, যা তাকে ইসলাম থেকে বের করে দেয়, তাহলে বলনে ওয়ালা অনেক বড় জুলুম করলো। এ কথা বলা হয়েছে যে, তার গুনাহ এবং শাস্তি বলনে ওয়ালার উপর ফিরে আসবে। কোনো প্রমাণ ছাড়া কোনো মুসলমানকে মুনাফিক বলার হুকুম এমনই। উমর বিন খাত্তাব রা. এর যুগে এক বিচারক নিজের এক সৈন্যকে মুনাফিক বলল। আমীরুল মুমিনীন তার বিরুদ্ধে আদালত বসালেন। যখন এ কথা প্রমাণিত হলো, যাকে মুনাফিক বলা হয়েছে সে মুনাফিক নয়, বরং বিচারক প্রমাণ ছাড়াই তাকে মুনাফিক বলেছে, তখন আমীরুল মুমিনীন সেই

বিচারককে চাবুক লাগানোর হুকুম দিলেন। কিন্তু সেই সৈন্য তাকে ক্ষমা করে দেন। সুতরাং এ ব্যাপারে খুবই সতর্ক থাকা উচিত। শুধু সন্দেহবশত এমন কোনো কথা বলা, যার শাস্তি নিজের উপরই ফিরে আসে এবং আল্লাহর অসন্তুষ্টি ডেকে আনে, তা খুবই ক্ষতিকর কথা। দীনের বিজয়ের জন্য যোদ্ধাদেরকে প্রত্যেক ব্যাপারে শরীয়তের প্রতি খেয়াল রাখতে হবে। আল্লাহর হুকুমের বিরুদ্ধে কোনো উত্তেজনাকে, কোনো প্রতিশোধ স্পৃহাকে, কোনো ব্যক্তিগত চাহিদাকে বিজয়ী হতে দেয়া যাবে না। আল্লাহর জন্য সবকিছু কুরবানকারীর সব ইচ্ছা আল্লাহ সন্তুষ্টির অনুগত থাকা উচিত। বিশেষত দায়িত্বশীলরা নিজের অনুগতদের সামনে এমন কোনো কথাই বলবে না। কারণ, অনুগতরা প্রত্যেক মজলিসে তা বর্ণনা করবে। এতে ফেতনা সৃষ্টি হবে। দীনের কোনো ফায়দা হবে না। এসব স্পর্শকাতর বিষয় শুধু দায়িত্বশীলদের মধ্যে সীমাবদ্ধ থাকা উচিত। সব সত্য কথা সবখানে বলা জরুরী নয়। মানুষের মধ্যে ততটুকুই বলবে যতটুকু তারা হজম করতে পারবে। জিম্মাদাররা মুক্ত, এ বিষয়েও সাধারণ মানুষের কোনো ধারণা নেই। সুতরাং এই বিষয় অনুযায়ী হুকুম জারি করলে মানুষ তা মেনে নিবে না। তাছাড়া দুশমনদের সংখ্যা বাড়ানো তো কোনো জ্ঞানীর কথাও নয়, কোনো বাহাদূরীও নয়। মুজাহিদদের উচিত বালাকোটের আন্দোলন অধ্যয়ন করা। ইংরেজরা সায়্যেদ আহমদ শহীদ রহ. এবং শাহ ইসমাঈল রহ. এর বিরুদ্ধে ওহাবী হওয়ার প্রোপাগাণ্ডা ছড়িয়ে আন্দোলনের কোমড় ভেঙ্গে দিয়েছিলো। আর আজ আমেরিকা আপনার বিরুদ্ধে কাফের, খারেজী হওয়ার অপবাদ ছড়াচ্ছে। আপনার উচিত উলামায়ে হকের নেতৃত্বে থাকা। যাতে তারা এই চক্রান্ত মোকাবেলা করতে পারে। সেই সাথে এ ব্যাপারে পাকিস্তানী মুসলমানদের অবস্থা এবং মন মেজাযের প্রতিও লক্ষ্য রাখা উচিত। এমন যেন না হয়, আপনার অসতর্কতার কারণে জিহাদের ক্ষতি হয়ে যায়। আল্লাহ তা'আলা আমাদের সবাইকে আহলে সুন্নাত ওয়াল জামাতের সাথে মিশে থাকার তাওফিক দিন। আমাদেরকে দীনের ব্যাপারে কল্যাণকামী করুন। সব ধরনের ফেতনা থেকে আমাদেরকে হেফাজত করুন।

ইসলামী বিশ্বের নাছোড় মুনাফিকগুলো

জাফর বিন হায়্যান বলেন, হাসান বসরী রহ. কে বলা হলো, মানুষ তো বলে, এখন কোনো মুনাফিক নেই। তিনি এর জবাবে বললেন, যদি আমি এই সংবাদ পেয়ে যাই যে, আমি নেফাক থেকে মুক্ত, তাহলে তা আমার নিকট স্বর্ণে ভরপুর পৃথিবী থেকেও উত্তম।

-ছিফাতুন নিফাক ও যম্মুল মুনাফিক্বীন লিল ফারয়াবী।

হাসান বসরী রহ. লোকদেরকে এ কথা বুঝিয়েছেন, নেফাক শুধু নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগের সাথে সম্পৃক্ত নয়। বরং আজও মুনাফিকরা বিদ্যমান। পরবর্তী যুগের মুহাদ্দিসীনদের মধ্যে শাহ ওলী উল্লাহ মুহাদ্দিসে দেহলভী রহ. বলেন, সব যুগেই নেফাক বিদ্যমান এবং জীবিত। মুনাফিকদের অস্তিত্ব নির্দিষ্ট যুগের সাথে সম্পৃক্ত নয়। তার নিকট নেফাক দু‘ধরনের। এক. বিশ্বাসগত নেফাক। দুই. আমল ও আখলাকগত নেফাক। যদিও বিশ্বাসগত নেফাক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগের সাথে সম্পৃক্ত, কিন্তু আমল ও আখলাকগত নেফাক এখনও বিদ্যমান।

শাহ ওলী উল্লাহ মুহাদ্দিসে দেহলভী রহ. নিজের যুগের ব্যাপারে বলেন, বর্তমানে অধিক পরিমাণে নেফাক বিদ্যমান। আর তাই ‘আল ফাউযুল কাবীর’ গ্রন্থে নেফাকের পরিচয় দিতে গিয়ে বলেন, যদি আপনি মুনাফিকদের দেখতে চান, তাহলে প্রশাসনের লোকদের বৈঠকে উপবিষ্টদের দেখুন, তারা কিভাবে আল্লাহর সন্তুষ্টির উপর মন্ত্রীদের সন্তুষ্টিকে প্রাধান্য দেয়।

-আল ফাউযুল কাবীর।

নেফাক কিয়ামত পর্যন্ত বাকী থাকবে। এ ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওই হাদীসও দলীল; যা পিছনে বর্ণিত হয়েছে। তাতে উল্লেখ আছে, দাজ্জালের কিছুদিন আগে মানুষ দুই তাবুতে বিভক্ত হয়ে যাবে। এক. খালেছ ঈমানদারদের তাবু। দুই. খালেছ মুনাফিকদের তাবু।

একদা হাসান বসরী রহ.কে একজন জিজ্ঞেস করলো, এখনো কি নেফাক আছে? তিনি বললেন, যদি মুনাফিকরা বসরার গলি থেকে বের হয়ে যায়, তাহলে এখানে তোমাদের অন্তর বসবে না।

-ছিফাতুন নিফাক ও যম্মুল মুনাফিকীন লিল ফারাবী।

নিজের ব্যাপারে নেফাককে ভয় কর

ইমাম বুখারী রহ. বুখারী শরীফে 'নিজের অজান্তেই আমল ধ্বংস হয়ে যাওয়ার ব্যাপারে মুমিনের ভয়' নামে পৃথক অধ্যায় রেখেছেন। এই অধ্যায়ের ব্যাখ্যায় 'হাশিয়ায়ে সিন্দি'তে মুহাদ্দিস আবুল হাসান সিন্দি রহ. লেখেন, মুনাফিক হয়ে যাওয়ার ব্যাপারে মুমিন ভয় করবে।

ইমাম বুখারী রহ. এই অধ্যায়ে উল্লেখ করেন, আবু মুলাইকা রহ. বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ৩০ জন সাহাবীকে পেয়েছি। তারা সকলেই নিজের ব্যাপারে নেফাকের ভয় করতেন। তাদের মধ্যে কেউ এমন বলতেন না যে, তিনি জিবরাঈল এবং মিকাঈল আ. মতো ঈমান রাখেন।

মুআল্লা বিন জিয়া রহ. বলেন, আমি মসজিদে হাসান বসরী রহ.কে কসম খেতে শুনেছি। তিনি বলেন, কোনো মুমিন এমন অতিবাহিত হয়নি, যিনি নিজের ব্যাপারে নেফাকির ভয় করেননি। আর কোনো মুনাফিক এমন অতিবাহিত হয়নি, যে নিজেকে নেফাকের ব্যাপারে সন্তুষ্ট এবং নিরাপদ মনে করেনি। তিনি বলতেন, যে নিজেকে নেফাক থেকে মুক্ত মনে করে সে মুনাফিক।

-ছিফাতুন নিফাক ওয়া যম্মুল মুনাফিকীন লিল ফারাবী।

আইয়ূব রহ. বলেন, আমি হাসান বসরী রহ.কে এ কথা বলতে শুনেছি, মুমিনের এমন কোনো সকাল বিকাল অতিবাহিত হয় না, যাতে সে নিজের ব্যাপারে মুনাফিক হওয়ার ভয় করে না।

-ছিফাতুন নিফাক ওয়া যম্মুল মুনাফিকীন লিল ফারাবী।

নবী যুগের মুনাফিক অধিক ক্ষতিকর না বর্তমানের

হুযায়ফা রা. বলেন, নিশ্চয় নবী যুগের মুনাফিক থেকে বর্তমানের মুনাফিক অধিক ক্ষতিকর। কারণ, তখন তাদের নেফাকী গোপন রাখতো। কিন্তু বর্তমানে তারা নিজেদের নেফাক প্রকাশ করে।

ফায়দাঃ যদি হুযায়ফা রা. বর্তমানের মুনাফিকদের অবস্থা দেখতেন, যাদের নেফাক এতটা স্পষ্ট যে, তাদের মুখ থেকে নেফাকী লালার মত বের হতে থাকে, তাহলে তিনি কী বলতেন? তারা কুরআনের উপর ঈমানের কথা বলে, কিন্তু তাতে বর্ণিত বিধানগুলোকে মূর্খতা, মধ্যযুগীয়, পশুত্ব এবং মানবতার খেলাফ মনে করে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, যে ব্যক্তি কোনো মুমিনকে মুনাফিক থেকে রক্ষা করলো, (বর্ণনাকারী বলেন, আমার ধারণা রাসূল বলেছেন) আল্লাহ তা'আলা কিয়ামতের দিন একজন ফেরেশতা পাঠাবেন যে তার গোশতকে জাহান্নামের আগুন থেকে রক্ষা করবে।

-সুনানে আবু দাউদ।

উমর ফারুক রা. বলেন, আমি তোমাদের ব্যাপারে দুই জনের কাউকেই ভয় করি না। এক. মুমিন ব্যক্তি। যার ঈমান প্রকাশ্য বিষয়। দুই. কাফের যার কুফুরী প্রকাশ্য বিষয়। তবে আমি তোমাদের ব্যাপারে সেই মুনাফিককে ভয় করি, যে ঈমানকে ঢাল বানিয়ে তার বিপরীত আমল করে।

-ছিফাতুন নিফাক ওয়া যম্মুল মুনাফিকীন লিল ফারাবী।

বাস্তবতা এটাই যে, মুনাফিকরা ইসলামের যে ক্ষতি করেছে, ইহুদী, খ্রিস্টান এবং হিন্দুরা মিলেও করতে পারেনি। আজ ইসলামী বিশ্বে ইহুদী এবং হিন্দুদের প্রাধান্য কেবল সেসব মুনাফিকদের কারণেই। প্রত্যেক দেশে ইহুদীরা এমন মুনাফিকদের বসিয়ে রেখেছে, যারা কথাতো বলে আমাদের পক্ষ হয়ে কিন্তু তাদের অন্তর বাঁধা আছে আল্লাহ এবং তাঁর রাসূলের দুশমনদের সাথে। তারা ইসলামী বিশ্বের বহু মূল্যবান সম্পদ কড়ির দামে বিক্রি করে শুধু মাত্র নিজের রাজত্বকে দীর্ঘায়িত করার জন্যে। উম্মতে মুসলিমাকে গলিতে গলিতে, শহরে শহরে এবং দুনিয়ার প্রতিটি ভূখন্ডে লাঞ্ছিত করার দায়িত্ব তারা নিজেদের কাধে নিয়ে রেখেছে। মুসলমানদের ইযযত, আযাদী, ঈমানী চেতনা এবং দীনি আত্মমর্যাদা তারা টাকার বিনিময়ে নিলাম করে দিয়েছে। আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে মুনাফিকদের অবস্থা পরিস্কার ভাষায় বর্ণনা করেছেন। ঈমানদারদের উচিত

কুরআন নিয়ে গবেষণা করা এবং নিজেদেরকে আল্লাহর দুশমন থেকে রক্ষা করা। তাদেরকে চিনে রাখুন। এরা কারা, যারা আল্লাহর প্রতি বিশ্বাসের দাবী করে অথচ আল্লাহর বিধি বিধান তাদের ভালো লাগে না? এরা কারা, যারা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সত্য নবী মনে করে অথচ, নবীর অবমাননাকারীদের সাথে বন্ধুত্ব রাখে? নবীর দুশমন কাদিয়ানীদের সমান অধিকার দাবী করে? কারা সেসব লোক, যারা বলে, আমরা সেই কিতাবের উপর ঈমান এনেছি যা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর নাযিল হয়েছে, কিন্তু তাতে বর্ণিত বিচার বিধানকে মধ্যযুগীয়, পশুত্ব, মূর্খতা এবং হিংস্রতা বলে?

খোদার কসম! সত্য বলার সময় এসেছে। যদি সত্য বলার সাহস না থাকে, তাহলে অন্তত সাদা দীলে শুনে রাখুন, আপনি কতদিন পর্যন্ত নিজের দল এবং নেতাদের পিছনে শুধু এজন্য ঘুরে ফিরবেন যে, তাদের প্রতি আপনার অন্তরে বিশ্বাসের মন্দির জন্মেছে? আপনার যে চেতনা ইসলামের মুকাবেলায় এসেছে, তা না জানি আপনাকে নিয়েই ডুবে যায়। এই চেতনা যদি মুহাম্মাদে আরবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মহব্বতের মুকাবেলায় আসে, তাহলে আপনি কী করবেন? আপনি কার মান রাখবেন? নিজের দীল মন্দীরে সাজানো দল বা নেতার? নাকি আল্লাহ এবং তার রাসূলের? দীলকে প্রশ্ন করুন। দীলের দরজা জানালা খুলে এই প্রশ্ন জিজ্ঞেস করুন। আল্লাহ না করুন, যদি এমন সময় এসে যায়; এক দিকে ইমাম মাহদীর লশকর থাকে আর অন্য দিকে তারা থাকে, যাদের বিশ্বাস এবং মহব্বত আপনার দীল জুড়ে শিকড় গেড়ে বসে আছে, তাহলে আপনি কাকে ছেড়ে কাকে গ্রহণ করবেন? কার প্রতি সন্তুষ্ট হবেন আর কার প্রতি রুষ্ট হবেন? সেসব সাহাবায়ে কেরামকে স্মরণ করুন, যাদের মহব্বত অন্তরে আছে বলে দাবি করেন। যুদ্ধের ময়দান। আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য কাফেরদের মাথার খুলিগুলো বর্শার ডগায় বিদ্ধ করা হচ্ছে। নবুওয়াতের মশালের দাবি আর ইশকে নবীর টানে সবকিছু কুরবানী দিয়ে বের হয়ে এসেছে। ছেলের সামনে বাবা এসে পড়েছে। একদিকে বাবা আর অপর দিকে আল্লাহ এবং তাঁর রাসূলের হুকুম; কাফেরদের পক্ষ নিয়ে যে আসবে তারই গর্দান উড়িয়ে দাও। নিজেকে প্রশ্ন করুন, নিজের ঈমান

যাচায় করতে উদ্ধত তলোয়ারের সামনে ওই ব্যক্তি, যার সাথে আপনার সবচেয়ে বেশি মহববত। কষ্ট নিবেন না, দীলকে ঝাকি দিয়ে জিজ্ঞেস করুন। আমিও নিজেকে প্রশ্ন করছি, হে নেফাকে ডুবে যাওয়া দীল! তখন তোর কী ভূমিকা হবে? যখন তোর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীনের মুকাবেলায় এমন একজন দাঁড়িয়ে যাবে যাকে তুই পূজার যোগ্য মনে করিস। হে আমার দু'মুখো দীল! সত্য কথা বল, আল্লাহর সাথে তোর অধিক মহব্বত নাকি তোর অন্তরে আবাদ করা মূর্তীর সাথে?

যখনই মাথা সেজদায় যেতে লাগলো,
যমীন থেকে আওয়াজ আসলো
তোর দীল তো মূর্তী পূজারী
নামাজে তুই কী পাবি?

মুমিন ও মুনাফিকের গুনাহ

আব্দুল্লাহ বিন মাসঊদ রা. থেকে বর্ণিত, তিনি বলেন, মুমিন তার গুনাহকে পাহাড়সম মনে করে। ভয় পায়, না জানি এই গুনাহ'র পাহাড় আমার উপর ধ্বসে পড়ে। আর মুনাফিক নিজের গুনাহকে এমন তুচ্ছ মনে করে যেনো মাছি নাকের পাশ দিয়ে উড়ে যায়।

-বুখারী শরীফ, হাদীস নং ৬৩০৮।

ফায়দাঃ মুমিনের যদি কোনো গুনাহ হয়ে যায়, তাহলে সে তাওবা ইস্তেগফার করতে থাকে এবং ভয় পেতে থাকে। অথচ ফাজের এবং মুনাফিক গুনাহ হলে বলে, এমন কী গুনাহ করে ফেলেছি যে, আসমান ভেঙ্গে পড়বে? পবিত্র কুরআনেও মুনাফিকদের এই মন্দ স্বভাব সম্পর্কে আলোচনা এসেছে; যখন তাদেরকে বলা হয়, এসো আল্লাহর রাসূল তোমাদের জন্য ইস্তেগফার করবেন, তখন তারা ঠাট্টা স্বরুপ মাথায় ইশারা করে। আপনি তাদেরকে দেখবেন তারা অহঙ্কারের সাথে প্রত্যাখ্যান করছে। মুনাফিকরা মনে করে, তারাতো এমন কোনো গুনাহই করেনি যার কারণে ইস্তেগফার করতে হবে। এটি তাদের মূর্খতা, আমিত্ব এবং চরম উদাসীনতা। তাদের এতটুকু অনুভুতিও নেই যে, তাদের ঈমান ধ্বংস হয়ে গেছে। বর্তমানেও এমন বহু লোক পাওয়া যাবে, যারা আল্লাহর সাথে যুদ্ধ

করেও দাবী করে, সে তো সত্যিকারের পাক্কা মুসলমান। তাদের জন্য বায়তুল্লাহ'র দরজা খোলা হয়। ওই সত্তার কসম! যিনি বায়তুল্লার তওয়াফকারীদের অন্তরের খবর জানেন। ওই ব্যক্তি কিভাবে মুমিন হতে পারে, যে ইসলামের বিধান নিয়ে ঠাট্টা করে, পথভ্রষ্টদের নেতৃত্ব দেয়, আল্লাহ এবং তার রাসূলের দুশমনদের সাথে মিলে নিস্পাপ মুসলমানদের খুন প্রবাহিত করে?

নেফাকের ব্যাপারে সাহাবায়ে কেরামের ভয় এই পরিমাণ ছিলো। তাহলে আমরা গুনাহগার কোন দলের অন্তর্ভূক্ত? আমরাতো কাফেরদের বন্ধুত্বকেও গ্রহণ করে নেই। আখেরী নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অপমানও পেট ভরে সহ্য করি। উম্মতের কন্যাদের জীবন্ত পুড়ে ফেলা হোক কিংবা কাফেররা উঠিয়ে নিয়ে যাক, আমাদের ঈমানে কোনো প্রভাব পড়ে না। ইসলামের নিকৃষ্টতম দুশমনদের ঐক্য হয়ে যায় এবং কালেমা ওয়ালা মুসলমানদের গ্রাম কি গ্রাম উজাড় করে দেয়, তবুও আমরা পাক্কা মুসলমানই থেকে যাই। কখনো নিজের ব্যাপারে নেফাকীর ভয় তো দূরে থাক, অন্যকে নেফাকীর সার্টিফিকেট দিয়ে দেই। এমনকি তাদেরকেও মুনাফিক বলে ফেলি, যারা এমন সময় ইসলামের ইযযত বাঁচিয়েছে, যখন অধিকাংশ লোক ইসলামের ইযযত লুন্ঠিত হতে দেখেও খামুশী ভূমিকায় অবতীর্ন। আবার অনেকেই তো লুন্ঠনকারীদের সাথেই ঐক্যবদ্ধ। আমাদের তো নিজেদের ব্যাপারে এমন মজবুত একীন আছে যে, আমরা ঈমানের চূড়ায় বসে আছি। আমাদের ঈমান এত উচু দরজার যে, নেফাক কাছেও ভিড়তে পারবে না। এই পরিমাণ আত্মগড়িমা এবং অকোতভয়ী, মনে হয় আল্লাহর সাথে চুক্তি হয়েছে যে, তিনি আমাদেরকে জান্নাতেই রাখবেন। কোনো ছোটো খাটো কাজ করেছি নাকি? লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ পড়েছি। সুতরাং জাহান্নামের আগুনের কী ক্ষমতা আছে যে, আমাদের কাছে ভীড়বে? নেফাকের ব্যাপারে ভয় না থাকা, সব ধরনের বদ আমল থাকা সত্ত্বেও আল্লাহর কাছে দীর্ঘ আশা, কুফুরের সূদী কানুনের অধীনে জীবন যাপন, মিথ্যা, হারাম উপার্জন, তাগুতের পূজা, কুফুরী শক্তির সামনে মাথা ঝুকানো, জিহাদ ফরজে আইন হওয়া সত্ত্বেও জিহাদকে অস্বীকার, অপব্যাখ্যা, বাহানা এমনকি মুজাহিদদেরকে গালি গুলুজ, বদ

দু'আ, আল্লাহ এবং তাঁর রাসূলের দুশমনদের প্রতি নম্রতা, সহানুভূতি, যা মন চায় তাই করা, অন্তরে কোনো ভয় না আসা, এক সেজদায় সব গুনাহ মাফ হয়ে যাওয়ার বিশ্বাস। এসবই কি এই দৃষ্টিভঙ্গির কারণ? আমাদের ঈমান এবং আল্লাহর রহমতের আশা সাহাবায়ে কেরামের চাইতেও উঁচু দরজার? আমাদের সেজদাতে কি আবু বকর রা. থেকেও অধিক শক্তি? আমাদের তাসবীহ, ইস্তেগফার, তাওবা কি সেই আশেক থেকেও বেশি কার্যকর, যিনি বাসর রাতে নব দুলহানকে ফেলে নিজের প্রিয় হাবীব সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে জিহাদের ময়দানে হাজির হয়েছেন এবং শহীদ হয়েছেন? যাকে ফেরেশতারা গোসল দিয়েছেন। এই আশেক নেফাকের ব্যাপারে এতো ভয় করতেন যে, তিনি মদীনার গলিতে চিৎকার করে ফিরতেন, হানযালা মুনাফিক হয়ে গেছে। হানযালা মুনাফিক হয়ে গেছে। কিন্তু বর্তমানের মুসলমানের অবস্থা; ভয়হীন, গুনাহে ধারাবাহিকতা, নফস যা চায় তা পুরা করা, আখেরাতের উপর দুনিয়াকে প্রাধান্য দেয়া, নফসের মুকাবেলায় দীনকে কুরবানী করা, গুনাহের উপর অটল থাকা, এক ইস্তেগফারে সব গুনাহ মাফ করিয়ে নেয়া। নাউযুবিল্লাহ, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীনকে কী বানিয়ে নিয়েছে? এটাই কি শেষ নবীর দীন? এটা তো ব্রাক্ষনের হিন্দু ধর্ম নয় যে, সারা বছর যা ইচ্ছা করলাম আর গঙ্গাতে এক ডুবেই এমন পবিত্র হয়ে যাবো, যেনো মায়ের পেট থেকে এখনই জন্ম নিয়েছি।

এই দৃষ্টিভঙ্গির একটি কারণ মনে হয় এমন যে, দীর্ঘ কাল থেকে আমাদের চাল চলন মিষ্টি মিষ্টি ফাযায়েল শুনতে শুনতে ডাইবেটিস রুগী হয়ে গেছে। হুঁশিয়ারী শুনানেওয়ালা খুবই কম। কোনো বিজ্ঞ হাকিম থাকতেন, তাহলে তিনি হুঁশিয়ারীর তিক্ত দাওয়াই দিয়ে ফুলে যাওয়া নফসের অবস্থা ঠিক করে দিতেন এবং সমাজে ছড়ানো ব্যাপক রুগের চিকিৎসা করতেন। নফসে এমন প্রহার করতে হবে, যেনো তার আকৃতি বিগড়ে যায়। আর তখনই এই নফসের হুঁশ হবে। অন্তরে ভয় পয়দা হবে।

কুরআনের দৃষ্টিতে মুনাফিক

‘কিছু লোক এমনও আছে যারা বলে, আমরা ঈমান এনেছি আল্লাহর উপর, আখেরাতের উপর। অথচ তারা ঈমান আনেনি।

-সূরা বাকারা।

‘তারা আল্লাহ এবং ঈমানদারদের ধোকা দেয়। এতে তারা নিজেদেরকেই ধোকা দিচ্ছে। অথচ তারা তা অনুধাবন করতে পারে না। তাদের অন্তরে ব্যাধি রয়েছে। আল্লাহ তা‘আলা তাদের ব্যাধি আরো বাড়িয়ে দেন। আর তাদের জন্য রয়েছে মর্মান্তিক শাস্তি, তাদের মিথ্যার পরিণামে।’

-সূরা বাকারা।

ফায়দাঃ মুনাফিকরা নিজেদেরকেই ধোকা দেয়, যদিও তাদের সেই অনুভূতি নেই। এতে বুঝা যায়, নেফাক মানুষের অন্তরে প্রবেশ করে অথচ তারা তা অনুভবও করতে পারে না। যেমন এক বর্ণনায় এসেছে, উম্মে দারদা রা. বলেন, আবু দারদা রা. যখন কোনো মাইয়্যেতকে ভালো অবস্থায় মৃত্যু হতে দেখতেন, তখন তিনি বলতেন, তার মৃত্যু বরকতময় হোক। হায়! যদি তার স্থানে আমি মরে যেতাম। তখন উম্মে দারদা রা. তাকে বললেন, আপনি এমনটি কেনো বলছেন? তিনি জবাবে বলেন, আরে বোকা তোমার কি সেই যামানার খবর আছে, যখন মানুষ সকালে মুমিন হবে এবং সন্ধায় মুনাফিক হয়ে যাবে? উম্মে দারদা রা. প্রশ্ন করলেন, সেটা কিভাবে? তিনি বললেন, তার ঈমান চলে যাবে অথচ তার সেই অনুভূতিই থাকবে না। আর এজন্যই আমি নামায রোযা নিয়ে বেঁচে থাকার চেয়ে এমন ভালো মৃত্যুর অধিক আশা করি।

-ছিফাতুন নিফাক ওয়া যম্মুল মুনাফিকীন লিল ফারাবী।

কাফের রাষ্ট্র প্রধানদের সাথে সাক্ষাত

‘আর যখন তারা ঈমানদারদের সাথে সাক্ষাত করে তখন বলে, আমরা ঈমান এনেছি। আর যখন নির্জনে কাফেরদের (নিজেদের শয়তান) সাথে সাক্ষাত করে তখন বলে, আমরা তো তোমাদের সাথেই। নিঃসন্দেহে মুসলমানদের সাথে আমরা কেবল ঠাট্টাই করেছি।

-সূরা বাকারা।

ফায়দাঃ ইসলামী বিশ্বের প্রশাসকরা সাধারণ মুসলমানদের সামনে এ ধরনের বক্তৃতাই দেয়; 'আমরা আমেরিকাকে দাদাগিরি করতে দিবো না। আমরা বায়তুল মুকাদ্দাসের আযাদীর জন্য আমরণ চেষ্টা চালিয়ে যাবো। আমরা আমাদের ভূখণ্ডকে আফগানী মুসলিম ভাইদের বিরুদ্ধে ব্যবহার করতে দিবো না। আমরা ভারতকে আমাদের সমূদ্রে বাঁধ তৈরি করতে দিবো না। আমরা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শানে বেয়াদবী সহ্য করবো না। আমেরিকাকে ড্রোন হামলা করার অনুমতি দিবো না। আমরা মুসলমান। আমরা নিজেদের ভূখণ্ডে ভীনদেশী সেনা বাহিনী সহ্য করতে পারি না। কাশ্মিরীদের খুন নিয়ে কাউকে সওদা করতে দিবো না। আমরা পাক্কা মুমিন। সাচ্চা মুসলমান। কিন্তু এই লোকগুলোই যখন ভারত অথবা আমেরিকার শয়তানদের সাথে মিলিত হয় তখন বলে, আমরাতো আপনাদের সাথেই। আমাদের কওম বোকা, অবুঝ এবং উত্তেজনা প্রিয়। এজন্যই তাদেরকে বোকা বানানোর জন্য এই ভাষণ দিয়ে দিয়েছি।

জিহাদের বিরুদ্ধে বলতে সাবধান হোন

যাতে মুনাফিকরা চিহ্নিত হয়, যখন তাদেরকে বলা হলো, এসো আল্লাহর পথে কিতাল কর অথবা প্রতিরোধ কর, তখন তারা বললো, যদি আমরা জানতাম সেখানে কিতাল হবে তাহলে অবশ্যই তোমাদের সাথে যেতাম। তারা সেদিন ঈমানের তুলনায় কুফরের অধিক নিকটবর্তী ছিলো। তারা মুখে এমনসব কথা বলে, যা তাদের অন্তরে নেই। আর তারা যা কিছু গোপন করে, আল্লাহ তা'আলা জানেন। যারা তাদের ভাইদেরকে বলল, (জিহাদে যেয়ো না) বসে থাক। যদি তারা (মুজাহিদরা) আমাদের কথা মেনে নিতো (জিহাদে না যেতো) তাহলে তারা নিহত হতো না। হে মুহাম্মাদ! আপনি বলে দিন, যদি তোমরা সত্যবাদী হও তাহলে নিজেদেরকে মৃত্যু থেকে রক্ষা কর।

ফায়দাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগে মুনাফিকরা কিতাল না হওয়ার সম্ভাবনা দেখিয়ে রাস্তা থেকে ফিরে আসতো। কিন্তু

বর্তমানে তো মানুষ কাফেরদের সাথে যুদ্ধ হচ্ছে দেখছে, তারপরও মুজাহিদদের সাথে কিতালে বের হচ্ছে না। তাদেরকে সহযোগীতাও করছে না।

কাফেরদেরকে বন্ধু বানানোর মর্মান্তিক শাস্তি

'আপনি মুনাফিকদেরকে মর্মান্তিক আযাবের সুসংবাদ শুনিয়ে দিন। যারা মুসলমানদের ছাড়া কাফেরদেরকে বন্ধু বানায়, তারা কি কাফেরদের নিকট সম্মান তালাশ করে? নিশ্চয় সম্মানের মালিক তো কেবল আল্লাহ তা'আলাই।

-সূরা নিসা/১৩৯।

'যারা তোমাদের কাজের ফলাফলের অপেক্ষায় থাকে, যদি আল্লাহর পক্ষ থেকে তোমাদের কোনো বিজয় এসে যায়, তখন তারা বলে, আমরা কি তোমাদের সাথে নই? আর যদি কাফেরদের একটু প্রাধান্য এসে যায়, তাহলে তারা (কাফেরদেরকে) বলে, আমরা কি তোমাদের প্রতি লক্ষ্য রাখিনি? মুসলমানদের হাত থেকে তোমাদের রক্ষা করিনি?

-সূরা নিসা/১৪১।

মুনাফিক কেনো কাফেরদেরকে বন্ধু বানায়?

যাদের অন্তরে ব্যাধি রয়েছে, আপনি তাদেরকে দেখবেন কাফেরদের নিকট দৌড়ে চলে যায়। তারা বলে, আমদের ভয় হয় না-জানি আমাদের উপর কোনো বিপদ এসে যায়। হতে পারে মুমিনদেরকে আল্লাহ তা'আলা বিজয় দিয়ে দিবেন অথবা তার পক্ষ থেকে কোনো ফায়সালা দিয়ে দিবেন। যারফলে মুনাফিকরা তাদের অন্তরে গোপন রাখা কথার ব্যাপারে লজ্জিত হবে।

-সূরা মায়েদা/৫২।

ফায়দাঃ আল্লামা তিবরী রহ. এই আয়াতের তাফসীরে বলেন, এটি মুনাফিকদের ব্যাপারে সংবাদ যে, তারা ইহুদী নাসাদেরকে বন্ধু বানায় এবং ঈমানদারগণকে ধোকা দেয়। তারা বলতো, আমাদের ভয় হয় না-জানি ইহুদী নাসারাদের আযাব আমাদের উপর চলে আসে।

-তাফসীরে তিবরী।

কাফেরদের নিকট এজন্য যেতো, যেনো কাফেরদের পক্ষ থেকে কোনো বিপদ তাদের উপর না আসে। তাদের ভয়, যদি কাফেরদের সঙ্গ না দেয় তাহলে তারা অসন্তুষ্ট হয়ে যাবে।

কাফেরদেরকে যারা বন্ধু বানায় তারা তাদেরই মতো

ইমাম তহাভী রহ. 'আকীদাতুত্তহাভী' গ্রন্থে বলেন, আহলে সুন্নাত ওয়াল জামাতের আকীদা হলো, আমরা ইনসাফকারী এবং আমানতদারদের মহব্বত করি। জালেম এবং খিয়ানতকারীদের ঘৃণা করি।

-আকীদাতুত্তহাভী।

আল্লাহ তা'আলার বাণী, হে ঈমানদারগণ! ইহুদী নাসারাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। আর যারা তাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করবে তারা তাদেরই অন্তর্ভূক্ত।

-সূরা মায়েদা/৫১।

আল্লামা তিবরী রহ. এই আয়াতের তাফসীরে বলেন, যারা মুসলমানদের মুকাবেলায় ইহুদী নাসারাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করলো, নিঃসন্দেহে তারা তাদেরই অন্তর্ভূক্ত। আল্লাহ তা'আলা বলেন, যারা তাদেরকে বন্ধু বানালো এবং মুসলমানদের বিরুদ্ধে তাদেরকে সহযোগীতা করলো, তারা তাদেরই দীন এবং মিল্লাতের অন্তর্ভূক্ত হবে। কারণ, যে কেউ কাউকে বন্ধু বানালে, সে তার বন্ধু এবং বন্ধুর দীনের অন্তর্ভূক্ত হয়। যেই দীনের উপর তার বন্ধু রাজি থাকে, সেও সেই দীনের অন্তর্ভূক্ত হয়। সুতরাং যখন তারা তাদের বন্ধু এবং তার দীনের উপর সন্তুষ্ট, তখন যে তার বন্ধু এবং বন্ধুর দীনের দুশমন হবে, সে তারও দুশমন হবে। ঠিক তেমনি ভাবে তার এবং তার কাফের বন্ধুরও একই হুকুম। আর এই হুকুম কিয়ামত পর্যন্ত বাকি থাকবে।

-তাফসীরে তিবরী ৬/২৭৭।

ইবনে কাইয়ূম যাওজী রহ. এই আয়াতের তাফসীরে বলেন, আল্লাহ তা'আলা ফায়সালা করে দিয়েছেন। আর তাঁর ফায়সালা থেকে উত্তম ফায়সালা হতেই পারে না। যে ব্যক্তি ইহুদী খ্রিস্টানদেরকে বন্ধু বানালো সে তাদেরই অন্তর্ভূক্ত। সুতরাং যখন কুরআনের ফায়সালা অনুযায়ী ইহুদী

খ্রিস্টানদের বন্ধু তাদেরই অন্তর্ভূক্ত, তখন তাদের হুকুমও ইহুদী খ্রিস্টানদের মতই হবে।

-আহকামু আহলিয যিম্মাহ।

এছাড়াও অনেক আয়াত আছে, যেগুলোর মধ্যে কাফেরদেরকে বন্ধু বানানোর ব্যাপারে মুসলমানদেরকে নিষেধ করা হয়েছে। এমনকি পিতা-মাতাও যদি ঈমানের পরিবর্তে কুফরকে পছন্দ করে, তাহলে তাদের থেকেও বাধা দেয়া হয়েছে। আল্লাহ তা'আলা বলেন, হে ঈমানদারগণ! যদি তোমাদের পিতা-মাতা এবং ভাই-বোনেরা ঈমানের মুকাবেলায় কুফরকে পছন্দ করে, তাহলে তাদেরকে বন্ধু বানিয়ো না। আর যারা তাদেরকে বন্ধু বানাবে তারা জালেম।

ইমাম আবু বকর যাচ্ছাছ রহ. বলেন, এই আয়াতে কাফেরদেরকে বন্ধু বানাতে, তাদেরকে সহযোগীতা করতে, তাদের সহযোগীতা নিতে এবং নিজের বিষয় তাদের হাতে সোপর্দ করতে মুসলমানদেরকে নিষেধ করা হয়েছে। এমনকি এই হুকুমও আছে যে, কাফেরদেরকে পবিত্র মনে না করা, বড় মনে না করা এবং সম্মান না করা ওয়াজিব। চাই সে কাফের নিজের মাতা-পিতা হোক অথবা বড় ভাই-বোন হোক। তবে কাফের পিতা-মাতার সাথে অনুগ্রহ এবং উত্তম ব্যবহার দেখানোর আদেশ করা হয়েছে। এই হুকুম মুসলমানদেরকে এজন্য করা হয়েছে যে, যাতে তারা মুনাফিকদের থেকে পৃথক হয়ে যায়। কারণ, মুনাফিকদের পরিচয় হলো, তারা কাফেরদেরকে বন্ধু বানায়। তারা যখন কাফেরদের সাথে মিলে, তখন তাদের প্রতি খুব সম্মান প্রকাশ করে। বন্ধুত্ব এবং গভীর সম্পর্ক প্রকাশ করে।

-আহকামুল কুরআন লিল যাচ্ছাছ ৪/২৭৮।

অপর আয়াতে কাফেরদেরকে বন্ধু বানানোর ব্যাপারে এরশাদ হয়, মুমিনরা মুসলমানদের ছাড়া কাফেরদেরকে বন্ধু বানাবে না। আর যে এমনটি করবে, আল্লাহ তা'আলার সাথে তার কোনো সম্পর্ক নেই। তবে যদি তোমরা তাদের পক্ষ থেকে কোনো কিছুর ভয় কর। আর আল্লাহ তা'আলা নিজের ব্যাপারে তোমাদেরকে সতর্ক করেছেন এবং তার দিকেই প্রত্যাবর্তন।

-আলে ইমরান/২৮।

ইমাম শাওকানী রহ. এই আয়াতের তাফসীরে বলেন, আল্লাহর সাথে কোনোই সম্পর্ক নেই। বরং সে সম্পূর্ণ বের হয়ে গেছে।

-ফাতহুল কাদীর।

ইমাম তিবরী রহ. বলেন, যে এমনটি করলো সে আল্লাহ তা'আলা থেকে মুক্ত এবং আল্লাহ তা'আলা তার থেকে মুক্ত। কারণ, সে দীন থেকে ফিরে কুফুরীতে প্রবেশ করেছে।

-তাফসীরে তিবরী।

আল্লামা আলুছি রহ. তার প্রশিদ্ধ তাফসীর গ্রন্থ রুহুল মাআনীতে 'মুমিনদের ছাড়া' এই কথার ব্যাখ্যায় বলেন, 'অথবা এতে এই কথার প্রতি ইশারা আছে যে, মুসলমানদের বন্ধুত্বের প্রকৃত হকদার কেবল মুসলমানই। আর মুসুলমানদের বন্ধুত্বের বিরোধী জিনিস হলো কাফেরদের বন্ধুত্ব। .... এতে এই কথার প্রতি ইশারা রয়েছে যে, কাফেরদের বন্ধুত্ব মুসলমানদের বন্ধুত্বের সাথে একত্রিত হতে পারে না।

-তাফসীরে রুহুল মাআনী।

মূর্তী পূজারীদের বন্ধু বানানেওয়ালা মুসলমানদের হত্যাকারী

আলী রা. থেকে বর্ণিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, শেষ যামানায় কিছু লোক আসবে যারা কম বয়সী এবং কম আকল বিশিষ্ট হবে। তারা সুন্নাতের কথা বলবে। তারা দীন থেকে এমন ভাবে বের হয়ে যাবে, যেমন তীর কামান থেকে বের হয়ে যায়। মূর্তী পূজারীদের ডাকবে এবং মুসলমানদের হত্যা করবে। সুতরাং যারাই তাদেরকে পাবে হত্যা করবে। কারণ, তাদেরকে হত্যা করলে হত্যাকারী কিয়ামত পর্যন্ত সাওয়াব পাবে।

-বুখারী শরীফ-কিতাবুল মানাকিব; হাদীস নং ৩৬১১, কিতাবু ফাযায়েলিল কুরআন; হাদীস নং ৫০৫৭, কিতাবু ইসতাতলাবাতিল মুরতাদ্দিন; হাদীস নং ৬৯৩০। এটি বর্ণনা করেন, আবু উমর দানি/২৮০।

মুনাফিক সবাইকে নিজের মতো বানাতে চায়

তোমাদের কী হলো যে, তোমরা মুনাফিকদের ব্যাপারে দুই দলে বিভক্ত হয়ে যাও? অথচ আল্লাহ তাদেরকে ফিরিয়ে দিয়েছেন তাদের

কৃতকর্মের কারণে। তাহলে তোমরা কি তাদেরকে হেদায়াতের উপর নিয়ে আসতে চাও, যাদেরকে আল্লাহ তা'আলা পথভ্রষ্ট করে দিয়েছেন? আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তাদের জন্য কোনো পথই পাবে না।

-সূরা নিসা/৮৮।

মুনাফিকদের দীলী তামান্না এটাই যে, তোমরাও কুফরী করে বসো যেমন তারা কুফুরী করেছে, যাতে তোমরাও তাদের বরাবর হয়ে যাও। সুতরাং তোমরা তাদেরকে বন্ধু বানিয়ো না, যতক্ষন না তারা আল্লাহর রাস্তায় হিজরত করে। সুতরাং যদি তারা অস্বীকার করে, তাহলে তাদেরকে যেখানেই পাও পাকড়াও কর এবং কতল কর। তাদেরকে বন্ধু এবং সাহায্যকারী বানিয়ো না।

-সূরা নিসা/৮৯।

ফায়দাঃ ইমাম তিবরী রহ. বলেন, এই আয়াত সেসব লোকের ব্যাপারে নাযিল হয়েছে, যারা কালেমা বলতো কিন্তু মুসলমানদের মুকাবেলায় মক্কার কাফেরদেরকে সহযোগীতা করতো। একবার তারা মক্কা থেকে আসলো এবং মুসলমানদের সামনে পড়ে গেলো। কিছু মুসলমান বললো, এই খবীসদের দিকে চল এবং তাদেরকে হত্যা কর। কারণ, তারা আমাদের বিরুদ্ধে আমাদের দুশমনদেরকে সহযোগীতা করে। তখন কিছু মুসলমান বললো, তোমরা কি সেসব লোকদেরকে হত্যা করতে চাও যারা তোমাদেরই মতো কালেমা পড়ে? তারা হিজরত করেনি এবং নিজের ঘর বাড়ি ছাড়েনি শুধু এজন্যই তাদের জান মাল হালাল করে নিবে? এভাবে ঈমানদাররা তাদের ব্যাপারে দুই ভাগে বিভক্ত হয়ে গেলো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চুপ থাকলেন। কোনো দলকে কিছু বললেন না। তখন এই আয়াত নাযিল হলো। যার মধ্যে এই লোকদের ব্যাপারে ফায়সালা করে দিলেন যে তারা মুনাফিক। যদি তারা ফিরে না আসে, তাহলে তাদেরকে যেখানেই পাবে কতল করবে। এরা মন্দ লোক। তাদের দীলী তামান্না হলো তোমরাও তাদের মতো কুফুরী কর।

-তাফসীরে তিবরী।

এই মুনাফিকদের আন্তরিক ইচ্ছা এটাই যে সত্যিকারের মুসলমানরাও তাদের মতো হয়ে যাক। কেউ মর্ডারেট, কেউ বুদ্ধিজীবি, কেউ যুক্তিবাদী।

তাদের সকলেরই চেষ্টা মুনাফিকদের ধর্ম ছড়ানো হোক। যারা তাদের ধর্ম ছড়ায় তাদের খুব সম্মান দেয়া হয়। তাদেরকে টিভি চ্যানেলগুলোতে ডাকা হয়। কিন্তু যে ব্যক্তি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীনের দিকে মানুষকে ডাকে, যার মধ্যে জিহাদও আছে, সে সহনীয় নয়। তখন তাদের ধৈর্য এবং সহনশীলতা শেষ হয়ে যায়। উদারতা এবং সহিষ্ণুতা কাছেও আসে না।

আল্লাহর উপর ভরসা এবং মুনাফিক

যখন মুনাফিক এবং যাদের অন্তরে ব্যাধি রয়েছে তারা বলছিলো, তাদের (মুসলমানদের) দীন তাদেরকে পাগল বানিয়ে দিয়েছে। যে আল্লাহর উপর ভরসা রাখে, নিশ্চয় আল্লাহ তা'আলা মহান, প্রজ্ঞাময়।

-সূরা আনফাল/৪৯।

ফায়দাঃ তালেবানদের পিছনে হটার সময়কার সংবাদপত্র উঠিয়ে দেখুন। লেখকরা তালেবানদের ব্যাপারে কী কী লিখেছিলো। এরা আমেরিকার সাথে লড়াই করবে। মাদরাসার মোল্লা, যাদের দুনিয়ার কোনো খবর নেই, তারা মুকাবেলা করবে বর্তমানের উন্নত জাতি এবং নতুন টেকনোলজির একচ্ছত্র শক্তির সাথে। তারা বলতো, এটা কেমন ইসলাম? তালেবানরা ইসলামের অপব্যাখ্যা করছে। এ ব্যাপারে তাদের কোনো পাত্তাই নেই যে, ইসলামে কতটুকু নম্রতা আছে। তারা আমেরিকার সাথে কিভাবে লড়বে? কিন্তু এসব মুনাফিকদের জানা নেই, যারা প্রস্তুতি নিয়ে আল্লাহর উপর ভরসা করে ময়দানে বের হয়ে যায়, দুনিয়ার গোটা শক্তি তাদের পায়ের নিচে লুটিয়ে পড়ে। এই জংলী, শয়তানী এবং মঙ্গল গ্রহের উপর নেতৃত্ব দানকারী কার্লচারের হিংস্র প্রাণীগুলোর লাশ আর কতো দিন কোলে নিতে থাকবে? বহনকারীরাও তো ক্লান্ত হয়ে গেছে। নিশ্চয় আল্লাহ তা'আলা মহান, প্রজ্ঞাময়। কিন্তু যাদের অন্তরে ব্যাধি রয়েছে তারা এখনও বুঝবে না।

মুনাফিকরা মুসলমানদের থেকে পৃথক

(মুনাফিকরা) তারা আল্লাহর কসম খেয়ে বলে, তারা তোমাদেরই লোক। অথচ তারা তোমাদের দলভূক্ত নয়। বরং তারা অন্য জাতি।

-সূরা তাওবা/৫৬।

জিহাদ নিয়ে ঠাট্টাকারীরা মুনাফিক

যদি আপনি তাদের নিকট জানতে চান, তাহলে তারা বলবে, আমরা তো এমনি ঠাট্টা করছিলাম। আপনি তাদেরকে বলে দিন, তোমরা কি আল্লাহ, তাঁর আয়াত এবং রাসূলকে নিয়ে ঠাট্টা কর?

-সূরা তাওবা/৬৫।

ইবনে জারির তবারী রহ. এই আয়াতের তাফসীরে বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাবুকের যুদ্ধে যাচ্ছিলেন। কিছু মুনাফিকও সাথে ছিলো। তারা পরস্পরে বলছিলো, বাহ! চমৎকার! দেখ এই লোক (মুহাম্মাদ) শামের মহল এবং কেল্লা বিজয় করতে যাচ্ছে। এই কথা আল্লাহ তা'আলা ওহীর মাধ্যমে নিজের হাবীব সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জানিয়ে দিলেন। তিনি তাদেরকে জিজ্ঞেস করলেন, তোমরা কি এ কথা বলেছো? মুনাফিকরা বলল, আমরা এমনি ঠাট্টার ছলে বলছিলাম।

বর্তমানের মুনাফিকরাও মুজাহিদদের ব্যাপারে ঠাট্টা করে এবং এ ধরনের কথাই বলে। এই মোল্লা মৌলভীদের দেখ, তারা নাকি দিল্লি জয় করবে। লাল কেল্লার উপর ইসলামের ঝাণ্ডা উড়াবে। তাদেরকে দেখ, ওয়াশিংটন জয় করতে বের হয়েছে।

জিহাদের আলোচনায় মুনাফিকদের প্রতিক্রিয়া

হে ইমাম আবু হানিফার অনুসারী! আপনি কি কখনো ভেবেছেন, কিয়ামতের দিন এই পবিত্র আত্মার মুখোমুখি কিভাবে হবেন? আমেরিকার আনুগত্যের উপর সন্তুষ্ট থেকে, ইসলামের বিরুদ্ধে ঘোষিত যুদ্ধে আল্লাহ এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুশমনদের সারিতে দাঁড়িয়ে, তাভীলের (ব্যাখ্যা) বাহানা দিয়ে এমন ব্যক্তিত্বের সাথে বহস করা যাবে, যার ফেকহী সূক্ষ্মতা এবং গভীরতা দুনিয়া জুড়ে খ্যাত? আবারো পড়ুন। দীলের চোখ খুলে পড়ুন। ইমামে আজম রহ. এর জানাযা জেল থেকে বের হয়েছে। চাবুকের আঘাত খেয়েছেন, তিলে তিলে কঠিনতম শাস্তি সহ্য করে মাহবুবে হাকিকীর (আল্লাহর) সাথে মিলেছেন। আসমান ও যমীনের প্রশস্ততা বরাবর রহমত বর্ষিত হোক নু'মান বিন সাবেত; আবু হানিফা রহ. এর উপর। যিনি নিজের জীবন কুরবান করে শরীয়তের আব্রু হেফাজত করেছেন। আমীন।

ইমাম আহমদ বিন হাম্বল রহ.

তোমাদের প্রতিজ্ঞা থেকে আমরা পাই হিম্মত।

ইমাম আহমদ বিন হাম্বল রহ. ১৬৪ হিজরী মুতাবেক ৭৮০ ঈসায়ী বাগদাদে জন্মগ্রহণ করেন। জন্মের আগেই তাঁর পিতার ইন্তেকাল হয়। যারফলে তাঁর আম্মা সর্বাত্মক সাহসিকতা এবং হিম্মতের সাথে তাঁকে লালন করেন। শিশুকালেই কুরআন হিফজ করেন। তিনি দীনি ইলমের মধ্যে হাদীসের প্রতি বিশেষ দৃষ্টি দেন। আল্লাহ তা'আলা তাঁকে অসাধারণ স্মৃতিশক্তি দিয়েছিলেন। তাঁর দশ লক্ষ হাদীস মুখস্ত ছিলো। ফেকাহ শাস্ত্রে

আল্লাহ তা'আলা তাঁকে এতো উঁচু মর্যাদা দিয়েছেন যে, আজ পর্যন্ত ইসলামী বিশ্বে তাঁর ফেকাহ বিদ্যমান। হাদীস শাস্ত্রে তাঁর 'মুসনাদে আহমদ' বড় কৃতিত্ব।

ইমাম শাফেয়ী রহ. (১৫০-২০৪ হিজরী/৭৬৭-৮২০ ঈসায়ী) বলেন, আমি এমন অবস্থায় বাগদাদ ছেড়েছি, যখন সেখানে আহমদ বিন হাম্বলের চেয়ে বড় কোনো মুত্তাকীও নেই, কোনো ফকীহও নেই।

মসনদে হাদীসে বসলে হাদীসের তালেবানরা পতঙ্গের ন্যায় তার চারপাশে জমা হতো। তাঁর একেকটি দরসে পাঁচ পাঁচ হাজার করে শ্রোতা থাকতো। আত্মসম্মানবোধে তার উপমা তিনি নিজেই। তিনি কখনো তৎকালীন শাসকগোষ্ঠীর কোনো হাদিয়া গ্রহণ করেননি। তাঁর নম্রতা এবং ভদ্রতা এতো বেশি ছিলো যে, ইয়াহইয়া বিন মুঈন (১৫৮-২৩৩ হিজরী/৭৭৫-৮৪৮ ঈসায়ী) এর মতো ইমাম সাক্ষি দেন, আমি আহমদ বিন হাম্বলের মতো লোক দেখিনি। আমি তাঁর সাথে ৫০ বছর ছিলাম। তিনি কখনো আমাদের সামনে নিজের যোগ্যতা এবং সৌন্দর্য নিয়ে গর্ব করেননি।

ইমাম আহমদ বিন হাম্বল রহ. এবং খলকে কুরআনের ফেতনা

খলীফা মামুনুর রশীদ (১৯৮-২১৮ হিজরী/৮১৩-৮৩৩ ঈসায়ী) ইউনানী দর্শন এবং যুক্তি দ্বারা প্রভাবিত ছিলো। তার শাসনামলে মু'তাযেলা ফেরকা খুব শক্তিশালী হয়। তাদেরকে সে সময়ের আলোকিত বুদ্ধিজীবি মনে করা হতো। তারা প্রত্যেক বিষয়কে আকল দ্বারা পরখ করায় অভ্যস্ত ছিলো। (মনে রাখা উচিত, বর্তমানের মডার্ণ ইসলামের ঝান্ডাবাহী মুবাল্লিগগণ, চকচকে এবং নতুন বিশ্ববিদ্যালয়ের প্রফেসরগণ এ যুগের মু'তাযেলা। তারা প্রতিষ্ঠিত দীনকে আকল দ্বারা পরখ করার পর মেনে নেন। যদি কোনো হাদীস অথবা কোনো হুকুম তাদের ক্ষুদ্র আকলে না বুঝে, তাহলে তা প্রত্যাখ্যান করেন।)

মু'তাযেলারা নতুন নতুন ইখতেলাফের মাধ্যমে উম্মতে মুসলিমার ঐক্যকে টুকরো টুকরো করেছে। ইসলামের দুশমন শক্তিগুলো সাধারণ বিষয়কে জনসাধারণের সামনে এমন ভাবে উপস্থাপন করে, যেন এটাই

ইসলামের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। তারা ইলমী এবং দর্শনশাস্ত্রের আলোচ্যবিষয়কে কুফর ও ঈমানের বিষয়বস্তুতে রুপান্তরিত করে। আল্লাহ তা'আলার স্বত্ত্বা এবং গুণাবলীর ব্যাপারে মানুষের অন্তরে এমন এমন প্রশ্ন সৃষ্টি করে যে, সাধারণ মানুষ পেরেশান হয়ে যায়। এমনি ভাবে তারা একটা বিষয় উপস্থাপন করে, কুরআন মাখলুক, নাকি মাখলুক নয়? মু'তাযেলারা কুরআন মাখলুক হওয়ার কথা বলে। তৎকালিন হুকুমত তাদের পৃষ্ঠপোষক ছিলো। আর তাদের মুকাবেলায় ছিলেন মুহাদ্দিসীন ও ফুকাহায়ে কেরামের বিশাল দল। যারা ছিলেন আহলে সুন্নাত ওয়াল জামাতের ধারক বাহক। আহলে সুন্নাত 'কুরআন' মাখলুক না হওয়ার পক্ষে অর্থাৎ আল্লাহর কালাম হওয়ার পক্ষে ছিলেন। চক্রান্তের বিষয়বস্তুর মূল উদ্দেশ্য ছিলো মুসলমানদের অন্তর থেকে কুরআনের বড়ত্ব, গুরুত্ব এবং মর্যাদা বের করে দেয়া। যাতে উম্মত হেদায়াতের মূল ঝর্ণা থেকেই দূরে হটে যায়। ইমাম আহমদ বিন হাম্বল রহ. এর দূরদৃষ্টি এই ফেতনার দূরাগত প্রভাব দেখছিলো। সুতরাং হককে হক এবং বাতিলকে বাতিল প্রমাণ করার জন্য, সাহাবায়ে কেরামের পদাঙ্ক অনুসরন করে ইমাম সাহেব রহ. সবকিছু কুরবানী করার সিদ্ধান্ত নিয়ে ফেলেন।

মামুন খলকে কুরআনের মাসআলাকে খুবই গুরুত্ব দেয়। ২১৮ হিজরীতে বাগদাদের গভর্নর ইসহাক বিন ইবরাহীমের নামে বিস্তারিত এক ফরমান পাঠায়। যাতে মুহাদ্দিসীনে কেরামের কঠোর সমালোচনা এবং তুচ্ছ তাচ্ছিল্য করা হয়। তাঁদেরকে খলকে কুরআনের আকীদায় ইখতেলাফ করার কারণে তাওহীদে ক্রুটি, সাক্ষী গ্রহণযোগ্য নয়, ফাসাদপ্রিয় ইত্যাদি আখ্যায়িত করা হয়। (বর্তমানেও মু'তাযেলা নামক বাতিলদের সামনে মাথা না নুয়ানে ওয়ালাদেরকে ফেতনাবাজ, সন্ত্রাসী বলা হয়।) হাকিমকে হুকুম করা হলো, যেসব লোক এই মাসআলার পক্ষে না আসবে, তাদেরকে তাদের পদ থেকে বরখাস্ত করে দাও। তারপর মামুন আরো কঠোরতা করলো। সরকারী কর্মকর্তা এবং আলেমগণের জন্যও এই ব্যাপারে মু'তাযেলাদের রক্ষনাবেক্ষন করা বাধ্যতামূলক করে দিলো। ইসহাক বড় বড় আলেমদের একত্রিত করলো এবং তাদের সাথে এ মাসআলার ব্যাপারে আলোচনা করলো। তারপর এই আলোচনা লিখে মামুনের নিকট

পাঠিয়ে দেয়। মামুন সবকিছু পড়ে খুবই রাগান্বিত হলো এবং সেসব আলেমগণের মধ্যে বাশার বিন ওয়ালিদ ও ইবরাহিম বিন মাহদীকে হত্যার নির্দেশ দেয়। আর বাকিদের ব্যাপারে লিখলো, যারা নিজের রায় থেকে ফিরে না আসবে তঁদেরকে পায়ের উপর ঝুলিয়ে তার নিকট পাঠিয়ে দেয়ার জন্য। বাকী আলেমগণের মোট সংখ্যা ৩০ ছিলো। কিন্তু তাঁদের মধ্যে কেবল চারজন নিজের রায়ের উপর স্থির থাকেন। তাঁরা হলেন, ইমাম আহমদ বিন হাম্বল রহ., সাজ্জাদাহ, কওয়ারিরী এবং মুহাম্মাদ বিন নুহ রহ.। তাঁদের মধ্যেও সাজ্জাদাহ দ্বিতীয় দিন এবং কওয়ারিরী তৃতীয় দিন নিজের অবস্থান থেকে সরে আসেন। ইমাম সাহেব রহ. এবং মুহাম্মাদ বিন নুহ রহ. শেষ পর্যন্ত নিজের অবস্থান ধরে রাখেন। সুতরাং ইমাম সাহেব রহ. এবং মুহাম্মাদ রহ.কে হাতকড়া এবং বেড়ি লাগিয়ে মামুনের নিকট তরসুসে (বর্তমান তুর্কির একটি শহর) পাঠিয়ে দেয়া হয়। সম্ভবত হাতকড়া এবং বেড়ি এমন বরকতময় হাত-পা'য় চুমা দেয়ার জন্যই বানানো হয়েছিলো। ইমাম সাহেব রহ. এর সহযাত্রী এবং সহমর্মী অন্যান্য স্থানের উলামায়ে কেরামও ছিলেন। এসব উলামায়ে কেরাম রাস্থায় থাকাবস্থায়ই মামুনের মৃত্যুর খবর আসে। সুতরাং সকল উলামায়ে কেরামকে বাগদাদের গভর্নরের নিকট বাগদাদ পাঠিয়ে দেয়া হয়। পথেই মুহাম্মাদ বিন নুহ রহ. এর ইন্তেকাল হয়ে যায়।

মামুনের পর মু'তাসিম খলীফা হয়। মামুন তার স্থলাভিষিক্তকে খলকে কুরআনের মাসআলার ব্যাপারে কঠোর ভাবে অসীয়ত করেছিলো। যেনো সে এই শিক্ষার উপর আমল করে। সুতরাং মু'তাসিমের সামনে ইমাম আহমদ বিন হাম্বল রহ.কে মুনাযারা করার জন্য আনা হলো। ইমাম সাহেব রহ.কে যখন মুনাযারার জন্য আনা হয়, তখন তাঁর পায়ে চারটি বেড়ি লাগানো ছিলো। তিন দিন পর্যন্ত মুনাযারা হয়। কিন্তু ইমাম সাহেব রহ. আপন বিশ্বাস থেকে হটেননি। বাগদাদের হাকিম ধমক দিলো, যদি তুমি কথা না মানো তাহলে কঠিন শাস্তি দেয়া হবে। এমন জায়গায় ফেলে দেয়া হবে যেখানে কখনো সূর্যের আলো পৌছে না।

আখেরাতের সওদায় যাঁদের অন্তরে ভরপুর, যাঁদের সীনা নবুওয়াতের নূরে আলোকিত, তাঁদের জন্য দুনিয়া কেড়ে নেয়ার ধমকি অথবা সূর্য

হারিয়ে যাওয়ার ভীতি কোনো অর্থ রাখে না। সুতরাং তিনি কোনো ধমকে প্রভাবিত হলেন না। ভরা মজলিসে সরকারী উলামা মাশায়েখের সাথে মুনাযারা করতে থাকেন। তাঁর একটাই জবাব ছিলো, তোমরা যা বলছো তার পক্ষে কুরআন হাদীসের কোনো প্রমাণ নিয়ে আস, আমি তা মেনে নিবো। তাঁর সাহসিকতা এবং নির্ভিকতা খলীফা মানসূরকে প্রভাবিত করলো। যারফলে সে ইমাম সাহেব রহ. এর উপর নরম হতে লাগলো। সে ইমাম সাহেব রহ.কে বলল, যদি আপনি আমার অগ্রজের হাতে না লাগতেন, তাহলো কক্ষনো আমি আপনাকে স্পর্শ করতাম না। কিন্তু দরবারী উলামা মাশায়েখ তাকে উত্তেজিত করতে থাকে। মানুষ আপনাকে বলবে, মু'তাসিম তার ভাই মামুনের বিশ্বাস থেকে সরে গেছে। সরকারী উলামা মাশায়েখেরও সীমাবদ্ধতা ছিলো যে, এই মাসআলার ব্যাপারে সরকারী পৃষ্ঠপোষকতা থেকে যে পুজি ভাগে আসতো, তা-ই ছিলো তাদের পেটের ইন্দন। কুরআন সুন্নাহ নিয়ে তাদের কী গরজ পড়েছে? তাদের উদ্দেশ্য একটাই ছিলো, খাহেশাত পূর্ণ করা, দুনিয়ার স্বাদ উপভোগ করা, হুকুমতের পদের ফায়দা লুটা এবং সরকারী দরবার থেকে পাওয়া দিরহাম দিনার দিয়ে ঘরের সিন্দুকের মুখ ভরা। এ ব্যাপারে তাদের কোনো মাথা ব্যাথা ছিলো না যে, ইতিহাস তাদের ব্যাপারে কী বলবে, আগামী প্রজন্ম তাদেরকে কিভাবে স্মরণ করবে, আখেরাতে মুহাম্মাদে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সামনে তারা কোন অবস্থায় দাঁড়াবে? আ'কায়ে মাদানী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বন্ধুদের সাথে নাকি দুশমনদের সাথে? তারপর তৃতীয় দিন মু'তাসিম ইমাম রহ.কে বললো, আল্লাহ তোমার উপর রহম করুন, তুমি আমার কথা মেনে নাও, আমি তোমাকে আযাদ করে দিবো। তিনি জবাব দিলেন, কুরআন ও হাদীস থেকে কোনো প্রমাণ নিয়ে আসো।

ইমাম আহমদ বিন হাম্বলের হাত কেটে ফেল

মু'তাসিম খুব রাগান্বিত হলো। জল্লাদকে হুকুম দিলো, তাঁর হাত কেটে দাও। জল্লাদ দুই চাবুক মারলো। তারপর অন্য জল্লাদ নিয়ে আসা

হলো। এভাবে প্রত্যেক জল্লাদ পূর্ণ শক্তিতে দুই চাবুক মেরে পিছনে হটে গেলো। উনিশ চাবুক মারার পর মু'তাসিম পুণরায় ইমাম সাহেবের সামনে আসলো এবং বললো, কেনো নিজের জানের পিছনে লেগেছো? আল্লাহর কসম তোমার প্রতি আমার খুবই খেয়াল আছে।

যে আল্লাহকে রব হিসেবে মেনে নেয় এবং তার উপর জমে যায়, এমন আত্মবিশ্বাসী লোকের সামনে আসমান থেকে রহমতের ফেরেশতা নামে। যারা তাঁদের অন্তরকে প্রশান্তি দিতে থাকে এবং হকের উপর প্রতিষ্ঠিত রাখে। আজও আল্লাহ তা'আলার এই সুন্নত প্রতিষ্ঠিত আছে। আজও দুনিয়া জুড়ে কারাগারগুলো এমনি ভাবে সেসব আল্লাহ ওয়ালাদের দিয়ে ভরে দেয়া হয়েছে, যাঁরা বাতিলের সামনে মাথা নুয়াতে অস্বীকার করেছে। যদি জুলুমের সামনে কেউ না দাঁড়াতো, তাহলে প্রত্যেক জালেম বিজয়ী হতো। প্রত্যেক অত্যাচারী কামিয়াব এবং সফল হয়ে যেতো। আর প্রত্যেক দূর্বল ভেঙ্গে কয়েক টুকরা হয়ে যেতো এবং নিজেদের বিশ্বাস, দৃষ্টিভঙ্গি এবং সুনির্দিষ্ট আশা ছেড়ে অত্যাচারী আর জালেমের দীন গ্রহণ করতো। উনিশ চাবুক খাওয়ার পরও ইমাম সাহেব রহ. এর আত্মবিশ্বাস এবং প্রতিজ্ঞায় সামান্যতমও ফাটল ধরেনি। তিনি সেই জবাবই দিলেন, যা প্রথমে দিয়েছিলেন। মু'তাসিম পুণরায় চাবুক মারার হুকুম দিলো। তারপর তিনি জ্ঞান হারিয়ে ফেলেন। সেই চাবুকের ব্যাপারে বলা হয়, তা এমন চাবুক ছিলো, যদি একটি চাবুক কোনো হাতিকে মারা হতো তাহলে হাতি চিৎকার করে পালিয়ে যেতো। ইমাম সাহেব রহ. রোযা ছিলেন। কেউ বলল, আপনার জান বাঁচানোর জন্য এই আকীদাকে মেনে নেয়ার সুযোগ আছে। কিন্তু তিনি তার প্রতি কোনো ভ্রুক্ষেপই করলেন না। লোকেরা তাঁকে বুঝাতে চাইলেন এবং জান বাঁচানোর হাদীস শুনালেন। তিনি জবাব দিলেন, তাহলে খাব্বাব রা. এর হাদীসের জবাব কী? যাতে বলা হয়েছে, প্রথমে কিছু লোক এমন ছিলো, যাদের মাথার উপর করাত চালিয়ে দেয়া হতো, তারপরও তাঁরা নিজের দীন থেকে সরে আসতো না।

একবার কোনো একজন তাকে জিজ্ঞেস করলো, আপনি এসব করছেন আপনার ভয় হয় না? এর জবাবে তিনি বলেন, ভয় তো সে পাবে যার অন্তরে ব্যাধি আছে।

ইমাম সাহেব রহ.কে দু'বছর চার মাস কারাগারে রাখা হয়। এসময়ে ৩৩/৩৪ চাবুক মারা হয়। আল্লামা সায়্যিদ আবুল হাসান আলী নদবী রহ. 'তারীখে দাওয়াত ওয়া আযীমত' গ্রন্থে লেখেন, ইমাম আহমদ রহ. এর উপমাহীন দৃঢ়পদ এবং অটলতার দরুন এই ফেতনা চিরদিনের জন্য খতম হয়ে যায়। ফলে মুসলমান এক বড় দীনি বিপদ থেকে নিরাপদ হয়ে যায়। যারা দীনের সেই ক্রান্তিকালে তৎকালিন হুকুমতের সঙ্গ দিয়েছে, সময়ের সাথে পরিবর্তন হয়েছে এবং মাসলাহাতের দুহায় দিয়ে কাজ করেছে, তারা মানুষের দৃষ্টি থেকে সরে গেছে। তাদের দীনি এবং ইলমী গ্রহণযোগ্যতা হারিয়ে গেছে। পক্ষান্তরে ইমাম আহমদ রহ. এর শান দ্বীগুণ হয়ে বেড়ে গেছে। তার মহব্বত আহলে সুন্নাত ওয়াল জামাত এবং সহীহ আকীদাসম্পন্ন মুসলমানদের পরিচয় হয়ে দাঁড়িয়েছে। তাঁরই এক সমকালীন ব্যক্তিত্ব কুতাইবা বলেন, যখন তোমরা কাউকে দেখবে আহমদ বিন হাম্বলের সাথে তার মহব্বত আছে, তাহলে বুঝে নিবে সে সুন্নাতের অনুসারি।

অপর একজন আলেম আহমদ বিন ইবরাহিম দাওরাকী রহ. বলেন, যাকে তোমরা আহমদ বিন হাম্বলের সমালোচনা করতে শুনবে, তার ইসলামকে তোমরা সন্দেহের চোখে দেখবে।

-তারিখে দাওয়াত ওয়া আযীমাত ১/১০০।

ইমাম সাহেব ৭৭ বছর বয়সে ১২ রবিউল আওয়াল জুমার দিন ২৪১ হিজরী/৮৫৫ ঈসায়ীতে নিজের মাবুদে হাকীকির সাথে মিলিত হন। ইন্তেকালের সংবাদ শুনতেই গোটা শহর ছুটে আসে। তার জানাযার মতো এতো ভিড় ইতিপূর্বে অন্য কারো জানাযায় দেখা যায়নি। জানাযা পড়নেওয়ালাদের সংখ্যার ব্যাপারে বলা হয়, ৮ লক্ষ পুরুষ এবং ৬০ হাজার নারী উপস্থিত ছিলো। অবিচলতার এই ইতিহাস ওই সওদাগর কখনো-ই বুঝতে পারবে না, যার শিরায় শিরায় মাসলাহাত প্রবাহিত হয়েছে। যে দীনের প্রত্যেকটা বিষয়কে দুনিয়াবী লাভ ক্ষতির মাপকাঠিতে পরখ করার পর তা হক বাতিল হওয়ার ফায়সালা করে। তাদের দৃষ্টিতে এসব অবিচলতাকে জযবার অতিরঞ্জন, প্রাবল্য এবং হেকমত ও মাসলাহাত বিরোধী-ই মনে হবে।

অতীত আমাদের আয়না

খলকে কুরআনের ফেতনার ব্যাপারে হুকুমতের সঙ্গ দানকারীদের সরকারী আওতায় খুব খোশামোদি হবে। তাদের জ্ঞান-গরিমা, কৃতজ্ঞতা, মধ্যমপন্থী এবং আলোকিত চেতনার খুব কবিতা-গীত গাওয়া হবে। শাহী দরবার থেকে তাদের ব্যাপারে দেশপ্রেমিক, দেশ ও জাতির দরদী, শান্তিবাদি এবং কল্যাণকামী হওয়ার খেতাব দেয়া হবে। কিন্তু এসব খেতাব এবং সম্মান পৃথিবীর কোনো ইতিহাসে বিদ্যমান আছে? আল্লাহ মালুম সেসব উচ্ছিষ্টের ঝুড়িরও কোন্ ডাস্টবিন জুটেছে, যাতে এসব সরকারী খেতাব ফেলে দেয়া হবে? তৎকালিন হুকুমতের পৃষ্ঠপোষকতা সত্ত্বেও উম্মতে মুহাম্মাদিয়া সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসব সরকারী উলামা মাশায়েখকে কিভাবে স্মরণ রেখেছে? হুকুমতের পক্ষ থেকে সম্মান দেয়ার পরও মুসলমান তাদেরকে কী মর্যাদা দিয়েছে? তাদের নাম জানে এমন কতজন আছে বর্তমানে? অথবা তাদের মুকাবেলায় ইমাম আহমদ বিন হাম্বল রহ.কে তৎকালিন হুকুমত ফেতনাবাজ, ফাসাদপ্রিয় ইত্যাদি নাম দিয়েছিলো। আল্লাহ তা'আলা তাকে কেমন ইয্যত দিয়েছেন? যে কেউ তাঁর নাম নিলে তাঁর উপর রহমত পাঠায়। এটাই ইতিহাসের সবক। কিন্তু ইতিহাস থেকে উপদেশ গ্রহণকারী খুব কমই হয়। অতীতের ইতিহাসকে অতীতের মতই মস্তিস্ক থেকে অতীত করে দেয়। এ কথা চিন্তা করে না যে, বর্তমানেও তেমন ইতিহাস লেখা হচ্ছে। যারফলে মানুষ তার যুগে ঘটমান ঘটনা এবং কাহিনীকে সেই দৃষ্টিতে দেখে না, যে দৃষ্টিতে ইতিহাসকে দেখে থাকে। বর্তমানের ঘটনাগুলোকে খুবই সীমাবদ্ধ দৃষ্টিতে দেখে। কেউ কোনো দলের গণ্ডিতে, কেউ মাযহাবের গণ্ডিতে, কেউ দেশের গণ্ডিতে বন্ধি হয়ে। এমনি ভাবে নিজের যুগের হুকুমতের বক্তব্য অনুযায়ী যাদের বিরোধীতা করছে, তাদেরকেও হুকুমতের দৃষ্টিতে দেখার চেষ্টা করে। তারা এ কথা ভুলে যায়, আহমদ বিন হাম্বল রহ. এর বিরোধীরাও তাঁকে হুকুমতের বিদ্রোহী, আমীরুল মুমিনীনের অবাধ্য, উম্মতের মধ্যে ফাটল সৃষ্টিকারী, হেকমত এবং মাসলাহাত পরিপন্থী হিসেবে দেখেছিলো। ভালো মন্দের যুদ্ধের অবস্থা এবং ঘটনা একই হয়। প্রতিপক্ষ এবং অস্ত্র

ভিন্ন নামের হতে পারে। তাদের মুকাবেলায় দাঁড়ানেওয়ালা এবং তাদের যুদ্ধক্ষেত্র ভিন্ন ভিন্ন হতে পারে। কিন্তু মূল ভিত্তি একই হয়। কিন্তু মানুষ কেবল অতীতের বাতিল ও ঘোড়সাওয়ারদের সম্মান করে। বর্তমানকে তারা ভুলে যায়। আল্লাহর অগণিত রহমত বর্ষিত হোক ইমাম আহমদ বিন হাম্বল রহ. এর উপর। তাঁর পদাঙ্ক অনুসরণকারীদের উপর, যারা তাঁরই অবিচলতার পথে ফোস্কা পায়ে মনযিলের দিকে এগিয়ে যাচ্ছে। যতদিন পর্যন্ত এই বিশ্ব চরাচরে হক বাতিলের লড়াই বাকি থাকবে, ততদিন এই ইতহাসের পুণরাবৃত্তি ঘটতেই থাকবে। বাতিল যেই আকৃতি নিয়েই আসুক না কেনো, হকের পক্ষ থেকে কোনো আবু হানিফা রহ. অথবা কোনো ইমাম আহমদ বিন হাম্বল রহ. দাঁড়িয়ে যাবে।

পাকিস্তানের ফেরাউন, পারভেজ মুশাররফ প্রত্যেক ভ্রষ্টতার পৃষ্ঠপোষক। এটা কিভাবে হতে পারে যে, বাতিল প্রকাশ্যে ভ্রষ্টতা ছড়াবে অথচ হকের সারি থেকে কেউ তার মুকাবেলায় দাঁড়াবে না? যদি এমনটি-ই হতো তাহলে হক বাতিলের লড়াইয়ের ইতিহাস অপূর্ণ থেকে যেতো। সুতরাং আল্লাহ তা'আলা সেই ইতিহাসকে পূর্ণ করার জন্য পারভেজ মুশাররফের মুকাবেলায় হকের ইমাম, শহীদ মাতা-পিতার গাজি ছেলে, গাজি আব্দুর রশীদ শহীদ রহ. কে পাঠিয়েছেন। যাতে আহলে হককে কেউ অপবাদ দিতে না পারে যে, হে অতীত ইতিহাস নিয়ে গর্বকারী! তোমাদের কী অবস্থা? গাজি আব্দুর রশীদ শহীদ রহ. নিজেকে এবং জামিয়া হাফসার ছাত্রীদের কুরবানী দিয়ে বস্তুত বর্তমানের ইতিহাসকে লজ্জিত হওয়ার হাত থেকে বাঁচিয়েছেন। যাঁদের তবীয়তে প্রত্যেক বাতিলের বিরুদ্ধে দাঁড়িয়ে যাওয়া মিশে আছে। হে আল্লাহ! অসংখ্য অগণিত রহমত বর্ষিত কর গাজি শহীদ রহ. এর উপর এবং সেসব আত্মমর্যাদাবান ছাত্রীদের উপর, যারা পুরুষদের পক্ষ থেকে কুরবানী দিয়ে দীনি মর্যাদার অর্থের মান বাঁচিয়েছে।

শায়খ আব্দুল কাদীর জিলানী রহ.

সিকান্দরের বাদশাহী থেকে সেই ফকীর উত্তম
যার ফকীরিতে আসাদুল্লাহর ঘ্রাণ আছে।

শায়খ আব্দুল কাদির জিলানী রহ. ৪৭০ হিজরীতে জিলান শহরে জন্মগ্রহণ করেন। ১৮ বছর বয়সে বাগদাদ আসেন। সেখানেই তিনি দীনি ইলম হাসিল করেন। তৎকালিন নামকরা উলামায়ে কেরামের সাহচর্যে থাকেন। জাহেরী এবং বাতেনী ইলম অর্জন করে ফারেগ হওয়ার পর মানব জাতির রুহানী চিকিৎসা শুরু করেন। সাধারণ থেকে নিয়ে হাকিম, বড় বড় আলেমগণও তাঁর মজলিসে শরীক হয়ে দীলের জগতকে আবাদ করেন। শায়খ জিলানী রহ. নম্রতা এবং শালীনতার উপমা ছিলেন। গরীব মিসকীনদের পাশে বসতেন। তাদের কাপড় পরিস্কার করতেন। উকুন আনতেন। পক্ষান্তরে কোনো ধনী, সরকারী কর্মকর্তার সম্মানে কখনো দাঁড়াতেন না। খলীফা আগমন করলে ইচ্ছাকৃত ঘরে চলে যেতেন। যখন খলীফা এসে বসে যেতেন, তখন তিনি বের হয়ে আসতেন। যাতে খলীফার সম্মানার্থে দাঁড়াতে না হয়। শায়খ আব্দুল কাদির জিলানী রহ. এর কারামতের আধিক্যের ব্যাপারে ঐতিহাসিকগণ একমত। আল্লাহর সাথে বিশেষ সম্পর্ক, সৃষ্টির প্রতি দয়া, দানশীলতা এবং মেহমানদারী তাঁর স্বভাবে পরিণত হয়েছিলো।

শায়খ আব্দুল কাদীর জিলানী রহ. এবং সত্যবাদিতা

যাদের অন্তর আল্লাহ তা'আলার জন্য বরাদ্ধ হয়ে গেছে এবং আখেরাতের ওয়াদার উপর বিশ্বাস সুনিশ্চত হয়ে গেছে, সে সমকালিন হাকিম বাদশাদের অসন্তুষ্টির পরোয়া করে না। যে অন্তরে কবরের অন্ধকার এবং একাকিত্বের ভয় জমে আছে, তাকে যিন্দানখানার অন্ধকার আর একাকিত্ব ভয় দেখাতে পারে না। শায়খ আব্দুল কাদির জিলানী রহ.ও হক বলতে কোনো ভয়কে আমলে নিতেন না। সুতরাং দরবারি উলামা মাশায়েখ এবং হাকিমদের শুভদৃষ্টি লাভের জন্য ফতোয়া জারি করনেওয়ালাদের উদ্দেশ্য করে বলেন, হে ইলম ও আমলের খিয়ানতকারী! তাদের সাথে তোমাদের কী সম্পর্ক? হে আল্লাহ এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুশমন! খোদার বান্দাদের ডাকাত! তোমরা সরাসরি জুলুম এবং সরাসরি নেফাকে লিপ্ত। এই নেফাক কতদিন পর্যন্ত

থাকবে? হে আলেমসমাজ! হে দুনিয়াত্যাগী গোষ্ঠী! বাদশাহ এবং সুলতানদের জন্য কতদিন পর্যন্ত মুনাফিক হয়ে থাকবে? তাদের থেকে তোমরা দুনিয়ার মাল দৌলত এবং নফসের চাহিদা পূরণ করছো। অধিকাংশ বাদশা বর্তমান যামানায় আল্লাহ তা'আলার মাল এবং তাঁর বান্দাদের ব্যাপারে জুলুম করছে। খেয়ানত করছে। হে আল্লাহ! মুনাফিকদের শক্তি ভেঙ্গে দাও। তাদেরকে অপদস্ত কর। তাদেরকে তাওবার তাওফিক দাও। জালেমদের কেল্লা তছনছ করে দাও। যমীনকে তাদের থেকে পবিত্র করে দাও অথবা তাদেরকে সংশোধন করে দাও।

-তারীখে দাওয়াত ওয়া আযীমত খন্ড-১।

অন্য এক জায়গায় এই স্তরেরই একজনকে খেতাব করে বলেন, তোমার শরম হয় না? তোমার লোভ তোমাকে জালেমদের খেদমত এবং হারামখুরীর দিকে নিয়ে যাচ্ছে। তুমি কতদিন পর্যন্ত হারামখুরী এবং জালেম বাদশাদের খেদমত করতে থাকবে? যাদের খেদমতে তুমি লেগে আছো, তাদের রাজত্ব অচিরেই মিটে যাবে। তোমাকে আল্লাহ তা'আলার খেদমতেই আসতে হবে। যার কোনো ক্ষয় নেই।

-তারীখে দাওয়াত ওয়া আযীমত খন্ড-১।

মানুষ আল্লাহ তা'আলাকে ছেড়ে মানুষের উপর আশা বেঁধে আছে। কাফেরদেরকে এমন ভাবে ভয় পায়, যেমনটি আল্লাহকে পাওয়া উচিত ছিলো। বরং এর চেয়ে বেশি পাওয়া উচিত ছিলো। শায়খ জিলানী রহ. তার ব্যাপারে বলেন, আজ তুমি ভরসা করছো নিজের উপর, মাখলুকের উপর, নিজের দীনার দেরহামের উপর, নিজের ব্যবসা বাণিজ্যের উপর, শহরের হাকিমের উপর। তুমি যে বস্তুর উপরই ভরসা করছো তা তোমার মাবুদ। যে ব্যক্তির উপর তুমি নির্ভর করছো, সে তোমার মাবুদ। যে ব্যক্তির উপর তোমার লাভ ক্ষতির ব্যাপারে নজর পরবে, এ কথাই বুঝবে যে আল্লাহ তা'আলাই তার হাতে তা দানকারী। আর সে তোমার মাবুদ।

-তারীখে দাওয়াত ওয়া আযীমত খন্ড-১।

হে আল্লাহর বান্দাগণ! পীরদের পীর শায়খ আব্দুল কাদির জিলানী রহ. এর কথা চিন্তা করুন। তারপর নিজের হিসেব নিন। আমরা কতগুলো মাবুদ বানিয়ে রেখেছি? আল্লাহকে ছেড়ে আমেরিকা এবং ইহুদীদের বিশ্ব

সংস্থাগুলোকে রিযিকদাতা মানছি? কাফেরদের বক্তব্য শুনে প্রতিষ্ঠিত শরীয়তের বিধি বিধানকে নিষিদ্ধ ঘোষণা করছি? বসতিগুলোতে বোম বর্ষণ করার ভয়ে নিজের মুসলমান ভাই বোনদেরকে কাফেরদের নিকট বিক্রি করছি? আমেরিকা নারাজ হয়ে রিযিক বন্ধ করে দিবে, দুনিয়া থেকে মিটিয়ে দিবে, এই ভয়ে কুরআনের আয়াতগুলো গোপন করছি? নিজের ঘর বাঁচানোর জন্য কালেমাওয়ালা অন্য মুসলমানদের বাচ্চা, মহিলা এবং বৃদ্ধদের উপর বোম্বিং করাচ্ছি? সেসব হত্যাকারীদের সহযোগীতা করে জুলুমের উপর জুলুম করছি? খুনীদের দুশমন মুজাহিদীনের বিরুদ্ধে নিজের যবান এবং কলম ব্যবহার করছি? একটু চিন্তা করি। এটা কেমন ইসলাম? ভাবুন। আমরা ঈমানের কোন সঙ্গার উপর দণ্ডায়মান? কখনো মূর্তীগুলোর পূজা থেকে অবসর পেলে গননা করে দেখুন, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রবের সাথে যাদেরকে শরীক করছি তাদের সংখ্যা কততে পৌছেছে? প্রত্যেক জিনিসের পৃথক খোদা বানিয়ে রেখেছি। জীবন মৃত্যুর খোদা আমেরিকা, টাকা-পয়সা ও ধন-দৌলতের খোদা আই.এম.এফ, রিযিকের খোদা জাতিসংঘ, পানি-বাতাসের খোদা ভারত, দেশপ্রেম, জাতীয়তা, ভাষাপ্রেম আর নফসের মূর্তী? হাজার মূর্তী রয়েছে দীলের আস্তীনে।

সালাহুদ্দীন আইয়ূবী রহ.

(১১৩৮-১১৯৩ ঈসায়ী)

শাসকগোষ্ঠীর জন্য মৌজ মাস্তির জীবন যাপন করা, নিজের রাজত্ব টিকিয়ে রাখার জন্য জায়েয না জায়েয সবধরণের অস্ত্র ব্যবহার করা, কোনো মুশকিল কাজ নয়। জাতির পেট কেটে নিজের খাযানার মুখ ভরা দুনিয়াদারদের অভ্যাস। জনসাধারণের যিন্দেগীকে ফসল বানিয়ে নিজের যিন্দেগীতে বাহারী রঙ লাগানো তাদের শখ। নিজের নফসের চাহিদায় শরীয়তের গিলাফ লাগিয়ে ব্যক্তিস্বার্থ এবং আমিত্বকে পবিত্র আইনের মর্যাদা দেয়া তাদের জন্য সহজ ব্যাপার। কিন্তু এই দীনের হেফাজতের জন্য আল্লাহ তা'আলা নিজের যেসব বান্দাদের বাছায় করেন, তাঁদের শান অন্যদের থেকে ভিন্নই হয়। তাঁদের স্বভাব অন্যদের থেকে ব্যতিক্রম হয়।

ইসলামী ইতিহাসের দিগন্তে সেসব উজ্জ্বল নক্ষত্রই বিদ্যমান, যারা অন্ধকার রাত্রিতে মুসাফিরদের মনযিলের দিকে পথপ্রদর্শন করছে। যারা নিজেদের চেষ্টা, আত্মত্যাগ, কুরবানী এবং আখেরাতের ভয়ের বদলায় যুগে যুগে মুসলমানদের মান বাঁচিয়েছে। নিজে সর্বস্বান্ত হয়ে, দেহ এবং আত্মাকে রক্তে রঞ্জিত করে, দীলের দূর্বলতাকে টুকরো টুকরো করে উম্মতের শান্তির সামান তৈরি করেছে। মুসলমানদেরকে আনন্দ দেয়ার জন্য গোটা বিশ্বের পেরেশানী (যা পাহাড়ে রাখলে কয়লা হয়ে যাবে) নিজের অন্তরে নিয়ে নিয়েছে।

সুলতান সালাহুদ্দীন আইয়ূবী রহ. ইসলামী ইতিহাসের সেই হীরা, যার নাম শুনতেই ঈমানদারদের ঈমান টগবগ করতে থাকে। বায়তুল মুকাদ্দাসের আযাদী ইসলামী বিশ্বের বাচ্চা শিশুদেরও স্বপ্ন ছিলো। তিনিই সেই আল্লাহর ওলী, যিনি প্রথম কেবলাকে কাফেরদের হাত থেকে আযাদ করেন। প্রথমে সেটি ওমর রা. এর খেলাফতকালে বিজয় হয়। তারপর শাসকগোষ্ঠীর অবহেলা এবং মুসলিম উম্মাহর জিহাদ থেকে দূরে সরে যাওয়ার কারণে ৪৯৬ হিজরী/১০৯৯ ঈসায়ী কাফেররা দ্বিতীয়বার দখল করে নেয়। বায়তুল মুকাদ্দাস মুসলমানদের হাত থেকে ছুটে যাওয়া ইসলামী বিশ্বের জন্য বড় ধরণের ধাক্কা ছিলো। যারফলে মুসলমানদের মধ্যে দূর্বলতা এবং নৈরাশ্য ছড়িয়ে পড়ে। পক্ষান্তরে ক্রুসেডারদের সাহস এতো বেড়ে গিয়েছিলো যে, তারা পবিত্র মক্কা-মদীনায় আক্রমণের পরিকল্পনা করে ফেলে। পবিত্র রওজা শরীফের ব্যাপারে বেয়াদবী এবং অপমানজনক বাক্য ও ইচ্ছা প্রকাশ করে। এমন সময় ইসলামী বিশ্বে কোনো একজন মুজাহিদের প্রয়োজন ছিলো। যিনি জিহাদে বের হয়ে ক্রুসেডারদের সয়লাবের পথে বাঁধ দিতে পারবেন। এমন এক নেতা হবেন, যিনি সাধারণ মানুষের জযবার বাস্তবায়ন করবেন। পবিত্র ভূমি এবং মক্কা-মদীনার হেফাজতের জন্য নিজের সবকিছু বিলিয়ে দেয়ার জযবা রাখবেন। এমন এক মুজাহিদ হবেন, যিনি জিহাদকে ইবাদাত মনে করবেন এবং তাকেই জীবনের চাওয়া পাওয়া বানাবেন।

ক্রুসেডারদের বিরুদ্ধে প্রথমে যুদ্ধ শুরু করেন ইমাদুদ্দীন জঙ্গী রহ.। তিনি ক্রুসেডারদের থেকে নিজেদের ভূমি ফিরিয়ে নিতে শুরু করেন।

আল্লাহ তা'আলা তাকে ৫৪১ হিজরীতে শাহাদাতের পানপাত্র দান করেন। তারপর তাঁর ছেলে নুরুদ্দীন জঙ্গী রহ. এই জিহাদকে এগিয়ে নিয়ে যান। তিনি একজন আলেম, দুনিয়াত্যাগী এবং আবেদ ছিলেনে। তাঁর ভিতরে কানায় কানায় জিহাদের স্পৃহা ভরপুর ছিলো। বায়তুল মুকাদ্দাসের আযাদী তাঁর মিশন ছিলো। একেই তিনি আল্লাহর নৈকট্য লাভের মাধ্যম মনে করতেন। ৫৫৮ হিজরীতে বাকিআহ এর যুদ্ধে ক্রুসেডাররা আকস্মাত হামলা চালালে মুসলমানদের প্রতিরক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়ে। তখন তিনি কসম করেন, যতদিন বদলা না নিতে পারবেন ততদিন ছাদের নীচে (ঘরে ফিরে) যাবেন না। সুতরাং খুব জযবা এবং উদ্দীপনার সাথে জবাবী হামলা করার প্রস্তুতি নিতে থাকলেন। আলেম-উলামা এবং বুযুর্গানে দীনের নিকটও অবস্থা লিখে পাঠালেন। যাতে তিনি কাফেরদের জুলুমের কথাও উল্লেখ করেন। উলামায়ে হক কেঁদে কেঁদে সেসব ঘটনা মুসলমানদের নিকট বর্ণনা করেন। যারফলে মানুষের মধ্যে জিহাদের ঢেউ উঠে। ইতিহাস সাক্ষি, প্রত্যেক যুগে উলামায়ে হক মুজাহিদীনকে সঙ্গ দিয়েছেন। নিজেরা জিহাদের ময়দানে আল্লাহর সৈনিক হিসেবে যুদ্ধ করেছেন। যদি কখনো যেতে না পারতেন তখনো তাদের অন্তর জিহাদের ময়দানে ঝুলে থাকতো। সাধারণ মুসলমানদেরকে মুজাহিদীনকে সাহায্য করতে উৎসাহিত করতেন। উলামায়ে হকের উৎসাহে মানুষ পাগলের মতো নুরুদ্দীন জঙ্গী রহ. এর সহযোগী হতে পৌছতে লাগলো। সুলতান নিজের কসম পুরা করলেন। ক্রুসেডারদের সম্মিলিত বাহিনীকে পরাজিত করে তাদের ঐক্য ভেঙ্গে তছনছ করলেন। আল্লাহ তা'আলা তাঁকে বড় বিজয় দান করলেন। পঞ্চাশের বেশি শহর কাফেরদের হাত থেকে ছিনিয়ে আনলেন। কিন্তু বায়তুল মুকাদ্দাসের আযাদী অন্য কারো হাতে লেখা ছিলো। সুতরাং তিনি ফিলিস্তিনের সকল এলাকা ক্রুসেডারদের থেকে মুক্ত করে ৫৬৯ হিজরী/১১৭৪ ঈসায়ীতে আসল ঠিকানার দিকে পাড়ি জমান।

তারপর এই যিম্মাদারী তার সিপাহ সালার সুলতান সালাহ উদ্দীন আইয়ূবী রহ. এর কাঁধে আসে। সুলতানকে যারা দেখেছেন তারা বলেন, মনে হয় তাঁকে এজন্যই সৃষ্টি করা হয়েছিলো যে, আল্লাহ তা'আলা তার মাধ্যমে দীনে ইসলামকে মজবুত ভাবে প্রতিষ্ঠিত করবেন এবং বায়তুল

মুকাদ্দাস আযাদ করবেন। সুলতান রহ. বায়তুল মুকাদ্দাসের আযাদীকে দিলের ব্যাধিতে পরিণত করে নিয়েছিলেন। যা তাঁকে একটা মূহুর্ত নিশ্চিন্তে বসতে দিতো না। আরাম-আয়েশ, দুনিয়ার স্বপ্ন-স্বাধ, ব্যক্তিগত চাহিদা, সবকিছু সুলতান আইয়ূবী রহ. এর জন্য অর্থহীন হয়ে পড়ছিলো। জিহাদই তাঁর আরাম-আয়েশ, জিহাদই তাঁর আশা-আকাঙ্খা। জিহাদের সাথেই তাঁর ভবিষ্যত স্বপ্ন প্রতিষ্ঠিত ছিলো।

কাজী ইবনে শাদ্দাদ সুলতান সালাহ উদ্দীন রহ. এর বিশেষ ব্যক্তি ছিলেন। তিনি লেখেন, জিহাদের মহব্বত এবং আকাঙ্খা তাঁর শিরা-উপশিরায় মিশে গিয়েছিলো। তাঁর অন্তর এবং চিন্তা চেতনাকে বেষ্টন করে নিয়েছিলো। জিহাদই তাঁর আলোচ্য বিষয় ছিলো। জিহাদেরই সরঞ্জাম তৈরি করতে থাকতেন। জিহাদেরই অস্ত্রশস্ত্র নিয়ে তিনি গবেষণা করতেন। এরই জন্য তিনি লোক তালাশ করতেন। এরই আলোচনা এবং উৎসাহদাতার প্রতি তিনি মনোযোগী হতেন। এই জিহাদ ফী সাবিলিল্লাহর জন্য তিনি নিজের সন্তান, পরিবার এবং জন্মভূমিকে আলবিদা বলেছেন। সবকিছু ছেড়ে মরুবাসি হয়েছেন। এক তাবুর যিন্দেগীতেই সন্তুষ্ট হয়েছেন, যা বাতাসের দরুন এদিক ওদিক হেলে যেতো। কসম করা যেতে পারে, জিহাদের অভিযান শুরু হওয়ার পর থেকে তিনি একটা পয়সাও মুজাহিদীনের সাহায্য সহযোগীতা ছাড়া অন্য কোনো খাতে খরচ করেননি।

-তারিখে দাওয়াত ওয়া আযীমত খন্ড-১।

অন্য এক জায়গায় কাজী শাদ্দাদ লেখেন, যুদ্ধের ময়দানে তাঁর অবস্থা এমন একজন চিন্তিত মায়ের মতো হতো, যিনি তার একমাত্র বাচ্চাকে খুঁজে বেড়াচ্ছেন। তিনি এক কাতার থেকে অন্য কাতারে ঘোড়া নিয়ে দৌড়াতে থাকতেন এবং মুজাহিদীনকে জিহাদের উপর উৎসাহিত করতে থাকতেন। তিনি একাই গোটা ফৌজের মধ্যে ঘুরে ফিরতেন এবং হাঁক ডাক করতেন; হে ইসলামের প্রভু! তুমি ইসলামকে সাহায্য কর। তাঁর চোখ বেয়ে অশ্রু গড়িয়ে পড়তো।

-তারিখে দাওয়াত ওয়া আযীমত খন্ড-১।

হাত্তিনের যুদ্ধ চূড়ান্ত যুদ্ধ

টলানো যেতো না যা, যুদ্ধে তা উড়ে যেতো
সিংহের পা-ও ময়দান থেকে উপড়ে যেতো,
তোমার অবাধ্য হতো যে, নষ্ট হয়ে যেতো
তরবারি কী জিনিস, আমরা তো কামানের সাথে লড়ে যেতাম।

হাত্তিনের যুদ্ধ ৫৮৩ হিজরী/১১৮৭ ঈসায়ীতে সংঘটিত হয়। বায়তুল মুকাদ্দাসের বিজয় এবং পরাজয় এই যুদ্ধেই চূড়ান্ত হয়েছিলো। সুতরাং ক্রুসেডাররা নিজেদের সবকিছুই এই যুদ্ধে সংযোগ করেছিলো। সুলতান জিহাদের উৎসাহ দিতে দিতে মুজাহিদীনের মধ্যে জোশ এবং স্পৃহার আগুনে স্ফুলিঙ্গ ছুটিয়েছিলেন। আল্লাহর বন্ধুদের বাহুতে বিজলী চমকাচ্ছিলো। যা যে কোনো সময় আল্লাহর দুশমনদের উপর ভেঙ্গে পড়ার জন্য উন্মুখ হয়েছিলো। প্রত্যেক মুজাহিদ বিজয় অথবা শাহাদাতের তামান্নায় অস্থির ছিলো। নিজের প্রথম কেবলাকে ক্রুসেডারদের থেকে মুক্ত করার আকাঙ্খায় বুঁদ হয়েছিলো। মুজাহিদীন এই যুদ্ধে এমন ভাবে লড়াই করে যে, এরপর তাদের বেঁচে থাকা অনর্থক। আল্লাহ তা'আলা মুজাহিদীনকে সাহায্য করেন। মুজাহিদীনকে বিজয় দান করেন। আল্লাহ এবং তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুশমনকে লাঞ্ছিত এবং অপদস্ত করেন। ঈমানদারদের অন্তরে শীতলতা নেমে আসে এবং মুনাফিকদের কলিজা ফেটে যায়। যুদ্ধের ময়দানের অবস্থা অবাক করার মতো ছিলো। একেক জন মুজাহিদ ৩০ ক্রুসেডারকে গ্রেফতার করে নিয়ে যেতেন। তাঁরা যাদেরকে গ্রেফতার করেছিলেন তাদের মধ্যে ক্রুসেডারদের বড় বড় কমাণ্ডারও গ্রেফতার হয়েছিলো। জেরুজালেমের বাদশা 'গাঈ'ও তাদের সাথে গ্রেফতার হয়েছিলো।

মক্কা মদীনার উপর কুদৃষ্টিদাতার পরিণাম

মক্কা মদীনার উপর হামলার ইচ্ছা পোষণকারী 'ওয়ালী কর্ক রেজিনাল্ড' আ'কায়ে মাদানী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গোলামদের সামনে বন্দী অবস্থায় দণ্ডায়মান ছিলো। তার চক্রান্ত এবং

অহংকার মাটির সাথে মিশে গিয়েছিলো। সুলতান সালাহুদ্দীন আইয়ূবী রহ. জেরুজালেমের বাদশাকে নিজের কাছে বসালেন। তার পিপাসা দেখে তাকে ঠান্ডা পানির পিয়ালা পান করতে দিলেন। বাদশা পানি পান করে রেজিনাল্ডকে দিয়ে দিলেন। তার উপর সুলতান রাগান্বিত হয়ে গেলেন এবং বাদশা 'গাঈ'কে বললেন, আমি তো তাকে পানি দেইনি। রুটি এবং লবন যাকে দেয়া হয়, তাকে নিরাপদ মনে করা হয়। কিন্তু এই লোক আমার প্রতিশোধ থেকে বাঁচতে পারবে না। এ কথা বলে সুলতান রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুশমনের সামনে এসে দাঁড়ালেন এবং বললেন, 'শুনে রাখ! আমি তোমাকে হত্যা করার জন্য দুইবার কসম খেয়েছি। এক. যখন তুমি পবিত্র মক্কা মদীনায় আক্রমণ চালানোর ইচ্ছা করেছিলে। দুই. যখন তুমি ধোঁকাবাজি এবং গাদ্দারী করে হাজিদের কাফেলার উপর আক্রমণ করেছিলে। দেখ! এখন আমি তোমার বেয়াদবী এবং অপমানের প্রতিশোধ নিচ্ছি।' এ কথা বলে সুলতান রহ. তরবারি বের করলেন এবং রেজিনাল্ডকে নিজের হাতে কতল করে নিজের কসম পুরা করেন।

বায়তুল মুকাদ্দাস বিজয়

হাত্তীন বিজয়ের কয়েক মাসের মধ্যে আল্লাহ তা'আলা সেই দিনটিকেও মুসলমানদের দেখালেন, যখন বায়তুল মুকাদ্দাস দ্বিতীয়বার মুসলমানদের দখলে আসে। প্রথমবার হযরত উমর ফারুক রা. এর খেলাফতকালে জিহাদের মাধ্যমেই বিজয় হয়েছিলো। তারপর যখন উম্মত জিহাদ থেকে বিমুখ হয়ে যায়, তখন কাফেররা পূণরায় তা দখল করে নেয়। তারপর ৯০ বছর বায়তুল মুকাদ্দাস কাফেরদের হাতে থাকে। এটা সেই ৯০ বছর যখন উম্মতের মধ্যে ব্যক্তিগত ভাবে যুগের বড় বড় মুহাদ্দিস, প্রশিদ্ধ ফকীহ এবং ওলীগণ মওজুদ ছিলেন। ইলমী এবং গবেষণার দিক থেকে তা ইসলামী ইতিহাসের সোনালী যুগ ছিলো। হুজ্জাতুল ইসলাম ইমাম গাযালী, আল্লামা যমখশরী, আবু বকর ইবনে আরাবী, ইবনে আসাকির এবং ইমাম ফখরুদ্দীন রাযি রহ. এর মতো মহান

ব্যক্তিবর্গ এই যুগে বিদ্যমান ছিলেন। সারকথা হলো, কুফর এবং ফেতনার শক্তি ভাঙ্গার জন্য আল্লাহ তা'আলা মুসলমানদেরকে কিতালের আদেশ করেছেন। এই পথ অবলম্বন করেই কুফরের শক্তি ভাঙ্গা যেতে পাড়ে। যেই পথ আল্লাহ তা'আলা নিজের হাবিব সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য পছন্দ করেছেন, নবীয়ে আখিরুয্যামান সেই পথকেই নিজের উম্মতের জন্য ছেড়ে গেছেন এবং বলে গেছেন, যদি তোমরা এই পথকে ছেড়ে দাও, তাহলে তোমাদের উপর লাঞ্চনা চাপিয়ে দেয়া হবে। যেই লাঞ্চনা ততদিন পর্যন্ত বিজয়ী থাকবে যতদিন তোমরা জিহাদের পথে ফিরে না আসবে। এখন যদি উম্মত জিহাদের রাস্তা ছেড়ে অন্য কোনো পন্থায় এই লাঞ্চনাকে দূর করতে চায়, তাহলে তা কখনোই দূর হবে না। কেননা মুসলমানদের জন্য কামিয়াবী কেবল এবং কেবলই আল্লাহ তা'আলার বিধি বিধান পালনের মধ্যে রয়েছে। যখন যা হুকুম হবে তখন তাই পালন করতে হবে। আল্লাহ তা'আলার সন্তুষ্টির উপর মাথা ঝুকানোর নামই দীন। তা ভিন্ন সবকিছুই শয়তানের ধোকা। শব্দ এদিক সেদিক করা, যৌক্তিক দলীল প্রমাণ এবং কাদিয়ানী টাইপের প্রশ্ন মানুষের নিকট যতই পছন্দনীয় হোক না কেনো, দীন হলো সেই জিনিস, যা মুহাম্মাদে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের জন্য ছেড়ে গেছেন। সাহাবায়ে কেরামের বাস্তব জীবন যার উপর সাক্ষি। উলামায়ে হক তার উপর চলে আমাদেরকে রাস্তা দেখিয়েছেন। সুতরাং সুলতান সালাহ উদ্দীন আইয়ূবী রহ. দীনের সেই অটল বাস্তবতাকে বুঝতেন যা কাফেরদের শক্তিকে ভাঙ্গতে পারে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বদরের ময়দানে বের হয়ে বিজয়ের জন্য দু'আ করেছেন। সুতরাং সুলতান রহ. বায়তুল মুকাদ্দাসের আযাদীর জন্য কিতালকে আবশ্যক মনে করেছেন এবং তারপর উলামায়ে হকের নিকট দু'আর দরখাস্ত করেছেন।

৫৮৩ হিজরীর ২৭ রজব সুলতান বায়তুল মুকাদ্দাসে প্রবেশ করেন। বায়তুল মুকাদ্দাসে ৯০ বছর পর জুমার নামায হয়। দূর দূরান্ত থেকে উলামায়ে কেরাম এবং সাধারণ মুসলমান গলা ছেড়ে তাকবীর দিতে দিতে বায়তুল মুকাদ্দাসের দিকে আসতে থাকেন। সেসব লোকের আনন্দের পরিমাপ তারাই করতে পারে যাদের অন্তরে ইসলামের বিজয়ের

তামান্নাগুলো উছলাতে থাকে। যাদের চোখ ইসলাম এবং মুসলামানদেরকে কাফেরদের শাসন থেকে আযাদ দেখার জন্য অপলক তাকিয়ে থাকে। অন্যথায় যাদের নিকট ইসলাম বিজয়ী হলো নাকি পরাজিত হলো, মুসলমান শাসক হলো নাকি প্রজা হলো এসবের কোনো দরকার নেই, তাদের জন্য এসব কথা অর্থহীন। তাদের জন্য দু'বেলা পেট ভরার নামই যিন্দেগী। চাই তাদের শাসক হিন্দু হোক কিংবা ইহুদী হোক।

সম্মিলিত সেনাদল
এবং ইসলামের সিংহ সুলতান সালাহ উদ্দীন আইয়ূবী রহ.

পক্ষান্তরে বায়তুল মুকাদ্দাসের বিজয়ের সংবাদ কুফরী বিশ্বের উপর বিজলী হয়ে আছড়ে পড়ে। এই সংবাদ তাদের ভিতরে প্রতিশোধের আগুন জ্বালিয়ে দেয়। গোটা ইউরোপ মারার জন্য এবং মরার জন্য তৈরি হয়ে যায়। ইউরোপের সকল প্রশিদ্ধ বাদশাহ, শাহজাদা, সিপাহ সালার এবং সমরবিদরা ময়দানে বের হয়ে আসে। কায়সার, ফ্রেডরিক, রিচার্ড শেরডল এবং ইংলিস্তান, ফ্রান্স, স্কলিয়া, অস্ট্রীয়ার বাদশা, ডিউক ও নাইটরা সবাই এক ছিলো। পক্ষান্তরে তাদের মুকাবেলায় একা সুলতান সালাহ উদ্দীন আইয়ূবী রহ. কিছু সাথীবর্গ নিয়ে ইসলামী বিশ্বের পক্ষে লড়ছিলেন। ধারাবাহিক পাঁচবছর রক্তারক্তি যুদ্ধ চলতে থাকে। সম্মিলিত বাহিনী বায়তুল মুকাদ্দাস দখলের জন্য জান প্রাণ চেষ্টা করতে থাকে। কিন্তু আল্লাহ তা'আলার সাহায্যে সুলতান সালাহ উদ্দীন আইয়ূবী রহ. তাদের মুকাবেলা করতে থাকেন। ক্লান্ত হয়ে ভেঙ্গে পড়েও বিশ্রামের খেয়ালও অন্তরে আনেননি। নিজের জান বাঁচানো, নেতৃত্বের ফায়দা লুটা এবং পরিবারের সাথে যিন্দেগীর স্বাদ নেয়ার বিনিময়ে ঈমানী সম্ভ্রম ও রক্ষকের সওদা করেননি। এই চিন্তাও করেননি যে, যদি এই সম্মিলিত বাহিনীর সাথে কুলাতে না পারেন, তাহলে তারা মুসলমানদের প্রতিটি ইট খুলে নিবে। বরং অকুতোভয় হয়ে গোটা ইসলামী বিশ্বের পক্ষ থেকে প্রথম কেবলার প্রতিরক্ষা আঞ্জাম দিতে থাকেন।

আজ মুসলমান কোনো একজন সালাহুদ্দীন আইয়ূবীর স্বপ্ন দেখে। কিন্তু আল্লাহ তা'আলা কোনো সালাহ উদ্দীন আইয়ূবীকে পাঠিয়ে দিলে তার কদর করে না। এমনকি তাকে সময়ের সালাহ উদ্দীন আইয়ূবী মনেই করে না। সালাহ উদ্দীন আইয়ূবী রহ. বায়তুল মুকাদ্দাস বিজয়ের যে পথ বেছে নিয়েছিলেন, আজ তারই রুহানী প্রতিনিধি সেই পথে চলে বায়তুল মুকাদ্দাস পর্যন্ত পৌছার প্রতিজ্ঞা করে নিয়েছে। মনে রাখা উচিত, সালাহ উদ্দীন আইয়ূবী রহ. শুধু একজন বায়তুল মুকাদ্দাস বিজয়ীর নাম নয়, তিনি একটি প্রেরণা, তিনি একটি প্রতিজ্ঞা, তিনি হৃদয়ের এক জ্বালার নাম। তিনি মহব্বত এবং পাগলামীর ওই চূড়া যেখানে আকলের প্রবেশাধিকার নিষেধ। জয়-পরাজয়ের সাথে যার কোনো সম্পর্ক নেই। যারা মুজাহিদীনের ব্যাপারে হক বাতিলের ফায়সালা করে জয়-পরাজয় দেখে তারা যুক্তিবাদি, তাদের অন্তরে মহব্বতের বাতাসও লাগেনি। শরীয়তের রাজ এবং গভীরতা সম্পর্কেও তাদের কোনো ধারণা নেই। স্মরণ করুন! সায়্যিদুনা নূহ আ. ৯০০ বছর দাওয়াত দিয়েছিলেন, কিন্তু ফলাফল কী পেয়েছিলেন? নাউযুবিল্লাহ এক্ষেত্রে আপনার বিশ্বাস কি এমন যে, তিনি ব্যর্থ? তিনি কি হকের উপর ছিলেন না? প্রকৃতপক্ষে লাভ ক্ষতি দেখে প্রেম ভালোবাসা হয় না। পরিণামের প্রতি ভ্রুক্ষেপ না করে কেবল হুকুম পালন করে যেতে হয়। যদি হুকুম হয়, একমাত্র ছেলের গর্দানে ছুরি চালাতে, তাহলে তৎক্ষনাত তা পালন করতে হয়। আকলকে এ কথা জিজ্ঞেস করা যাবে না যে, ছুরি চালাবো কি না? গর্দান কাটবো কি না? বিশদ ইতিহাস। দীল ওয়ালারাই কেবল বুঝতে পারবেন। যাদের অন্তরে ঈমান বাসা বেঁধেছে তারাই বুঝবেন। সুতরাং এই উম্মত প্রত্যেক যুগে সালাহ উদ্দীন আইয়ূবীর পথে চলার মতো লোক জন্ম দিচ্ছে। কখনো সুলতান মুহাম্মাদ ফাতেহ রহ. (কস্তুনতুনিয়া বিজেতা ১৪৩২-১৪৮১) এর আকৃতিতে। কখনো আওরঙ্গজেব আলমগীর রহ. (১৬১৮-১৭০৭) এর আকৃতিতে। কখনো সিরাজুদ্দৌলা রহ. (১৭৪৯-১৭৯৯) এর আকৃতিতে। কখনো শহিদ টিপু সুলতান রহ. (১৭৯৯) এর আকৃতিতে। কখনো সায়্যিদ শহীদ রহ. (১৭৮৬-১৮৩১) এর আকৃতিতে। কখনো শামেলীর ময়দানের ঘোড় সাওয়ারদের আকৃতিতে। শুধু চিন্তা ভাবনার কমতি। নতুবা আজও উম্মত

বাঁজা হয়ে যায়নি। আফগান জিহাদের শুরু থেকে আজ পর্যন্ত বিভিন্ন ভূখণ্ডে উম্মতের মায়েরা কেমন চমকানো হিরাগুলো জিহাদের ময়দানে কুরবানী করে দিয়েছে। ইতিহাস লেখা হলে সবাই স্বীকার করবে। কারণ, মানুষ নিজের যুগের ব্যক্তিত্বদেরকে মর্যাদা না দেয়াটা বাস্তবতায় রুপ নিয়েছে। তারা শুধু অতীতের সালাহ উদ্দীন রহ.কে জানে। কারণ, তার অবস্থাগুলো তাদের দৃষ্টিতে চমকাচ্ছে। এটাও একটা প্রশ্ন যে, যদি এই যুগে সুলতান সালাহ উদ্দীন রহ. আসেন তাহলে আমাদের মধ্য থেকে কতজন তার সঙ্গ দিবো? সম্মিলিত সেনাবাহিনীর মুকাবেলায় তাঁর সমমনা কতজন মুসলমান পাওয়া যাবে? বর্তমান হুকুমতের অসন্তুষ্টি, চক্রান্তকারী ফেতনা, ব্যক্তিগত বাঁধা সত্ত্বেও কতজন এমন পাগল পাওয়া যাবে, যারা সবকিছু ছেড়ে বায়তুল মুকাদ্দাস বিজয়ের জন্য কোনো আইয়ূবী রহ. এর সাথে চলে যাবে?

তৃতীয় অধ্যায়
ইমাম মাহদীর আলোচনা

ইমাম মাহদী

ইমাম মাহদী এর বংশ, আকৃতি এবং বায়আতের ব্যাপারে বিস্তারিত আলোচনা 'তৃতীয় বিশ্ব যুদ্ধ এবং দাজ্জাল' নামক গ্রন্থে অতিবাহিত হয়েছে। কিছু আলোচনা 'বার্মোডা ট্রায়েঙ্গেল এবং দাজ্জাল' গ্রন্থেও করা হয়েছে। এখানে এ ব্যাপারে সংক্ষিপ্ত আকারে কয়েকটি কথা পেশ করবো। মু'তাযেলী চিন্তা চেতনার কিছু লোক ইমাম মাহদীর আগমনকে অস্বীকার করে। আর্থিক তাওয়াতুর এর পর্যায়ের হাদীসগুলোকে অস্বীকার করে তারা এই হটকারিতার উপর অটল যে, ইমাম মাহদীর ব্যাপারে কোনো সহীহ হাদীস নেই। গোটা উম্মতের চৌদ্দশত বছরের মুফাসসিরীন, মুহাদ্দিসীন, ফুকাহা এবং উলামা এক দিকে (যাদের আকীদা ইমাম মাহদীর আগমন হবে) আর তারা এক দিকে (যাদের আকীদা ইমাম মাহদী আসার নামও নেই)। অথচ আহলে সুন্নাত ওয়াল জামাতের ঐক্যবদ্ধ আকীদা হলো, ইমাম মাহদী আ. শেষ যামানায় আগমন করবেন। কুফফার এবং মুনাফিকদের সাথে কিতাল করে পৃথিবীতে ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করবেন। যা নবুওয়াতের পদ্ধতির উপর প্রতিষ্ঠিত থাকবে। ইসলামের দুশমনদের মধ্যে সেসব মুসলিম নামের প্রশাসকরাও শামিল থাকবে যারা নিজ নিজ দেশে ইসলামী হুকুমতের বিরোধী। ইসলামী হুকুমত কায়েম হলে তাদের হাত কাটা যাওয়া, তাদের স্ত্রীদেরকে প্রস্তরাঘাত করে হত্যা এবং তাদের সন্তানদেরকে মুসলিম হত্যার দায়ে ফাঁসিতে ঝুলানোর ভয় রয়েছে। আহলে সুন্নাত ওয়াল জামাতের মধ্যে ইমাম মাহদী এবং দাজ্জালের আগমণকে স্বীকার করা সত্ত্বেও তাদের ব্যাপারে মানুষের পৃথক পৃথক ব্যক্তিগত মত রয়েছে। কিছু লোক এই বিষয়কে গুরুত্ব দেয়। কিছু লোক এই বিষয়কে গুরুত্ব দিতে সম্পূর্ণ বিরোধী। অর্থাৎ যদি ফেতনাসমূহ, ইমাম মাহদী এবং দাজ্জালের বিলকুল আলোচনাই না করা হয়, তাহলে কিছু লোকের নিকট তা ভালো। কিন্তু যদি এই বিষয়টি আলোচনা করা অথবা লেখা শুরু করে, তাহলে তারা তা ভালো দৃষ্টিতে দেখে না। তাদের মধ্যে কিছু লোক ইমাম মাহদীর আলোচনার বিরোধীতা এ জন্য করে যে, এতে উম্মতের মধ্যে অলসতা এবং বিলাসীতা সৃষ্টি হয়। আমল করতে

আগ্রহী হয় না। মানুষ নিজে কিছু করার পরিবর্তে হাত পা গুটিয়ে ইমাম মাহদীর আগমনের অপেক্ষায় বসে যায়। এ কথা মনে করে যে, এখন যা কিছু করবে ইমাম মাহদী এসেই করবে। ইমাম মাহদীর আলোচনায় যদি এমন প্রভাব তৈরি হয় যে, মানুষ আমল করা থেকে বিরত হয়ে যায়, তাহলে নিশ্চয় এমন আলোচনার চেয়ে আলোচনা না হওয়া ভালো। কিন্তু যদি এই বিষয়ে লেখনে ওয়ালার উদ্দেশ্য উম্মতকে জাগ্রত করা, তাদের মধ্যে জিহাদের স্পৃহা তৈরি করা, কাফেরদের সাথে লড়াইয়ের সাহস পয়দা করা, হতাশা এবং নৈরাশ্য থেকে বের করে আনা এবং বিশ্বাসের মশাল জ্বালানো হয়, তাহলে এই আলোচনা তো এখন খুবই প্রয়োজন। এর বিরোধীতা করা বোধ শক্তির বাহিরে। তাছাড়া এই যুগে যদি কেউ এই বিষয়ে আলোচনা করে, তাহলে সেটা তো কোনো নতুন বিষয় নয়। প্রত্যেক যুগে সলফে সালেহীন এ বিষয়ে লিখেছেন। নিজ নিজ সময়ের চাহিদা অনুযায়ী ঘটনার তুলনাও দিয়েছেন।

দিল তোমার কাঁপছে কেনো, তুফান আসার ভয়ে? এক ভয়ঙ্কর তুফান যে জাতির দরজায় করাঘাত করছে, উত্তাল ঢেউ নিজের সাথে সবকিছু ভাসিয়ে নিয়ে যাওয়ার জন্য আছড়ে পরছে, এমন জাতি যদি সতর্কতা অবলম্বনের পরিবর্তে তুফানকেই অস্বীকার করতে শুরু করে, তাহলে তাদের পরিণতির ব্যাপারে কার সন্দেহ হতে পারে? এমন সময় যখন ইসলামী বিশ্ব, বিশেষ করে পাকিস্তানের মুসলমানরা নেহায়াতই স্পর্শকাতর মোড়ে দাঁড়িয়ে আছে, সেখানে মানুষকে সেই অবস্থা সম্পর্কে অবগত করা যদি আবেগী এবং বাড়াবাড়ি হয়, তাহলে উম্মতকে জাগানোর সময় ও পন্থা কী হবে? তুফানের আলামত দেখে তার আগমণ অস্বীকার করলে তুফান চলে যাবে? নাকি ঘরের বারান্দায় পৌছা সুনামির ঢেউ শুধু এজন্য চলে যাবে যে, আমরা কোনো প্রস্তুতি নেইনি? অথবা আমরা ঘুমিয়ে ছিলাম? আমাদের এই বাস্তবতা মেনে নেয়া উচিত যে, বিপদ বুঝে ঐক্যবদ্ধ ভাবে মুকাবেলার পরিবর্তে একা একা নিঃশেষ হয়ে যাওয়ার অভ্যাস করছি। প্রত্যেকেই জানে হকপন্থীদের সাথে কী করা হবে। কিন্তু আমরা নিজেদের অলসতা, কাপুরুষতা এবং বিলাসীতাকে ব্যাখ্যার (তাওয়ীল) লেবেল লাগিয়ে স্বপ্ন এবং খেয়ালের জগতে মগ্ন থাকতে চাই।

দিল তোমার কাঁপছে কেনো তুফান আসার ভয়ে,
নাকি (তোমার অবস্থা) তুমি খোদা, তুমি সাগর,
তুমিই কিসতি, তুমিই কুল হয়ে?

মোটকথা, ফেতনা, দাজ্জাল এবং ইমাম মাহদীর আলোচনার গুরুত্ব দেয়া হোক অথবা না দেয়া হোক, এ ক্ষেত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শ হলো, তিনি এ বিষয়টিকে খুবই গুরুত্ব দিয়েছেন। নিজের প্রিয় সাহাবায়ে কেরাম রা.কে বারবার স্মরণ করিয়ে দিয়েছেন। সাহাবায়ে কেরাম রা. এর পর তাবেঈ, তাবয়ে তাবেঈ, মুফাসসিরীন, মুহাদ্দিসীন, ফুকাহা এবং প্রত্যেক যুগের উলামায়ে কেরাম এই বিষয়ের উপর লেখা লেখি করে গেছেন।

ইমাম মাহদীর আগমণের কিছু নিদর্শন

ইবনে সিরীন রহ. বলেন, মাহদী ততদিন পর্যন্ত আসবেন না যতদিন পর্যন্ত প্রত্যেক নয়জনের মধ্যে একজনকে কতল করে দেয়া হবে।

-নুআঈম বিন হাম্মাদ এটি বর্ণনা করেন। আহমদ বিন শুঅবান বলেন এটিতে কোনো সমস্যা নেই।

আব্দুল্লাহ বিন আমর বিন আস রা. থেকে বর্ণিত 'আবি কুবাইস' পাহাড়ের উপর বিল্ডিং দেখে বললেন, হে মুজাহিদ! যখন তোমরা দেখবে মক্কার উভয় পাহাড়ের (আবি কুবাইস এবং কুআঈকাআন) উপর বিল্ডিং প্রকাশ পেয়েছে এবং তার রাস্তাগুলোতে পানি প্রবাহিত হয়েছে তখন হুঁশিয়ার হয়ে যাবে।

-এটি ইবনে হাজার রহ. 'আল ফাতহু' গ্রন্থে এবং আল ফাকেহী রহ. 'মক্কা' গ্রন্থে বর্ণনা করেন।

ফায়দাঃ- আবি কুবাইস পাহাড় সাফা এর উপরিভাগের একটি পাহাড়। যার উপরে থেকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চাঁদকে দু'টুকরো করেছিলেন। বর্তমানে এই পাহাড়ের উপর আলে সাউদ বাদশার প্রাসাদ বানানো হয়েছে। আর তার সামনের পাহাড়ের নাম কুআঈকাআন। অন্য এক বর্ণনা অনুযায়ী আবি কুবাইস এবং আহমার পাহাড় উদ্দেশ্য।

-মু'জামুল বুলদান।

ইয়ালা বিন আতা রহ. তার পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আব্দুল্লাহ বিন উমর রা. এর সাওয়ারীর থামানো ছিলো। তখন তিনি বললেন, যখন তোমরা দেখবে মক্কাতে পানির ঝর্ণাসমূহ (পাইপ লাইন) খনন করা হবে এবং বিল্ডিংসমূহ পাহাড়ের চূড়াতে উচু হতে থাকবে, তখন মনে করবে কিয়ামতের লেনাদেনা নিকটে এসে গেছে।

-মুসান্নাফে ইবনে আবি শায়বা।

ফায়দাঃ- মক্কা মুকাররামাতে পাইপ লাইনের মাধ্যমে সব জায়গাতে পানি পৌছিয়ে দেয়া হয়েছে। মক্কা মুকাররামার প্রত্যেক পাহাড়ের উপরও বিল্ডিং বানানো হয়েছে।

ইমাম মাহদী কোথায় থেকে বের হবেন?

সহীহ বর্ণনা থেকে জানা যায়, ইমাম মাহদী আ. বায়তুল্লাহতে প্রকাশ হবেন। অর্থাৎ শেষ যামানার মাহদী হিসেবে তাঁর হাতে হারাম শরীফে বায়আত নেয়া হবে। কিন্তু বের হওয়ার বিস্তারিত বর্ণনা সহীহ হাদীস থেকে পাওয়া যায় না। কিন্তু সলফে সালেহীন কিছু হাদীসের এই উদ্দেশ্য বর্ণনা করেছেন যে, বায়তুল্লাতে বায়আত নেয়ার আগে ইমাম মাহদী পূর্বদিকের দেশগুলোতে বের হবেন। আর তা হলো সেই হাদীস যাতে বলা হয়েছে, তোমাদের খাযানার পাশে তিনটি দল যুদ্ধ করবে। তিনজনই খলীফার ছেলে হবে।

সুতরাং আল্লামা ইবনে কাছীর রহ. এই বর্ণনার ভিত্তির ব্যাপারে বলেন, ইমাম মাহদী পূর্বদিকের দেশগুলো থেকে প্রকাশ পাবে। সামিরা গুহা থেকে প্রকাশ পাবে না, যেমনটি জাহেল রাফেযীরা ধারণা করছে। তাদের ধারণা, তিনি সেই গুহায় অবস্থান করছেন। শেষ যামানায় তারা তার বের হওয়ার অপেক্ষায় আছে। এটা তাদের কল্পনাপ্রসূত অবস্থা এবং চূড়ান্ত নৈরাশ্য।

এই পৃষ্টাতে একটু সামনে তিনি লেখেন, পূর্বদিগন্তের লোকেরা তার সঙ্গ দিবে এবং রক্ষনাবেক্ষন করবে। তার হুকুমত প্রতিষ্ঠা করবে এবং তাকে প্রতিষ্ঠিত করবে। তাদের পতাকাও কালো রঙ্গের হবে। কারণ, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ঝাণ্ডাও কালো ছিলো। যাকে 'আল

উকাব' বলা হতো। সারকথা হলো, ইমাম মাহদীর প্রকৃত প্রকাশ পূর্বদিকের দেশগুলোতে হবে এবং বায়আত নিবেন বায়তুল্লাতে। হাদীসের ভাষ্য এ ব্যাপারে সাক্ষি।

-আন নেহায়া ফিল ফিতান ওয়াল মালাহিম ১/৫৫-৫৬।

ইবনে কাছীর রহ. ছাড়াও নুআঈম বিন হাম্মাদ রহ. কয়েকটি বাণী 'আল ফিতান' গ্রন্থে উল্লেখ করেছেন। যেগুলোতে ইমাম মাহদী খুরাসান এবং কুফাতে থাকার আলোচনা পাওয়া যায়। কিন্তু সনদের দিক থেকে সেগুলো দূর্বল।

ইমাম মাহদীর সময়কাল

ইমাম মাহদী কতদিন হুকুমত পরিচালনা করবেন? এ ব্যাপারে সহীহ হাদীসে সাত অথবা নয় বছরের কথা উল্লেখ রয়েছে।

১. ততদিন কেয়ামত আসবে না, যতদিন আমার পরিবারভূক্ত একজন হুকুমত করবে। সে চওড়া কপাল ও খাড়া নাক বিশিষ্ট হবে। পৃথিবীকে আদল ও ইনসাফ দিয়ে ভরে দিবে, যেমন আগে তা জুলুম দ্বারা ভরপুর ছিলো। সে সাত বছর থাকবে।

-মুসনাদে আহমদ। মুসলিম শরীফের শর্ত অনুযায়ী এটি সহীহ। তবে সাত বছরের কথাটি ব্যতিত।

২. মুসতাদরাকে হাকিম এর বর্ণনাতে, তিনি সঠিক ভাবে মাল দিবেন, দ্রুত হাটবেন এবং উম্মতকে সম্মানিত করবেন। তিনি সাত অথবা আট বছর অর্থাৎ কাছাকাছি সময় অবস্থান করবেন।

-হাকিম রহ. এটিকে সহিহ সনদ বিশিষ্ট বলেছেন। হাফেজ যাহাবী রহ. তাকে সত্যায়ন করেছেন।

এই হাদীসে সাত থেকে নয় বছর ইমাম মাহদীর সময়কাল বর্ণনা করা হয়েছে।

৩. আমার উম্মতের মধ্যে মাহদী হবেন। যদি কম সময় অবস্থান করেন, তাহলে সাত অথবা আট অথবা নয় বছর।

-তিবরানী ফিল আওসাত, তার বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য, মাজমাউয যাওয়াইদ।

৪. নিশ্চয় আমার উম্মতের মধ্যে মাহদী হবেন। তিনি পাঁচ বছর জীবিত থাকবেন। অথবা সাত অথবা নয়।

-তিরমিযী শরীফ, আলবানী বলেন, এটি হাসান (উত্তম)।

৫. আমার উম্মতের মধ্যে মাহদী হবেন। কমপক্ষে সাত অথবা নয় বেঁচে থাকবেন।

-ইবনে মাজাহ, মুসতাদরাকে হাকিম, আলবানী বলেন এটি হাসান।

৬. খলীফার মৃত্যুর সময় মতানৈক্য হবে। পৃথিবীতে ইসলাম শক্তিশালী এবং প্রতিষ্ঠিত হবে। সুতরাং মানুষ এমতাবস্থায় সাত বছর অতিবাহিত করবে অথবা নয় বছর বলেছেন।

-তিবরানী ফিল আওসাত, এর বর্ণনাকারীগণ সহীহ হাদীসের বর্ণনাকারীদের মতই, মাজমাউয যাওয়াইদ, মুসনাদে আবু ইয়ালা হাদীস নং-৬৯৪০।

ইমাম মাহদীর দোস্ত

মুহাম্মদ বিন হানাফিয়্যা রহ. বলেন, আমরা আলী রা. এর নিকট ছিলাম। এক ব্যক্তি তাঁকে মাহদীর ব্যাপারে প্রশ্ন করলো। তিনি বললেন, হায় আফসোস! তারপর তিনি নিজের হাতে বন্ধুত্বের চিত্র বানালেন। তারপর বললেন, তিনি শেষ যামানায় আসবেন। যখন মানুষ আল্লাহ আল্লাহ বললে কতল করে দেয়া হবে। সুতরাং আল্লাহ তা'আলা তাঁর সাথে এমন লোক একিত্রত করবেন, যারা মেঘমালার মতো বিক্ষিপ্ত হবে। আল্লাহ তা'আলা তাঁদের অন্তরে মহব্বত পয়দা করে দিবেন। তাঁরা কাউকে পর মনে করবে না। কারো উপর রাগান্বিতও হবে না। তাদের মধ্যে বদরের সমানসংখ্যক লোক শামিল হবে। তাঁদের আগের লোকেরাও মর্যাদায় তাঁদের সমান হতে পারবে না, তাঁদের পরের লোকেরাও তাঁদের সমান হতে পারবে না। তাঁরা তালুতের সাথীদের সমান হবেন। যাদেরকে নিয়ে তালুত নদী পার হয়েছিলেন। আবু তুফাইল বলেন, ইবনে হানাফিয়্যাহ জানতে চাইলেন আপনি কি তাঁদেরকে চান? আমি বললাম, হ্যাঁ।

-এটি ইমাম হাকিম রহ. মুসতাদরাকে বর্ণনা করেন এবং বলেন, এটি শায়খায়নের (বুখারী ও মুসলিম) শর্ত অনুযায়ী সহীহ। ইমাম যাহাবী রহ.ও এ ব্যাপারে একমত পোষন করেছেন।

ইমাম মাহদীর ব্যাপারে কিছু প্রশ্ন

ইমাম মাহদী এবং দাজ্জালের ব্যাপারে হাদীসসমূহ অধ্যয়ন করার পর পাঠকদের অন্তরে কিছু প্রশ্ন জন্ম নেয়। যেমন,

১. সহীহ হাদীসে এসেছে, ইমাম মাহদীর যুগে মুসলমান খুব ভালো অবস্থায় থাকবে। তিনি মানুষদের মধ্যে মুষ্ঠি ভরে ভরে ধন বন্টন করবেন। অথচ সহীহ হাদীসে এ কথাও আছে যে, দাজ্জালের সময় দুনিয়ার সকল মাধ্যম দাজ্জালের হাতে থাকবে। যে তার কথা মেনে নিবে তাকে তার জান্নাত দিবে। আর যে তার কথা মানবে না তাকে জাহান্নামে ফেলে দিবে। নিজের দুশমনদের ফসল, পশু এবং মাল ধ্বংস করে দিবে। বৃষ্টি বন্ধ করে দিবে। যমীন বাঁজা হয়ে যাবে। বাহ্যিক দৃষ্টিতে এ'দুটি কথার মধ্যে বৈপরিত্য মনে হচ্ছে।

